বরিন্দ্ অঞ্চলের

ভাষা
ও
শব্দকোষ

অধীর কুমার সরকার

মীর রেজাউল করিম

বরিন্দ্ অঞ্চলের ভাষা ও শব্দকোষ

অধীর কুমার সরকার
মীর রেজাউল করিম

বঙ্গীয় সাহিত্য সংসদ
৬/২ রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা : ৭০০০০৯

বরিন্দ্ অঞ্চলের কথ্যভাষা ও শব্দকে যিনি
প্রথম গ্রন্থবদ্ধ করেছিলেন
সেই প্রাতঃস্মরণীয় ভাষাপ্রেমী
উইলিয়াম কেরী-র
পুণ্যস্মৃতির উদ্দেশ্যে

Barind Anchaler Bhasa O Sabdakosh, Vocabulary and Language of the Barind of Malda District *by* Adhir Kumar Sarkar and Mir Rejaul Karim, Published by Debasis Bhattacharjee, Bangiya Sahitya Samsad, 6/2 Ramanath Majumder Street. Kolkata-700 009, December-2012, Rs. 150.00

প্রথম প্রকাশ
বড়দিন, ২০১২

প্রকাশক
দেবাশিস ভট্টাচার্য
বঙ্গীয় সাহিত্য সংসদ
৬/২, রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা : ৭০০০০৯

প্রচ্ছদ শিল্পী
নিখিলেশ রায়

অক্ষর বিন্যাস
শালিনী ডটস্
১৯/এইচ/এইচ গোয়াবাগান স্ট্রিট
কলকাতা : ৭০০০০৬

মুদ্রণ
শান্তি মুদ্রণ
কলকাতা : ৭০০ ০০৯

ISBN : 978-93-82012-85-6

মূল্য : একশো পঞ্চাশ টাকা

ভূমিকা

বাংলা উপভাষাতত্ত্বের আলোচনার সূত্রপাতই হয়েছিল ঔপভাষিক শব্দ সংগ্রহ তথা অভিধান সংকলনের মধ্য দিয়ে এবং বিদেশিরাই তা শুরু করেন। এ ব্যাপারে সর্বাগ্রে যাঁর নাম করতে হয় তিনি হলেন পোর্তুগিজ ধর্মযাজক মনোএল দা আসসুম্পসাঁও। তিনি বাংলাদেশের ঢাকা জেলার ভাওয়াল পরগনার শব্দ সংগ্রহ করে রচনা করেন Vocabulario Em Idioma Bengalla, E Portuguez : Dividido em duas Partes (১৭৪৩), বা বাংলা-পোর্তুগিজ শব্দ সংগ্রহ। বাংলাদেশে উপভাষা সংগ্রহের যাত্রা শুরু হয় এই গ্রন্থটি সংকলনের মধ্যদিয়ে। মূল গ্রন্থটিতে রয়েছে ৩০২ পৃষ্ঠা; এর মধ্যে ব্যাকরণাংশ ৪০ পৃষ্ঠা এবং ২৬২ পৃষ্ঠা জুড়ে রয়েছে বাংলা- পোর্তুগিজ ও পোর্তুগিজ-বাংলা শব্দ সংগ্রহ। বাংলা ভাষার অভিধান সংকলনের প্রাথমিক পর্বে আরও বিশিষ্ট কয়েকজন সংকলক রয়েছেন। যেমন—হেনরি পিট্স ফরস্টার (A Vocabulary, in Two Parts, English and Bongalee, and Vice Versa, ১৭৯৯), উইলিয়াম কেরী (A Dictionary of the Bengalee Language, in which the words are traced to their origin, and their various meanings given, ১৮১৫), গ্রেভস চেম্বার্স হটন (A Dictionary, Bengali and Sanskrit, explained in English and adapted for students of either language, to which is added an index, serving as a reserved dictionary, ১৮৩৩) প্রমুখ। হটন সাহেব তাঁর অভিধানে সংস্কৃত ও দৈনন্দিন জীবনে ব্যবহৃত উভয় শ্রেণির শব্দই সংকলন করেছেন। শুধু তাই নয় তিনি বিপুল পরিমাণে আরবি-ফারসি শব্দ এবং শব্দগুলির পদ পরিচয়, ব্যুৎপত্তি সহ রূপতত্ত্বের বর্ণনা দিয়েছেন।

প্রাথমিক পর্বে যে বাঙালি পণ্ডিতগণের মধ্যে অভিধান সংকলনের প্রচেষ্টা লক্ষ করা যায়, তাঁরা হলেন—পীতাম্বর মুখোপাধ্যায় (১৮০৯), মোহনপ্রসাদ ঠাকুর (১৮১০), তারাচাঁদ চক্রবর্তী (১৮২৭), রামকমল সেন (১৮৩৪), শ্যামাচরণ চট্টোপাধ্যায় (১৮৬৪) প্রমুখ। রামকমল সেনের অভিধান সংকলনটি হল Dictionary, English and Bengalee (১৮৩৪)। তিনি মূলত টড সম্পাদিত জনসনের ইংরেজি অভিধানের উপর ভিত্তি করে বাংলা প্রতিশব্দ সাফল্যের সঙ্গে রচনা করেন। শ্যামাচরণ চট্টোপাধ্যায় তাঁর 'শব্দদীধিতি অভিধান' (১৮৬৪) গ্রন্থটিতে সংস্কৃত রীতি অনুসরণ করেছেন।

এপর্যন্ত শব্দ সংগ্রহের মধ্য দিয়ে অভিধান রচনার যে ধারাবাহিকতা লক্ষ করা যায় তা প্রথাগত একটি প্রচেষ্টা মাত্র। মনোএল দা আসসুম্পসাঁও বর্তমান বাংলাদেশের ভাওয়াল পরগনার আঞ্চলিক শব্দ সংগ্রহ করার মধ্য দিয়ে গ্রন্থ রচনায় মনোনিবেশ করেছিলেন ঠিকই, কিন্তু একটি ভাষার উপভাষা আলোচনার ইঙ্গিত সেখানে অস্পষ্ট। গ্রন্থটিতে উপভাষা আলোচনায় ভাষাবিজ্ঞানের পদ্ধতি অনুসৃত হয়নি, সম্ভবও নয়। এ দেশে উপভাষা আলোচনার প্রকৃত সূত্রপাত করেন জর্জ আব্রাহাম গ্রীয়ারসন। ভাষা সমীক্ষার দ্বিতীয় পর্বে তিনি তাঁর Linguistic Survey of India (১৯০৩) গ্রন্থে ভারতবর্ষে প্রচলিত ভাষাগুলির বিভিন্ন আঞ্চলিক রূপের নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ করেন। এ বিষয়ে তিনি বাইবেলের 'অপব্যয়ী পুত্রের কাহিনী'টি মূল

কোটালি পাড়ার গ্রাম্যশব্দ', বিজনবিহারী ভট্টাচার্যের 'মেদিনীপুরের উচ্চারণ', গোপাল হালদারের নোয়াখালি-চট্টগ্রামের উপভাষা', রফিকুল ইসলামের Introduction to Eastern Bengali Dialects, আবুল কালাম মনজুর মোরশেদের A Study of Standard Bengali and the Noakhali Dialect, পৃথ্বীন্দ্রনাথ চক্রবর্তীর 'বীরভূমের উপভাষা', অনিমেষ কান্তি পালের 'পূর্ববঙ্গের একটি কথ্যভাষা : ঢাকাই', সত্যনারায়ণ দাশের 'বীরভূমের ভাষা ও শব্দকোষ' ইত্যাদি। সাম্প্রতিক কালে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে গবেষণার সূত্রে, নানা ধরনের গবেষণা প্রকল্পে উপভাষা বিশ্লেষণের একটি বলিষ্ঠ প্রবণতা লক্ষ করা যাচ্ছে।

বাংলা উপভাষাগুলিকে সুনীতিকুমার চট্টোপাধ্যায় প্রাচীন বঙ্গের নাম অনুসারে রাঢ় উপভাষা, বরেন্দ্র উপভাষা, বঙ্গ উপভাষা, এবং কামরূপ উপভাষা—এই চারটি ভাষিক অঞ্চলে বিভাজিত করেছেন। সুকুমার সেন এই শ্রেণিবিন্যাসকে আর একটু সম্প্রসারিত করে বাংলা ভাষার উপভাষাগুলিকে রাঢ়ী (মধ্য পশ্চিম বঙ্গের উপভাষা), ঝাড়খণ্ডী (দক্ষিণ-পশ্চিম প্রান্তের উপভাষা), বরেন্দ্রী (উত্তরবঙ্গের উপভাষা), বঙ্গালী (পূর্ব ও দক্ষিণ-পূর্ববঙ্গের উপভাষা) এবং কামরূপী (উত্তর ও উত্তর-পূর্ববঙ্গের উপভাষা) ইত্যাদি ভাগে বিভাজিত করেছেন। ঔপভাষিক দৃষ্টিকোণ থেকে বিভক্ত কথ্য বাংলার এই পাঁচটি ভাগের কিছু স্বতন্ত্র আঞ্চলিক বৈশিষ্ট্যের পরিচয় ভাষাবিদগণ দিয়েছেন। কিন্তু সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক পরিবর্তনের সঙ্গে খাপ খাওয়ানোর তাগিদে তথা পাশাপাশি সহাবস্থান ও জীবন-জীবিকার প্রয়োজনে ঐ আঞ্চলিক বৈশিষ্ট্যগুলির অনেক পরিবর্তন হয়েছে। একটি ভাষিক অঞ্চলে ভাষা ব্যবহারের পার্থক্য শুধুমাত্র নির্দিষ্ট ভূখণ্ডের সীমারেখা নয়, সামাজিক কারণেও একই স্থানের উচ্চশ্রেণির হিন্দু, নিম্নশ্রেণির হিন্দু, মুসলিম এবং অনেক ক্ষেত্রে জাতিগত পার্থক্যের জন্যও ভাষা ব্যবহারগত পার্থক্য লক্ষ করা যায়। আবার রাজনৈতিক কারণে বা জীবিকার সন্ধানে এক বাচক গোষ্ঠী অন্য বাচক গোষ্ঠীর ভাষিক অঞ্চলে দীর্ঘ দিন পাশাপাশি সহাবস্থান এবং ভিন্ন বাচক গোষ্ঠীর মধ্যে বৈবাহিক সম্পর্ক স্থাপন, এমনকি পেশাগত প্রভেদের কারণেও ভাষার মধ্যে মিশ্র প্রভেদ লক্ষ করা যায়। তাই উপভাষাগুলির সব পর্যায়ে আলোচনা করার পরিসর রয়েছে। এ প্রসঙ্গে সুকুমার সেনের উক্তিটি বিশেষভাবে মনে করা যেতে পারে। "তন্নতন্ন করিয়া বাঙ্গালা উপভাষার ভৌগোলিক জরিপ (Dialect Geography) এখনও প্রস্তুত হয় নাই।"

রবীন্দ্রনাথও ঔপভাষিক শব্দ সংগ্রহের উপর জোর দেওয়ার কথা বলেছিলেন। শব্দ ব্যবহারের মধ্য দিয়েই বাচক গোষ্ঠীর একটি পরিচয় পাওয়া সম্ভব। মালদহ জেলার বরিন্দ্ অঞ্চলের উপভাষা আলোচনার ক্ষেত্রে তাই বিভিন্ন জন-গোষ্ঠীর মধ্যে প্রচলিত কথ্যভাষার শব্দ সম্পদের উপর জোর দেওয়া হয়েছে। পুথি কেন্দ্রিক নয়, লোক মুখে প্রচলিত শব্দই শব্দ সংগ্রহের পাথেয় মনে করেছি। শব্দ সংগ্রহ এবং বিশ্লেষণে দেখা গেছে বরিন্দ্ অঞ্চলে বসবাসকারী বাংলা ভাষী জনগোষ্ঠীর শব্দভাণ্ডারে তদ্ভব সংখ্যার আধিক্য যেমন রয়েছে, তেমনি আবার এমন কিছু বিদেশি আগন্তুক শব্দ প্রচলিত রয়েছে যা মান্য চলিত বাংলায় অপ্রচলিত। তাছাড়া অঞ্চলটিতে বেশ কিছু পালি-প্রাকৃত শব্দ এবং প্রাচীন বাংলার বিভিন্ন শব্দ হুবহু প্রচলিত রয়েছে। এ প্রসঙ্গে বাংলা উপভাষাগুলির উদ্ভব সম্পর্কে সুনীতিকুমার

পাঠ হিসেবে ধরে মোট ২৩১টি ভাষা এবং ৭৭৪টি উপভাষা এলাকা জরিপ করে কথ্যভাষায় নমুনা সংগ্রহ এবং ভারতবর্ষের উপভাষাগুলির শ্রেণিকরণ করেন। ভাষা সমীক্ষার বৃহৎ প্রচেষ্টায় প্রস্তুত এই গ্রন্থের ৫ম খণ্ডের ১ম ভাগে বাংলা ও অসমীয়া ভাষার বিভিন্ন আঞ্চলিক রূপ স্থান পায়। তিনি বাংলা ভাষার উপভাষাগুলিকে দুটি প্রধান শাখায় ভাগ করে ছেন—পাশ্চাত্য এবং প্রাচ্য। পরবর্তীতে এগুলিকে নানা উপশাখায় বিভক্ত করেন।

কিন্তু বাংলা ভাষার সম্পূর্ণ রূপ প্রকাশের জন্য গ্রাম্যশব্দ সংগ্রহের ওপর জোর দেবার কথা ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় বিশেষ ভাবে স্মরণ করিয়ে দিয়েছেন। এ প্রসঙ্গে তিনি 'বঙ্গীয়-সাহিত্য-পরিষদে'র উপভাষা সংকলন অভিযানের ভূয়সী প্রশংসা করে গ্রাম্যশব্দ সংগ্রহের সপক্ষে বেশ কিছু মূল্যবান প্রস্তাব রাখেন। তাঁর মতে "গ্রাম্যশব্দ-সংকলন বঙ্গীয়-সাহিত্য-পরিষদের মুখ্য কর্মগুলির অন্যতম। বাঙ্গালা ভাষার সম্পূর্ণ অভিধান প্রস্তুত করিতে হইলে কেবল সাহিত্যে ব্যবহৃত শব্দের দিকে দৃষ্টি রাখিলে চলিবে না। আমাদের দৈনন্দিন জীবনে, বিশেষতঃ পল্লীসমাজে প্রচলিত শব্দনিচয়কেও গ্রহণ করিতে হইবে।" এ প্রসঙ্গে তিনি জর্জ আব্রাহাম গ্রীয়ারসনের Bihar Peasant Life (১৮৮৫) গ্রন্থটিকে ভাষা সংগ্রাহকদের পথপ্রদর্শক হতে পারে ব লে মনে করেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ প্রকাশিত রবীউদ্দীন আহ্‌মদের মুর্শিদাবাদ জেলায় ভরতপুর থানার অন্তর্ভুক্ত গীতগ্রাম ও তার চারপার্শ্বের পল্লীজীবনের 'শব্দসংগ্রহ' (১৩৩৩) এ বিষয়ে একটি উল্লেখযোগ্য সংগ্রহ।

উপভাষা শব্দসংগ্রহ ও আলোচনার বিস্তার ঘটেছে মুহম্মদ শহীদুল্লাহ্-র সম্পাদনায় 'বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান' (১৯৬৫) সংকলনের মধ্যদিয়ে। মোট ৪৫৩ জন সংগ্রাহক এই বৃহৎ কর্মযজ্ঞে নিযুক্ত হয়েছিলেন। এঁদের মধ্যে ছিলেন অর্ধাংশ অধ্যাপক ও শিক্ষক, এক চতুর্থাংশ ছাত্র এবং এক চতুর্থাংশ বিভিন্ন কর্মজীবী। ১৯৫৮ খ্রিষ্টাব্দে আঞ্চলিক ভাষা ও শব্দসংগ্রহের কাজ শুরু হয়। সংগ্রাহকগণ তিন বৎসরে ৭৫১টি কিস্তিতে মোট ১,৬৬,২৪৬টি আঞ্চলিক শব্দ সংগ্রহ করেন। সংগৃহীত শব্দের সঠিক উচ্চারণ ও বানান নির্ধারণে মুহম্মদ শহীদুল্লাহ্-র সভাপতিত্বে ১৭টি আলোচনাসভা করা হয় এবং ১৩৭২ বঙ্গাব্দে বা ১৯৬৫ খ্রিষ্টাব্দে গ্রন্থটি প্রথম প্রকাশিত হয়। গ্রন্থটির ভূমিকাতে সংক্ষিপ্ত পরিসরে বাংলা ভাষার আঞ্চলিক বিভাগগুলি ও সেইসব বিভাগে কথ্যভাষার ধ্বনিতত্ত্ব ও রূপতত্ত্বের আলোচনা স্থান পেয়েছে। গ্রন্থটির প্রসঙ্গ কথায় প্রাথমিক পর্বে বাংলা শব্দসংগ্রহ তথা অভিধান প্রণয়ন সম্পর্কে বলা হয়েছে বিদেশি পণ্ডিতদের দ্বারা সংগৃহীত সংকলন গুলিতে যেভাবে আঞ্চলিক শব্দ বা বাক্‌রীতি আদর্শ অক্ষুণ্ণ রয়েছে পরবর্তী কালের সংগ্রাহকগণ তা এড়িয়ে গেছেন। আঞ্চলিক শব্দসম্পদকে তাঁরা অসাধু বলে পরিত্যাগ করেছেন। বরং অপ্রচলিত সংস্কৃত শব্দের প্রতি তাঁরা বেশি পরিমাণে আকৃষ্ট হয়েছেন এবং বহু প্রচলিত বেশ কিছু আরবি-ফারসি শব্দও পরিত্যক্ত হয়েছে। তাই স্বাভাবিক কারণে বহু আঞ্চলিক শব্দ সাহিত্য জগৎ থেকে নির্বাসিত হয়েছে।

উপভাষার তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ কেন্দ্রিক উভয় বাংলায় বেশকিছু গবেষণা ও নিবন্ধের নিদর্শন রয়েছে। যেমন—চিন্তাহরণ চক্রবর্তীর 'নদীয়ার উপভাষা', 'ফরিদপুর

মালদহ জেলা ও বরিন্দ্ অঞ্চল

জেলা মালদহের পরিচয় : মালদহ জেলার নামকরণের উৎস সম্পর্কে কয়েকটি মত প্রচলিত রয়েছে। অনেকে এই জেলাটির নামকরণের সঙ্গে 'মালদ' বা বর্তমানের মালপাহাড়ি জাতির অবস্থান জনিত কারণকে তুলে ধরতে চান। কিন্তু এরকম মতের সপক্ষে বিশেষ কোনো নথিপত্র বা তথ্য পাওয়া যায়না। তবে আরবি শব্দ 'মাল' থেকে যে মালদহ নামের উৎপত্তি এর সপক্ষে কিছু তথ্য পাওয়া যায়। আরবি ভাষায় 'মাল' শব্দের অর্থ হল ধন বা ধনসম্পদ। এই মাল শব্দটির সঙ্গে আঞ্চলিক শব্দ 'দহ'<হ্রদ (অতি গভীর জলাশয়) যুক্ত হয়ে 'মালদহ' নামের উৎপত্তি হতে পারে। জানা যায় এক সময় নদী পথ দিয়ে এই জেলার সঙ্গে বিভিন্ন দেশের ব্যবসা-বাণিজ্য চলত এবং সেই বাণিজ্যকেন্দ্রটি গড়ে উঠেছিল বর্তমানের পুরাতন মালদহকে কেন্দ্র করে। আবুল ফজল তাঁর 'আইন-ই-আকবরী'তে 'মালদহ' শব্দটি ব্যবহার করেছেন। পরবর্তীকালে জেলাটি যখন সরকারীভাবে গঠিত হয়, তখন বর্তমানের পুরাতন মালদহকে কেন্দ্র করেই জেলাটি নামকরণ করা হয় 'মালদহ' বা 'মালদা'। মালদহ জেলার অনেক স্থানের নামের সঙ্গে 'দহ' শব্দটি জড়িয়ে আছে। যেমন—বুড়িদহ (গাজোল থানা), কুপাদহ, বোকাদহ, খুটাদহ, নন্দিনাদহ (বামনগোলা থানা), শালদহ, চাপদহ, বিলদহ, মশালদহ (হরিশ্চন্দ্রপুর থানা)।

বর্তমানে যে অঞ্চলটি মালদহ জেলা নামে পরিচিত তা যে প্রাচীন গৌড় জনপদেরই অন্তর্ভুক্ত সে সম্পর্কে কোনও দ্বিমত নেই। গৌড় এক সময় সারা বাংলার রাজধানী ছিল তা আমরা সবাই জানি। প্রাচীন মালদহে দুটি বড় নগর ছিল—গৌড় এবং পাণ্ডুয়া (যার প্রাচীন নাম পুন্ড্রবর্ধন)। তবে তখন মালদহের নাম মালদহ ছিলনা। কারণ 'মালদহ' শব্দটি মুসলিম শাসনকালেই প্রথম ব্যবহৃত হয়। স্থান নাম হিসেবে এর বয়স যাই হোক জেলা হিসেবে মালদহের জন্ম হয় ১৮১৩ খ্রিষ্টাব্দে।

মালদহ জেলাটি ভৌগোলিক দিক থেকে তিনটি অঞ্চলে বিভক্ত। মহানন্দা নদীর পূর্ব তীরে বরিন্দ্ অঞ্চল, পশ্চিম তীরে কালিন্দী নদীর উত্তরাংশ এবং গঙ্গা নদীর পূর্বাংশ টাল অঞ্চল এবং কালিন্দী নদীর দক্ষিণ অংশ থেকে গঙ্গা নদী পর্যন্ত দিয়ারা অঞ্চল।

মালদহ জেলার সব থেকে প্রাচীন অংশের নাম বরেন্দ্র ভূমি। ১৯১৮ খ্রিষ্টাব্দে G.E. Lambourn মালদহ জেলার এই অঞ্চলটি সম্বন্ধে উল্লেখ করেছেন, The river Mahananda flowing north and south roughly divides by the district into two equal parts, corresponding by local tradition to the old boundry line of the Rarh and Barendra. To this day the country to the east of the Mahananda is called the *barind.* তিনি এই অঞ্চলের ভূ-প্রকৃতি সম্পর্কে উল্লেখ করেছেন, Its characteristic feature is the relatively high land of the red clay soil of the old alluvium, রাজশাহী অঞ্চলের আঞ্চলিক ভাষায় 'বরিন্দ' শব্দটির অর্থ 'টাকা রাখিবার তহবিল'। অনেকে প্রাচীন গৌড়কে, কেউ বা মহানন্দার

চট্টোপাধ্যায়ের মত বিশেষ ভাবে স্মরণ করা যেতে পারে। তাঁর মত ছিল, বাংলা উপভাষাগুলি কোনো একটি প্রাচীন রূপ থেকে উদ্ভুত নয়, বরং মাগধী-অপভ্রংশের বিভিন্ন আঞ্চলিক রূপ থেকে বিবর্তিত। তাঁর মত হল, "The Bengali dialacts cannot be referred to a single primitive Bengali speach, but they are derived from various local forms of late Magadhi Apabhransa, which developed some common characteristics that may be called Pan-Bengali...The Pan-Bengali features link the dialects together as members of a single group, and enable them to be attached to a composite literary language as a matter of course. Taking this Pan-Bengali basis, a Proto-Bengali or old Bengali stage can for practical purpose be postulated in the history of the dialects, or in mass, in the history of the Bengali language. Dialectal pecularities, as much as common characteristics, were developed independently in the various dialects, apert from those cases where mutual influence is plainly visible (O.D.B.L., 1926/70,P-140-41)"

উপভাষা ও সমাজ-ভাষাবিজ্ঞানের বিভিন্ন বিষয়ে গবেষণা ও কৌতূহল বর্তমান কালে বেড়েই চলেছে। এর জন্য ঔপভাষিক শব্দসংগ্রহ বর্তমান প্রেক্ষিতে বিশেষ তাৎপর্যপূর্ণ। সমগ্র বাংলা উপভাষার শব্দ সংগ্রহের মতো বৃহৎ কর্ম সম্পাদনা একক প্রচেষ্টায় অসম্ভব। এখানে সেই প্রচেষ্টারই এটি ক্ষুদ্র উদ্যোগকে সামনে রেখে এই আঞ্চলিক শব্দসংগ্রহের পরিকল্পনা। তবে তা যে শুধু নির্দিষ্ট অঞ্চলেই সীমাবদ্ধ থাকবে না, সে বিশ্বাস আছে। কারণ অঞ্চলটিতে প্রচলিত রয়েছে এমন শব্দ যা শুধু এ বঙ্গে নয়, ওপার বাংলাতেও সমান্তরালভাবে প্রচলিত। কেননা বরিন্দ্ অঞ্চলে ওপার বাংলার অভিবাসিত জনগোষ্ঠীর বসবাসও রয়েছে। বলা বাহুল্য ভাষা প্রবহমান নদীর মতো, যার ফলে অতীতের ভাষা সমীক্ষা শেষ কথা নয়। ঔপভাষিক শব্দসংগ্রহটিতে বরিন্দ্ অঞ্চলের বর্তমান বাক্-প্রবণতার একটি চিত্র তুলে ধরা হয়েছে। এর ফলে ভাষাতত্ত্বের আগ্রহী ছাত্র ও গবেষকগণের মতো বাংলা ভাষাকে যাঁরা ভালোবাসেন তাঁদেরও বিভিন্ন কৌতূহল নিবৃত হবে বলে আশা রাখি। তাই ঔপভাষিক শব্দসংগ্রহটি আগামী গবেষকদের নতুন পথের দিশা দিতে পারে বলে আমাদের বিশ্বাস।

পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি ব্যবহৃত বানান-বিধি এখানে মান্য করা হয়েছে। কথ্যভাষার বানান যথাসম্ভব উচ্চারণ অনুযায়ী রাখা হয়েছে।

মালদহ

বড়দিন, ২০১২

অধীর কুমার সরকার

মীর রেজাউল করিম

the sub-dialect spoken by the Koch and is its special point of difference." ভৌগোলিক দিক থেকে মালদহ জেলাটি যেমন টাল, দিয়ারা ও বরিন্দ্ অঞ্চলে বিভক্ত, জেলার ভাষিক অঞ্চলকেও তেমনি তিন ভাগে ভাগ করা যায়। পুরাতন মালদহ, গাজোল, বামনগোলা ও হবিবপুর ব্লকের ভাষিক অঞ্চলটি বরিন্দ্ অঞ্চলের অন্তর্গত। স্বাধীনতার পরবর্তী সময়ে প্রতিবেশী বাংলাদেশ থেকে বেশ কিছু মানুষকে এখানে অভিবাসিত হতে হয়েছে। সমগ্র পশ্চিমবঙ্গেই এর কম-বেশি প্রভাব লক্ষ করা যায় এবং এর ফলে একটি মিশ্র বাক্‌রীতি বিশেষভাবে গড়ে উঠেছে। বরিন্দ্ অঞ্চলে বসবাসকারী বাংলাভাষী জমসমষ্টিকে দুটি ভাগে ভাগ করা যায়। একটি স্থানীয়, অপরটি অভিবাসিত। কথ্যভাষার আলোচনায় স্থানীয়দের আবার দুটি উপবিভাগে ভাগ করা হয়। স্থানীয় বাচকগোষ্ঠীর মধ্যে রয়েছে হিন্দু এবং মুসলিম সম্প্রদায়, যাঁরা দীর্ঘদিন যাবৎ পাশাপাশি সহাবস্থান করছেন। বাংলাদেশের ফরিদপুর, ময়মনসিংহ, পাবনা, বরিশাল, টাংগাইল, রাজশাহী ইত্যাদি অঞ্চল থেকে আসা অভিবাসিত বাচকগোষ্ঠীর কথ্যভাষায় তাঁদের পূর্বের অঞ্চলের কিছু বৈশিষ্ট্য বর্তমান। এইভাবে বরিন্দ্ অঞ্চলের কথ্যভাষা স্বকীয় বৈশিষ্ট্যে উন্নীত হয়েছে।

স্বরধ্বনি	রূপিমের আদিতে	রূপিমের মধ্যে	রূপিমের অন্তে
/অ্যা/ স্বা	অ্যাত্তোকোনা, অ্যাল অ্যাশ্‌কা, অ্যাখোনকা।	দ্যাওর, ব্যাক্কা, ত্যাল, ছ্যান্দা, ব্যাতাল। প্যাট, শ্যাশ্‌	হাট্যা, তাল্যা।
অভি	অ্যাপোট্‌ অ্যাগেনা অ্যাশাড়, অ্যালা।	ত্যাল্‌, শ্যাশ্‌, ক্যাদা, গ্যাদ্যা, ব্যাহা।	কুচ্‌কুচ্যা, কাশ্যা, ফেইক্যা, জাইল্যা, বাইন্দ্যা, আইলা।
/আ/ স্বা	আনাধুন, আচ্‌কা, আল্‌লা, আজ্‌লা, আড়িয়া।	গোয়াল, ছোয়াল, মাহাজন, শলাই।	পাঝিয়া, মাঝিয়া, খাটাইয়া খাইয়া, মাশুয়া, হাশুয়া, গুয়া।
অভি	আডানা, আদমগা, আড়ু, আওনে, আহা, আহাম।	ব্যাতাল, প্যাচাল।	মাইয়া, মাইঝা, পাইয়া, শুইতা, হুইনা।
/অ/ স্বা	অমরা, অরা, অশ্‌মার, অর।	তর, ফন, তয়লা।	এডিঅ, বিডিঅ, থাকিঅ বশিঅ, খাইঅ।
অভি	অকৈতা, অগিন-অগিন অক্কত, অটল্‌শা।	দ্যাখশ, থাকশ, করশ, কেম্‌অন, ন্যাঅন, তহন।	থাক্‌অ, দ্যাখঅ, কর্‌অ, ধর্‌অ।
/ও/ স্বা	ওন্দি, ওশুন, ওলা, ওন্না, ওঠিকোনা।	দ্যাওর, শাওন, ন্যাওয়া দ্যাওয়া, ন্যাওল, ওত্তি, ওশত্‌।	শাতাও, তাও, মাও, পাও, গাও, ছাও, নাও, আও।
অভি	ওল্‌লা, ওরা, ওলদি।	আওনে, বোড়াই কড়োই।	ছও, ঘাও, বাও কও, বও, গাও, পাও।
/উ/ স্বা	উরাশ, উখুড়া, উদিশ, উরমল, উটকা।	উকাশ,নাউয়া, কাউয়া, ঘাউয়া, মাউরিয়া।	ঘিউ, জিউ, আউ, কাউ-মাউহাউ।
অভি	উংগানি, উহুন, উশাই।	খাউকা, মাউই, উত্তার, খাউজা, হাউরি, খেউরি, শাউগা।	খামু, জামু, দিমু।

১. স্বরধ্বনি: উচ্চারণ প্রবণতা ও পরিবর্তন

মালদহ জেলার বরিন্দ্‌ অঞ্চলে বসবাসকারী বাংলাভাষি বাচকগোষ্ঠীর কথ্যভাষায় ব্যবহৃত মৌখিক স্বরধ্বনিগুলির আলোচনায় দেখা গেছে চলিত বাংলার মৌলিক স্বরধ্বনিগুলি বজায় আছে ঠিকই, তবে মৌলিক স্বরধ্বনিগুলি চলিত বাংলার তুলনায় নিম্নাবস্থানে উচ্চারিত হয়। স্বরধ্বনিগুলির উচ্চারণ প্রবণতার গতি-প্রকৃতি ও পরিবর্তন নিয়ে আলোচনা করা হল।

পূর্ব তীরের ভূ-খণ্ড যা করতোয়া নদীর পশ্চিম তীর পর্যন্ত বিস্তৃত অংশকে বরেন্দ্র ভূমি বলতে চান। তবে বর্তমান মালদহ জেলার মহানন্দার পূর্ব দিকের ভূ-খণ্ডটিই 'বরিন্দ্' নামে চিহ্নিত। অঞ্চলটির মধ্যে রয়েছে গাজোল থানা, বামনগোলা থানা, হবিবপুর এবং পুরাতন মালদহ থানার বৈচিত্রশীল ভূ-ভাগ।

যতীন্দ্রচন্দ্র সেনগুপ্ত অঞ্চলটির ভূমির গঠন সম্পর্কে উল্লেখ করেছেন, The barind lies to the east of the Mahananda river and is characterized by undulating ground which forms a part of the tract which stretches into West Dinajpur and Rajshahi. বরিন্দ্ অঞ্চলটির ভূমি উঁচু-নীচু হওয়ায় চাষ-বাসের ও পানীয় জলের প্রয়োজনে বেশ কিছু পুকুর রয়েছে। বরিন্দ্ অঞ্চলের মধ্যে রয়েছে বৈচিত্রশীল ভূ-ভাগ। এর কোথাও এক ফসলি জমি কোথাও আবার বহু ফসলি জমি। পুরাতন মালদহ থানার বেশ কিছু অঞ্চলে লাল মাটির আধিক্য থাকায় জমির উর্বরা শক্তি অনেকাংশে নিম্ন মানের। এই অঞ্চলে অন্যান্য থানার তুলনায় গাজোল থানা অঞ্চলের জমি অনেকাংশে উর্বর। বরিন্দের বাংলাদেশ সীমান্তবর্তী অঞ্চলগুলি হল—বামনগোলা থানার পূর্বাংশ, হবিবপুর থানার পূর্ব এবং দক্ষিণ-পূর্ব অংশ এবং পুরাতন মালদহ থানার দক্ষিণ-পূর্ব অংশ। সীমান্তবর্তী এই অঞ্চলটি নদী তীরবর্তী হওয়ায় চাষযোগ্য জমির উর্বরতা বেশি। প্রতি বছরই কমবেশি বন্যায় জমিগুলিতে পলি পড়ে। এছাড়া উল্লেখযোগ্য নদী অঞ্চলগুলি হল বরিন্দ্ অঞ্চলের মধ্য দিয়ে উত্তর দিক থেকেদক্ষিণ দিকে প্রবাহিত টাঙ্গন নদী তীরবর্তী অঞ্চল ও মহানন্দার পূর্ব তীরবর্তী অঞ্চলের কৃষিযোগ্য ক্ষেত্রে। এই অঞ্চলের নদী তীরবর্তী অঞ্চল বা যেসব জমি বর্ষার জলে ডুবে থাকে সেসব ক্ষেত্র 'ডুবা' নামে পরিচিত। উঁচু জমি 'ডাঙ্গা' নামে পরিচিত। আবার বর্ষার জলের ধারা বয়ে যায় এধরনের জমি স্থানীয় আঞ্চলিক ভাষায় 'কান্দর' নামে পরিচিত। হবিবপুর থানায় আদিবাসি তথা সাঁওতাল জনগোষ্ঠীর বসবাস অধিক। এই অঞ্চলের আদিবাসী অঞ্চলগুলিতে বহু সংখ্যক মহুয়া গাছ রয়েছে। এইসব মহুয়া গাছের ফল থেকে তারা মাদকদ্রব্য তৈরি করে। তবে তাল, খেজুর, বাবলা, আম, জাম, কাঁঠাল, অশ্বত্থ, বট ইত্যাদি বৃক্ষও বহু পরিমাণে রয়েছে।

বরিন্দ্ বা বরেন্দ্র অঞ্চলের কথ্যভাষার পরিচয় : মালদহ জেলায় বসবাসকারী জনজাতির কথ্যভাষায় বেশ বৈচিত্র্য দেখা যায়। আসলে বিভিন্ন জাতি ও উপজাতির বসবাস, একসময়ে ভাগলপুর ডিভিশনের সঙ্গে সংযোগ, পার্শ্ববর্তী বিহার প্রদেশের সঙ্গে সম্পর্ক, সাঁওতাল পরগনার বেশ কিছু মৌজার এই জেলায় অন্তর্ভুক্তি তথা জীবিকার্জনের প্রয়োজনে বিভিন্ন সময়ে আগত অ-বাঙালি জনগণের অবস্থান প্রভৃতি কারণে এখানে মিশ্র ভাষার অস্তিত্ব লক্ষ করা যায়। গ্রীয়ারসন সাহেব যথার্থই বলেছেন—"Malda, as the meeting place of several languages, would form an interesting study to the comparative philologist. Curiously enough, language is much more distributed by race than according to locality, so that in one and the same village in the east of the district four or five languages may be heard spoken. Bengali, Bihari, Santali, Koch-Bengali, and others all meet in this district on equal terms. The Bengali of the District, though of the northern variety, is much infected by the neighbouring Bihari and this is specially true of

এ ধরনের পরিবর্তন অভিবাসিত কথ্যবাংলায় বেশি পরিমাণে লক্ষ করা যায়।

এ > ই, মেঝে > মাঝিয়া, কেঁদে > কান্‌দি, মেশিন > মিশিং, পেঁপে > পাপিয়া/পাইপা, শেয়াল > শিয়াল/হিয়াল, থেকে > থাকি, নেশা > নিশি, বেড়াল > বিলাই, শেলাই > শিলাই, খেয়াল > খিয়াল, পেঁয়াজ > পিয়াজ, একটু > ইট্টু এদের > ইগার, এটা > ইয়োডা, এ > অ্যা, বেয়াই > ব্যাহাই, দেহ > দ্যাহা, দেশ > দ্যাশ, তেল > ত্যাল, বেল > ব্যাল, মেঘ > ম্যাক/ম্যাগ, পেট > প্যাট, শেষ > শ্যাশ, চেহারা > চ্যাহেরা, কে > ক্যা, কেন > ক্যা।

এ > আ— কেন্নো > কাড়োয়া, যেতে > জাইতে, বেগুন > বাইগন/বাগুন, জেলে > জালা, পেঁপে > পাপিয়া/পাইপা, খেজুর > খাজুর, টেমেটা > টমাটম, সিনেমা > শিনামা, আজকে > আচকা, থেকে > থাকি, বেঁটে > বাংঠা, এসে > আশি, খেতে > খাতি, খেয়ে > খাতি, গিয়ে > জায়া গেলে > গেলা।

এ > অ— এখন > অহন, এমন > অমন/অমুন।

এ > আই— কেঁদে > কাঁইন্‌দা, বেঁধে > বাইনধা, খেয়ে > খাইয়া, বেয়ে > বাইয়া, চেয়ে > চাইয়া, এলে > আইলা, সেধে > শাইধা, ভেবে > ভাইবা, পেতে > পাইতা চেটে > চাইটা, হেঁটে > হাইটা। তবে 'এ' ধ্বনির এরূপ পরিবর্তন কেবলমাত্র অভিবাসিত কথ্যবাংলাতেই লক্ষ করা যায়।

এ > উ— এলে > আলু, পেলে > পালু, খেলে > খালু, দিলে > দিলু, হলে > হলু, করলে > কোরলু,

গেলে > গেলু। 'এ' > ধ্বনির এরূপ পরিবর্তন শুধুমাত্র স্থানীয় কথ্যবাংলায় লক্ষ করা যায়। তছাড়া স্থানীয় কথ্যবাংলায় দুই অক্ষরের শব্দে স্বরধ্বনি দুটি যখন 'এ' তখন 'এ' ধ্বনিটির পরিবর্তন অবশ্যম্ভাবী এবং পদান্তে 'এ' ধ্বনিটির পরিবর্তন বেশির ভাগ ক্ষেত্রেই হয়ে থাকে। কিন্তু অভিবাসিত কথ্যবাংলায় এক্ষেত্রে পদের মধ্যে 'আই' দ্বি-স্বরধ্বনিটির আগমন ঘটে থাকে।

স্থানীয় বাচক গোষ্ঠীর উপভাষায় লক্ষ করা যায় পদান্তের 'এ' > 'ই' এবং পদান্তের 'ই' > 'এ' ধ্বনিতে রূপান্তরিত হয়। যেমন—আমিই > মুইএ, তুমিই > তুইএ, তখনি > তখনে, যখনি > জখোনে।

এ > ই— পাল্টে > পাল্টি, খেটে > খাটি, হেঁটে > হাটি, কেঁদে > কান্দি, বেঁধে > বান্দি, হেসে > হাশি, থেকে > থাকি, মেরে > মারি, দৌড়ে > দৌউড়ি, লিখে > নেখি, দেখে > দেখি।

অ্যা:

নিম্ন-মধ্য সম্মুখ ও অর্ধ-বিবৃত স্বরধ্বনি 'অ্যা' মৌলিক স্বরধ্বনি 'E' ও 'a'-এর প্রায় মাঝামাঝি অবস্থান জনিত উচ্চারণের সামান্য পশ্চাদ্‌ভাগে উচ্চারিত হয়। 'এ' ধ্বনিকে 'অ্যা' ধ্বনিতে উচ্চারণ করার প্রবণতা এ অঞ্চলের উভয় বাচক গোষ্ঠীর একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট। অন্যান্য স্বরধ্বনিগুলিও 'অ্যা' ধ্বনিতে রূপান্তরিত হওয়ার ফলে এই ধ্বনিটির রূপান্তর তেমন নেই। তাই অপর স্বরধ্বনির 'অ্যা'-তে পরিণত হওয়ার কিছু নমুনা নিম্নে দেখানো হল।

অ > অ্যা-খড় > খ্যাড়, কলা > ক্যালা।

আ > অ্যা-কার > ক্যার, বাঁকা > ব্যাক্‌কা, কাঁথা > ক্যাথা, ব্রাশ > ব্যারাশ, ব্লাউজ > ব্যালাউচ।

ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য

স্থানীয় এবং অভিবাসিত উভয় বাচক গোষ্ঠীর কথ্যভাষায় মান্য-চলিত বাংলার মূল ধ্বনিগুলি বজায় আছে। তবে এ অঞ্চলের বাচকগোষ্ঠীর উভয় শ্রেণির মধ্যে উচ্চারিত স্বরধ্বনিগুলির মাত্রাগত কিছু পার্থক্য দেখা যায়। স্বর এবং ব্যঞ্জনের উচ্চারণ-প্রবণতার কিছু বিশেষ আঞ্চলিক বৈশিষ্ট্য রয়েছে।

স্বরধ্বনি

	সম্মুখ	কেন্দ্রীয়	পশ্চাৎ
উচ্চ/সংবৃত	ই		উ
উচ্চ-মধ্য/অর্ধ-সংবৃত	এ		ও
নিম্ন-মধ্য/অর্ধ-বিবৃত	অ্যা		অ
নিম্ন/বিবৃত		আ	

স্বরধ্বনির অবস্থান

মান্য-চলিত বাংলার মতো এ অঞ্চলের আঞ্চলিক ভাষার স্বরধ্বনিগুলি রূপিমের আদি, মধ্য ও অন্তে ব্যবহৃত হতে পারে।

স্বরধ্বনি		রূপিমের আদিতে	রূপিমের মধ্যে	রূপিমের অন্তে
/ই/	স্থা	ইন্দিরা, ইজমাইলি ইটাল, ইশ্‌টাট্‌, ইহায়।	পাইশা, আইখড়, শইশা, কাইচা, বাইগন, বেইহা।	খাড়াই, জাওই, বিলাই, মিঠাই, শাগাই, ব্যাহাই।
	অভি	ইট্যাল, ইন্দুর, ইচা, ইট্‌টু, ইন্দিরা।	কাইয়াকুলি, আইল্‌শা, আইজ, কাইল, মাইদান, এইনে।	কাহোই, এবেই, তালোই, খালোই, মাউই, বোনাই।
/এ/	স্থা	এন্দুর, এংকারে, এধান, এশ্‌টারি, এলা।	কহেচে, ক্যাকেরা।	মুইএ,তে, উশ্‌টে, ফেকে, তালে, ভেরকেটে।
	অভি	এবেই, এশিখেসি, এয়া।	এহেনে, কিএর, এইনে, এধারে, এহানতা।	ক্যামনে, তে, তাইলে, অদে।

ছাপান/শাবোন, মশা > মোশা, শাসন > শাশ্‌নো, কপি > কোবি, রশুন > ওশুন, গম > গোহোম, গন্ধ > গোন্ধো, পাতলা > পাতোল, কথা > কোথা।

অ > উ— উকাশ, যদি > জুদি, কাপড় > কাপুড়, থাপড় > থাপুড়, গম > গুম, হদিশ > উদিশ।

অ > আ— কলাই > কালাই, মহাজন > মাহাজন, অলস > আল্‌শিয়া/আল্‌শা, লম্বা > নাম্ভা, শলাই > শালাই, টমেটো > টামাটুল, মোহনপুর > মাহানপুর, অক্রুর > আক্‌কোর, অমাবশ্যা > আমাবাশ্‌শা, অবাক > আবাক, অকর্ম > আকাম, অকথ্য > আকথা।

অ > ই— শকুন > শিকিনী/শিগিনী।

অ > অ্যা—খড় > খ্যাড়, কলা > ক্যালা।

অ > ঐ— কশে > কৈশা, বসে > বৈশা, বলে > বৈলা, চলে > চৈলা, পড়ে > পৈড়া।

ও:

উচ্চ-মধ্য পশ্চাৎ ও অর্ধ-সংস্কৃত স্বরধ্বনি 'ও' মৌলিক স্বরধ্বনি 'এবং' 'O'-এর মাঝামঝি অবস্থানে উচ্চারিত হয়ে থাকে। এ অঞ্চলে 'ও' স্বরধ্বনিটির রূপান্তর নিম্নরূপ—

ও > অ—তোয়ালা > তয়লা, ছোট > ছটো, তোর > তর, ওর > অর, ফোন > ফন, রেডিও > এডিও, যেও > জাইঅ, এসো > আসিঅ।

পদের মধ্যে 'ও' ধ্বনির যে উচ্চারণ চলিত বাংলায় রয়েছে অভিবাসিত কথ্যে তা 'অ' ধ্বনিতে পরিণত হয়ে থাকে। চলিত বাংলায় কিছু পদের লেখ্যরূপের 'অ' ধ্বনির উচ্চারণ 'ও' হয়ে থাকে। যেমন—পাগল > পাগোল, সকল > সকোল ইত্যাদি; কিন্তু এ অঞ্চলের অভিবাসিত কথ্যে এ ক্ষেত্রে 'ও'-র স্থলে 'অ'-ধ্বনিই উচ্চারিত হয়। যেমন—পাগঅল, ছাগঅল, সকোল > হগল, ওতুল > অতুল, এখোন > অহন, যেমন > জেমঅন, কখোন > কখঅন, দেখো > দ্যাখঅ।

ও > উ— কোদাল > কুদাল, গোয়াল > গুয়াল, মোজা > মুজা, নোনতা > নুনচা, গোসাপ > গুহিশাপ, বোতাম > বুদাম, বোয়াল > বুয়াল, জোয়ান > জুয়ান, কোনো > কুনু, কোন > কুন, ভোর > ভুর, চোর > চুর, আলোচনা > আলুচুনা, খোঁজ > খুঁজ, শোক > শুক, জোড়া > জুড়া, জোনাকী > জুনি, তোমরা > তুমরা, কোথায় > কুন্না, তোর > তুর। ভূগোল > ভুগুল, পোকা > পুকা, বোকা > বুকা, পো > পু।

এই পরিবর্তন উভয় বাচক গোষ্ঠীর ক্ষেত্রে লক্ষ করা গেলেও পূর্ববঙ্গের ময়মনসিংহ এবং টাঙ্গাইল থেকে অভিবাসিত হয়ে যে সমস্ত জনগোষ্ঠী এঅঞ্চলে বসবাস করছে তাদের মধ্যে বেশি পরিমাণে প্রযোজ্য।

ও > আ—কুলো > কুলা, মোহনপুর > মাহানপুর, গুলো > গুলা, মূলো > মূলা, মেজো > মাঝা/মাইজা, রেডিও > এডুয়া,

ও > ই— গাড়োয়ান > গাড়িয়ান, ঘাটোয়াল > ঘাটিয়াল।

ও > অ্যা—গো > গ্যা, তো > ত্যা, কুলো > কুল্যা, ধুলো > ধুল্যা, মুলো > মুল্যা।

'ও'-ধ্বনির আগমন—

ই:

সংবৃত সম্মুখ স্বরধ্বনি 'ই' মৌলিক স্বরধ্বনি 'i' এর তুলনায় কিছুটা নিম্নাবস্থানে ও মুখ গহ্বরের কেন্দ্রের দিকে আকৃষ্ট হয়ে উচ্চারিত হয়। স্থানীয় এবং অভিবাসিত উভয় বাচক গোষ্ঠীর কথ্যবাংলায় 'ই' ধ্বনিটির উচ্চারণ প্রবণতা ও পরিবর্তনের গতি-প্রকৃতি নিম্নরূপ।
ই > এ—ইঁদুর > এনদূর, ভিমরুল > ভেমরাল, টিকটিকি > টেকটেকি, তখনি > তখনে, মিস্ত্রি > মেস্তরি।
পদান্তে 'ই' ধ্বনির ব্যবহারের ফলে যদি পদটির প্রতি জোর দেওয়া হয়, তাহলে সে ক্ষেত্রে স্থানীয় কথ্যবাংলায় 'ই' পরিবর্তিত হয়ে 'এ'তে পরিণত হয়। যেমন—

আমিই > মুইয়ে, তুইই > তুইয়ে, আলুই > আলুয়ে, ভাতই > ভাতয়ে, গোরুই > গোরুয়ে, ছাগলই > ছাগোলে, মানুষই > মানুশে।
ই > আ—খয়েরি > খয়রা, হাতিয়ার > হাতার।
ই > উ—পুলিশ > পুলুশ, বালিশ > বালুশ, রেডিও > এডুয়া, যাবি > জাবু
ই > অ্যা-ঢিল > ঢ্যাল, ছিদ্র > ছ্যান্দা, কিরকম > ক্যাম্বা। রিপোর্ট > অ্যাপোট, রিশ্কা, অ্যাশ্কা।
'ই'-এর আগমন-কাস্তে > কাইচা, ঘটক > ঘটকি, ফুশফুশ > ফুশ্ফুশি, মিষ্টি > মিঠাই, স্কুল > ইশ্কুল, স্প্রে > ইশ্পেরে

স্থানীয় কথ্যে 'ই'-এর আগমন তুলনায় কম, কিন্তু অভিবাসিত কথ্যবাংলায় 'ই'-এর আগমন বেশি। এই আগমন বিভিন্ন ভাবে হয়ে থাকে। যেমন—

অপিনিহিত 'ই'-করিয়া > কইরা, ধরিয়া > ধইরা, থাকিয়া > থাইকা, রাখিয়া > রাইখা পলিয়া >পোইলা, জালিয়া > জাইলা, তবে অনেক ক্ষেত্রে এই সমস্ত শব্দের শেষে 'অ্যা' ধ্বনির উচ্চারণ লক্ষ করা যায়।

যুক্তাক্ষর বা 'য' এর পূর্বে 'ই' ধ্বনির আগমন—

কর্তব্য > কর্তোইব্ব আশ্চর্য > আচ্চাইর্জ, ধৈর্য > ধোইর্জ, সহ্য > শোইজ্জ, রাক্ষস > রাইক্কোশ, স্ট্যান্ড > ইশ্টেন, স্কুল > ইশ্কুল, স্প্রে > ইশ্পেরে।

অসমাপিকা ক্রিয়া এবং যৌগিক ক্রিয়া পদে 'ই'-এর আগমন। যেমন—

খেয়ে > খাইয়া, গিয়ে > জাইয়া, নেয়ে > নাইয়া, হেঁটে > হাইটা, কেটে > কাইটা, ফেটে > ফাইটা, শুয়ে > শুইতা, চলে > চোইলা, বলে > বোইলা, শুনে যাও > হুইনা জাও, বসে থাক > বোইশা থাকো, খেয়ে ফেল > খাইয়া ফ্যাল। এছাড়াও বিভিন্ন পদে 'ই' ধ্বনির আগমন হয়ে থাকে। যেমন—ডাকাত > ডাকাইত, কুড়ে > কুইড়া, কাত > কাইত, কেচো > কেইচা, মেয়ে > মাইয়া, বুড়ো > বুইড়া, জারজ > জাইরা, হাল্কা > আইলকা, আঁচল > আইন্চল, অলবনাক্ত > আলুইনা, এখানে > এইনে, অলস > আইল্শা, এঁটো > আইঠা।

এ:

এই অঞ্চলের উভয় শ্রেণির বাচক গোষ্ঠীর কথ্যবাংলায় উচ্চ-মধ্য সম্মুখ ও অর্ধ-সংবৃত স্বরধ্বনি 'এ' মৌলিক স্বরধ্বনি 'e' ও 'E'-এর মাঝামাঝি অবস্থান করে সামান্য কেন্দ্রীয় টানে উচ্চারিত হয়। এই স্বরধ্বনির উচ্চারণ প্রবণতা ও পরিবর্তন নিম্নরূপ—এ > ও, ছেলে > ছোল, পকেট > পকোট, খাবে > খাইবো, যাবে > জাইবো, পাবে > পাইবো।

বরিশালের অভিবাসিতের ক্ষেত্রে লক্ষ করা যায়।

আবার বাংলাদেশের ময়মনসিংহ ও টাঙ্গাইল অঞ্চল থেকে আসা অভিবাসিত বাচক গোষ্ঠী সম্মতি সূচক অসম্মতি সূচক উভয় বাক্যান্তে 'গা' ধ্বনিটির প্রয়োগ করে থাকে। যেমন—জামুনা গা, খামুনা গা, দেহুম গা, কোরুম গা, আমু গা, জামু গা, দ্যাহো গা, খাও গা।

অন্যান্য ক্ষেত্রে—চিংড়ি > চিংগোড়, ভাঙা > ভাংগা, ভ্যাঙানো > ভ্যাংগানু।
ঘ > ক—বাঘ > বাক, মেঘ > ম্যাক, মাঘ > মাক। 'ঘ' ধ্বনির এরকম পরিবর্তন শুধুমাত্র স্থানীয় বাচক গোষ্ঠীর ক্ষেত্রে লক্ষ করা যায়।
ঘ > গ—ঘুঘু > ঘুগু, ঘা > গাও, ঘষি > গশি, ঘষা > গশা, ঘাটিয়াল > গাইটাল, ঘর > গর, বাঘ > বাগ, মেঘ > ম্যাগ, ঘুম > গুম। 'ঘ' ধ্বনির এরকম পরিবর্তন অভিবাসিত বাচক-গোষ্ঠীর ক্ষেত্রে বেশি পরিমাণে লক্ষ করা যায়।

চ-বর্গ :

অবস্থান ও উচ্চারণ চলিত বাংলার অনুরূপ। তবে অভিবাসিত বাচক-গোষ্ঠীর কথ্যবাংলায় 'চ'-'ছ' ধ্বনির মিশ্রিত বা উষ্ম ধ্বনির প্রবণতা লক্ষণীয়। 'চ'-বর্গের ধ্বনির পরিবর্তন নিম্নরূপ—
চ > ছ— সূচী > ছুই, কোঁচা > কোছা, চাচা > চাছা। তবে 'চ' ধ্বনির এরকম পবির্তন খুব কম ক্ষেত্রে লক্ষ করা যায়।

'চ'-বর্গের 'চ' ধ্বনিটির ব্যবহার ব্যাপক লক্ষ করা যায়। এই বর্গের 'ছ' এবং 'জ' ধ্বনির শেষে যদি স্বরধ্বনির না থাকে তবে সাধারণত তা পারবর্তন হয়ে 'চ' ধ্বনিতে পরিণত হয়। তবে কখনও কখনও 'ছ' ধ্বনিটির শেষে স্বরধ্বনি থাকলেও তা 'চ' ধ্বনিতে রূপান্তরিত হয় যেমন— ছ > চ—আসছে > আহেচে, বলছে > কহেচে, দেখছে > দ্যাকচে, খেয়েছি > খাচু, দিয়েছি > দিচু, মাছ > মাচ।
জ > চ—আজকে > আচকা, খাজ > খাচ, খোঁজ > খোঁচ, ভাজ > ভাচ, সবুজ > শবুচ, কাজ > কাচ, ঝাঁজ > ঝাচ, মনোজ > মনোচ।
জ > ঝ—দু'জন > দুঝোনা, মেজো > মাঝা।
ঝ > জ—বোঝা > বোজা, সাঁঝ > সাজ, বুঝি > বুজি।

এ অঞ্চলে অভিবাসিত বাচক গোষ্ঠীর কথ্যবাংলায় 'চ' বর্গের ধ্বনিগুলির মধ্যে 'চ' এবং 'ছ' এর উচ্চারণ অনেকাংশে উষ্মধ্বনি 'শ' ও 'স' এর মাঝামাঝি ইংরেজি 'S' এর মতো। এবং 'জ' ও 'ঝ' এর উচ্চারণ এই দুটি ধ্বনির মাঝামাঝি, অনেকটা ইংরেজি 'Z' এর মতো। 'চ'-বর্গের ধ্বনিগুলির রূপান্তর নিম্নরূপ—

অভিবাসিত কথ্যবাংলায় 'ছ' ধ্বনির উচ্চারণ সবসময়ই উষ্ম ধ্বনির মতো। অনেকটা 'স'-এর অনুরূপ। যেমন—
চ > স—পাঁচ > পাস, বেচে > বেসে, অচল > অসল, পচা > পসা, কচু > কসু, আচার > আসার, চালাক > সালাক, পঁচিশ > পসিস।
ছ > স—বলছে > বলসে, করছে > কোরসে, থাকছে > থাকসে, দেখেছে > দ্যাকসে, খেয়েছে >

ই > অ্যা-ঢিল > ঢ্যাল, ছিদ্র > ছ্যান্দা, কিরকম > ক্যাম্‌রা, রিপোর্ট > অ্যাপোট, রিশ্‌কা, অ্যাশকা।

উ > অ্যা—হাঁটু > হাট্যা, তালু > তাল্যা।

ও > অ্যা— গো > গ্যা, কোকড়া > ক্যাকেড়া, তো > ত্যা, কুলো > কুল্যা, ধূলো > ধুল্যা, মূলো > মুল্যা।

এ > অ্যা—বেয়াই > ব্যাহাই, দেহ > দ্যাহা, দেশ > দ্যাশ, তেল > ত্যাল, বেল > ব্যাল, মেঘ > ম্যাক/ম্যাগ, পেট > প্যাট, শেষ > শ্যাশ, চেহারা > চ্যাহেরা, কে > ক্যা, কেন > ক্যা, মেলা > ম্যালা, লেজ > ন্যাচ্, এবং > অ্যাবং।

আ:

নিম্ন বিবৃত কেন্দ্রীয় স্বরধ্বনি 'আ'-এর উচ্চারণ প্রকৃতি মান্য চলিত বাংলার অনুরূপ। তবে চলিত বাংলা শব্দের 'আ' এখানে কিছু ক্ষেত্রে পরিবর্তিত। 'আ' ধ্বনিটির উচ্চারণ প্রবণতা ও রূপান্তর নিম্নরূপ—

আ > অ্যা-কার > ক্যার, বাঁকা > ব্যাক্‌কা/ব্যাহা, কাঁথা > ক্যাথা, কুড়াল > কুড়াল, দাও (দেওয়া) > দ্যাও, ন্যাও (নেওয়া) > ন্যাও, ছায়া > শ্যামা/ছ্যামা।

বিদেশি শব্দে যুক্ত ব্যঞ্জন বিশ্লিষ্ট হয়ে 'আ' ধ্বনিটি 'আ' ধ্বনিতে রূপান্তরিত হয়। যেমন—ব্র্যাশ > ব্যারাশ, ব্লাউজ > ব্যালাউচ, ক্লাশ > ক্যালাশ, ট্রাক্ > ট্যারাক্, ব্লেড > ব্যালাট।

আ > উ-মশারী > মশুরী, তামাক > তামুক।

আ > ই- বিছানা > বিছিনা (স্থা), গ্লাশ > গিলাশ, ঘন্টা > ঘান্‌টি, গ্রাম > গিরাম (অভি), ক্লাশ > কিলাশ (অভি), ব্রাশ > বিরাশ (অভি)

আ > ও-থাম > থোম, জামাই > জাওই, কাঠাল > কাঠোল।

পদান্ত 'আ' প্রায়ই লুপ্ত হয়ে যায়। যেমন—

থালা > থাল, ঢাক্‌না > ঢাকোন, গোয়ালা > গোয়াল, পিপড়া > পিপড়, কাত্‌লা > কাতোল, বাজনা > বাজোন।

পদমধ্যস্থিত ব্যঞ্জন যুক্ত 'আ' ধ্বনি দ্বিমাত্রিকতার প্রভাবে প্রায়ই লুপ্ত হয়ে যায়—জানালা > জাল্‌লা, শিগারেট > শিক্‌রেট, মাংস > মংশ, তোয়ালা > তয়লা, বিছানা > বিছ্‌না।

পদের আদিতে 'আ' ধ্বনির আগমন—ছিল > আছিল/আছল, চাষা > আচাষা, বাঙাল > আবাঙ্গাল্,

পদান্তে 'আ' ধ্বনির আগমন—পাট > পাটা, হলুদ > হোল্‌দা, জিভ > জিবা, কাপড় > কাপড়া

অ:

নিম্ন-মধ্য পশ্চাৎ ও অর্ধ-বিবৃত স্বরধ্বনি 'অ' মৌলিক স্বরধ্বনি 'a' ও '১'-এর মাঝামাঝি অবস্থানে উচ্চারিত হয়। এখানে উভয় বাচক গোষ্ঠীর কথ্যে 'অ' ধ্বনিটির রূপান্তর নিম্নরূপ—

অ > ও- পটল > পোটোল, করলা > কোল্‌লা, শশা > শোয়াশ/শোশা, সাবান >

ধ > দ—স্পর্ধা > আশপর্দা, সাধনা (অভ্যাস) > শাদনা, অসুবিধা > অশুবিদা, ধান্দা > দান্দা, অবোদ্ধা > অবোদা, ধরা > দরা, অর্ধেক > আদ্ধেক, বাঁধা > বান্দা, বিধবা > বিদ্‌বা, মধ্যে > মোইদ্‌দে।

ন > ল—নম্বর > লম্বর।

প-বর্গ :

উচ্চারণ এবং অবস্থান মান্য চলিত বাংলার মতোই।

প > ব—সুপারি > শুবরি, ভাপ > ভাব, কপি > কবি।

প > ফ—দুপুর > দুফার, ল্যাম্প > ন্যাম্ফো, পুচ্ছ > ফিচা, পিড়ে > ফিড়া, আপেল > আফেল, বাপের > বাফের, পকেট > ফকেট, পয়সা > ফয়শা, পাতিল > ফাইত্‌লা, পাখা > ফাহা, বেপার > ব্যাফার।

প > ভ—উপুর > উভুর, পটকা > ভটকা।

ফ > প—মাফ > মাপ্, হাফ্ > হাপ্, কফ্ > কপ্, লাফ > নাপ।

ফ > হ—ফেলা > হেলা।

ব > প—স্বভাব > শভাপ, হাব-ভাব > হাপ-ভাপ, হিসাব > হিশাপ, অভাব > অভাপ, নবাব > নবাপ, বসবার > বৈশপার।

ব > ভ—লম্বা > নাম্ভা।

ব > ম—ভগবান > ভগমান, বাতাবি > বাদামি, ভাগ্যবান > ভাগ্যমান, খাবো > খামো/খামু, যাবো > জামো, মজবুত > মজিমত, নিবো > নিম/নিমু, কোরবো > কোরিম/কোরুম। 'ব'-ধ্বনির লোপ—কুটুম্ব > কুটুম, লবণ > নুন, শ্রাবণ > শাওন, বাল্ব > বল, ক্যাম্প > ক্যাম।

ভ > ব—গাভিন > গাবিন, শিলভার > শিলবর, ভাই > বাই, ভালো > বালো, প্রাইভেট > পাইবোট, ভাতার > বাতার, ভোলা > বোলা।

ভ > হ—প্রভাত > পোহাত,

ম > ন—মাপ > নাপ, গামোছা > গানছা।

ম > ব—জরিমানা > জরিবানা, গামলা > গাবলা।

'ম'-ধ্বনির আগমন—

তাঁবু > তাম্বু, ওরা > অমরা, ওদের > অশমার, ছায়া > স্যামা।

বর্গীয় বর্ণগুলি বিশ্লেষণে দেখা যায় অঘোষ অল্পপ্রাণ ধ্বনির উচ্চারণ আধিক্য রয়েছে, বিশেষত স্থানীয় বাচকগোষ্ঠীর কথ্যবাংলায়। তবে পদের মধ্যে ধ্বনির রূপান্তর নেই। যেমন—

পরিবর্তিত	অপরিবর্তিত
চোখ > চোক	চোখত্
মুখ > মুক	মুখত্
মাছ > মাচ	মাছে
বাগ > বাক	বাঘে
মেঘ > ম্যাগ	ম্যাঘোৎ

মা > মাও, পা > পাও, গা > গাও, ঘা > ঘাও, শো > শও, জা > জাও, ছা > ছাও, কাত্‌লা > কাতোল।
'ও'-ধ্বনির লোপ—দারোগা > দার্‌গা, গেলো > গেল, খেলো > খাল্‌, পেলো > পাল্‌, মারলো > মারিল্‌।

উ:

উচ্চ-পশ্চাৎ ও সংস্কৃত স্বরধ্বনি 'উ' মৌলিক স্বরধ্বনি 'u' ও 'o'-এর মাঝামাঝি ও সামান্য সন্মুখ টানে উচ্চারিত হয়। এই ধ্বনিটির রূপান্তর নিম্নরূপ—
উ > ও— খুব > খোপ, ভু ট্টা > ভোটা, জুতা > জোতা, মুসলমান, > মোছোলমান, পুকুর > পোখর/পোহির, মুদিপুকুর > মোদিপোখর, কেন্দপুকুর > কেনপোখোর।
উ > অ—চিরুনী > চিরনী, হলুদ > হোলদ, খেজুর > খেজর, বেগুন > বাগন, পুকুর > পোখর।

দ্বি-স্বরধ্বনি :

মান্য চলিত বাংলায় 'ঐ' এবং 'ঔ' এই যৌগিক স্বরগুলির ব্যবহার থাকলেও এ অঞ্চলের কথ্যবাংলায় যৌগিক স্বরধ্বনিগুলির ব্যবহার নেই। এই স্বরধ্বনি দুটির রূপান্তর নিম্নরূপ—

ঐ:

ঐ > ও— বৈশাখ > বোশাক, চৈত্র > চোত, ঐগুলি > ওলা, ঐখানে > ওঠি, ঐদিকে > ওদিগি, ওইযে > ওদ্দে।
ঐ > অ্যা—জ্যৈষ্ঠ > জ্যাঠ।

ঔ:

ঔ > ও—ঔষধ > ওশত/ওশুত, চৌকি > চোখি/চোহি, গৌড় > গোড়, চৌহদ্দি > চোহদ্দি।
ঔ > আ—নৌকা > নাও/নাউকা।
ঔ > অ—মৌমাছি > মধুমাচ্ছি/মধুবোল্লা।
ঔ > উ—পৌষ > পুশ।

২. ব্যঞ্জনধ্বনির উচ্চারণ ও পরিবর্তন

ক-বর্গ :

ক > খ—পুকুর > পোখর, তোকে > তোখে, কাচা > খাচা, চৌকি > চোখি, আকর্শী > আখুর, একেবারে > অ্যাখেবারে, একাই > অ্যাখেলাই। 'ক' ধ্বনির এরকম পরিবর্তন শুধুমাত্র স্থানীয় কথ্যবাংলায় লক্ষ করা যায়।

অভিবাসিত কথ্যে কিছু ক্ষেত্রে 'গ'-ধ্বনির আগমন লক্ষ করা যায়। যেমন—অসমপিকা ক্রিয়ার ক্ষেত্রে হেঁটে > হাটগা, চলে > চোলগা, বলে > বোলগা, করে > কোরগা, থেমে > থামগা, খেলে > খেলগা, মেরে > মারগা, ধরে > ধোরগা, বেঁধে > বানগা, টেনে > টানগা। তবে অসমপিকা ক্রিয়ার ক্ষেত্রে 'গা' ধ্বনিটির এধরনের আগমন শুধুমাত্র বাংলাদেশের

'হ'-ধ্বনির আগমন।

দই > দহি, বোন > বোহিন, কেউ > ক্যাহো, বউ > বোহু, গান > গাহোন, নয় > নোহয়, গয়না > গহনা, চা > চাহা, গোসাপ > গুহিশাপ, মলম > মহলোম, কড়াই > কাড়্হাই, গম > গোহম, সার > শাহার, সত্তর > শোহোত্তোর।

তবে 'হ'-ধ্বনির আগম শুধুমাত্র স্থানীয় কথ্যবাংলায় লক্ষ করা যায়। অভিবাসিত বাচক গোষ্ঠীর ক্ষেত্রে 'হ' ধ্বনির আগমন নেই (তবে অন্য বর্ণের রূপান্তরের ফলে 'হ' এর আগমন লক্ষ করা যায়)। অভিবাসিত বাচক গোষ্ঠীর ক্ষেত্রে এই ধ্বনিটি লোপ পাবার প্রবণতা লক্ষণীয়। যেমন—হাট > আট্, হাটা > আটা, হয় > অয়, হলো > ওইলো, হলুদ > ওইলদা, লোহা > নুয়া।

নাসিক্য ব্যঞ্জনধ্বনি :

উভয় বাচকগোষ্ঠীর কথ্যভাষায় নাসিক্য ব্যঞ্জনধ্বনি বজায় আছে। অর্থাৎ চলিত বাংলায় নাসিক্য ব্যঞ্জনধ্বনি যেমন পূর্ববর্তী স্বরধ্বনিকে সানুনাসিক করে তোলে, এ অঞ্চলের কথ্যবাংলায় নাসিক্য ব্যঞ্জনের প্রভাবে স্বরধ্বনি তেমন সানুনাসিক হয়না। এক্ষেত্রে বরং নাসিক্য ব্যঞ্জনধ্বনিই বর্তমান থাকে। যেমন—চন্দ্র > চান, সন্ধ্যা > শোন্দা, বাঁধা > বান্দা, রাঁধা > আন্দা/রান্দা, কাঁদা > কান্দা, বাঁদর > বান্দর, বাঁধন > বান্দন, কাঁদর > কান্দর, গোজা > গোঞ্জা, গাঁজা > গাঞ্জা, পাঁজর > পাঞ্জর, বাঁজা > বাঞ্জা, সিঁদুর > শেন্দুর, চাঁদা > চান্দা।

খাইসে, লেগেছে > নাকসে, দিয়েছি > দিসি, নিয়েছি > নিসি, গেছি > গেসি, ছায়া > স্যামা, বাছুর > বাসুর।

টবর্গ :

এই বর্গের ধ্বনি চলিত বাংলার মতোই এ অঞ্চলের কথ্যবাংলায় উচ্চারিত হয়। তবে ক্ষেত্র বিশেষে কিছু রূপান্তর লক্ষ করা যায়। যেমন—

ট > ঠ— চিমটা > চিমঠা, পুঁটি > পুঠি, বটি > বঠি, টোস্ট > ঠোঁশ, চ্যাপটা > চ্যাপঠা, বেটে > বাংঠা, লেংটি > নেংঠি। এই পরিবর্তন শুধুমাত্র স্থানীয় বাচক গোষ্ঠীর ক্ষেত্রে লক্ষ করা যায়। বিদেশি শব্দের পদান্ত 'ট' বা 'ড' ধ্বনি প্রায়ই লুপ্ত হয়ে যায়—টোস্ট > ঠোঁশ, ফাস্ট > ফাশ, টেস্ট > টেশ, প্যান্ট > পেন/প্যান, সেকেণ্ড > শ্যাগেন।

ট > ত— ট্রাঙ্ক > তুরুঙ।

ট > দ— কনট্রাক্টর > কন্‌টেকদার।

ট > ড— খেটে > খাইডা, হেঁটে > হাইডা, পেটের > প্যাডের, হাঁটে > আডে, আট আনা > আডানা, পিটুনি > পিডানি, খুটি > খুডি।

ঠ > ড— পাঠা > পাডা, কাঁঠাল > কাডাল, পিঠে > পিডা। তবে শব্দের আদিতে পরিবর্তন হয়না।

ঠ > ট— কাঠ > কাট, মাঠ > মাট, শুট > শুঠ। তবে শব্দের আদিতে পরিবর্তন হয়না।

ড > ট— কার্ড > কাট, রোড > ওট, রড > অট, স্পিড > ইশ্‌পিরিট। অভিবাসিত বাচক গোষ্ঠীর ক্ষেত্রে লক্ষ করা যায় শব্দের আদিতে অবস্থিত 'ড' > 'ঠ' ধ্বনিতে পরিবর্তিত হয়। যেমন— ডাল > ঠাল।

ড > দ—ডাক্তার > দাক্‌তার, ডাকাত > দাকাত।

ঢ > ড— ঢং > ডং, ঢেম্‌নি > ডেমনি, ঢোল > ডোল, ঢাক > ডাক, ঢিলে > ডিলা। এই পরিবর্তন শুধুমাত্র অভিবাসিত বাচক গোষ্ঠীর ক্ষেত্রে লক্ষ করা যায়।

ত-বর্গ:

অবস্থান ও উচ্চারণ চলিত বাংলার অনুরূপ। ধ্বনির পরিবর্তন নিম্নরূপ—

ত > থ—পুতুল > পুথুল, তক্তা > তকথা, তক্তি > তোক্‌থি।

ত > দ—বোতাম > বুদাম, বাতাবি > বাদামি।

ত > ট—বালতি > বালটিন, তাক > টাক।

ত > চ— নোনতা > নুনচা, চেতন > চ্যাচন।

থ > ত—শপথ > শপোত, সুপথ > শুপত, সাথে > শতে, থেকে > তে (হইতে)।

দ > গ—তোদের > তোগে/তোগো, আমাদের > আমাগে/আমাগো, মোদের > মোগো, ওদের > অগো/অগে, তাদের > তাগে/তাগো/হেডাগো।

দ > ড/ঢ/ঢ়—দাঁড়কাক > ঢাককাউয়া, দেড় > ড্যাড়, বৃদ্ধা > বুঢ়া, দাঁড়ি > ডাড়ি।

দ > ত—প্রসাদ > পোশাত, ফ্যাসাদ > ফ্যাশাৎ, বিপদ > বিপত, আপদ > আপত, জেদ > জ্যাত, স্বাদ > শোয়াত।

ধ > ত—দুধ, > দুত, সাধ > শাত।

স্থানীয় বাচক-গোষ্ঠীর উপভাষায় ব্যবহৃত করণ কারকে এক বচনের বিভক্তিগুলি হল— 'এ', 'দিয়া', 'য়', 'এই', 'ত' এবং বহুবচনের বিভক্তিগুলি হল—'এ' 'দিয়া', 'য়', 'এই'। আবার অভিবাসিত বাচক গোষ্ঠীর করণ কারকের একবচনে 'এ', 'দিয়া', 'ইয়া' 'এ', 'তে', 'রে' এবং বহুবচনে 'দিয়া' বিভক্তি ব্যবহৃত হয়।

স্থানীয় বাচক-গোষ্ঠীর উপভাষায় ব্যবহৃত অপাদান কারকে উভয় বচনের বিভক্তিগুলি হল—'থাকি', 'ঠেনা', 'থাক্যে', 'ঠে', 'তে', আবার অভিবাসিত বাচক-গোষ্ঠীর অপাদান কারকের উভয় বচনে 'থিকা', 'থাইকা', 'গোনে', 'ত্তা', 'খোনে', 'তা', বিভক্তি ব্যবহৃত হয়।

স্থানীয় বাচক-গোষ্ঠীর উপভাষায় ব্যবহৃত অধিকরণ কারকে উভয় বচনের বিভক্তিগুলি হল—'O', 'ত', 'ঠি'। আবার অভিবাসিত বাচক গোষ্ঠীর অধিকরণ কারকের উভয় বচনে 'O', 'ত', 'তে', 'য়' বিভক্তি ব্যবহৃত হয়।

স্থানীয় বাচক-গোষ্ঠীর উপভাষায় নিমিত্ত কারকে উভয় বচনে ব্যবহৃত বিভক্তিগুলি হল— 'তকনে', 'ঝনে', 'জনে', 'O'। আবার অভিবাসিত বাচকগোষ্ঠীর নিমিত্ত কারকের উভয় বচনে 'লাইগা', 'নাইগা' 'জইন্ন', 'তরে' বিভক্তি ব্যবহৃত হয়।

স্থানীয় বাচকগোষ্ঠীর উপভাষায় ব্যবহৃত সম্বন্ধ পদে এক বচনের বিভক্তিগুলি হল—'র', 'এর', 'ঘরে' এবং বহু বচনের বিভক্তিগুলি হল—'র', 'এর', 'গালার', 'গিলার', 'লার'। আবার অভিবাসিত বাচকগোষ্ঠীর অপাদান কারকের এক বচনে 'র' এবং বহু বচনে 'গোর', 'গের', 'গুণার' বিভক্তি ব্যবহৃত হয়।

৫. স্থানীয় বাচকগোষ্ঠীর প্রথম পুরুষ বাচক সর্বনামের এক বচনে অ/ও/অম্/অমা/অশমা এবং এগুলি ছাড়াও বহুবচনে আমা প্রাতিপাদিক হিসেবে ব্যবহৃত হয়। অভিবাসিত ক্ষেত্রে একবচনে-ও/সে/হে এবং বহুবচনে-ও/হে/আ/তে প্রাতিপাদিক এর সাথে বিভক্তি বাচক বিকিরণ যোগ করে পদ নিষ্পন্ন হয়।

৬. কোনোকিছুকে সরাসরি নির্দিষ্ট করে দেয় না এরকম ভাব বোঝাতে স্থানীয় বাচক গোষ্ঠীর উপভাষায় হোকো, কাখো, কুঠিকোনা, কুনঠেও, কুনপাকে, ক্যাহো, কিবা, ইয়া, ফাল্লা, কিয়া, কক্গোনো ইত্যাদি এবং অভিবাসিত কথ্যে কোহানে, কাউরে, কখুন, কুনদিষ্টে, কুনমুড়া, ইশে, কখুনু, কহন ইত্যাদি অনিশ্চয় বাচক সর্বনামের ব্যবহার রয়েছে।

৭. ক্ষেত্র বিশেষে বহুবচনের রূপ দিয়ে একবচনের রূপকে প্রকাশ করা হয়। রূপের এই প্রকাশ মূলত গৌরবার্থে বা সম্মানার্থে ব্যবহৃত হয়। তবে শুধুমাত্র স্থানীয় কথ্যবাংলার ক্ষেত্রেই এই বিশেষ বৈশিষ্ট্যটি প্রচলিত রয়েছে। বচনের এরকম ব্যবহারের বিশেষ ক্ষেত্রগুলির হল— (ক) বৈবাহিক সূত্রে স্থাপিত সম্বন্ধের ক্ষেত্রে। (খ) সম্পূর্ণ অপরিচিত ব্যক্তির ক্ষেত্রে। (গ) এছাড়া একই সঙ্গে সম্মানার্থে ও সাধারণার্থে ব্যবহৃত হয়।

৮. বহুবচন নির্দেশক বিভক্তি রূপে স্থানীয় কথ্যে—গুলা, লা, গিলা এবং অভিবাসিত কথ্যে—গুনা, গুলান ইত্যাদি ব্যবহার রয়েছে। বহুবচন নির্দেশক এই বিভক্তিগুলি প্রাণী বাচক এবং বস্তুবাচক উভয় ক্ষেত্রেই সমানভাবে ব্যবহৃত হয়।

৯. নাম ধাতু—বরিন্দ্ অঞ্চলের উভয় বাচক গোষ্ঠীর কথ্য ভাষায় নাম ধাতুর যথেষ্ট প্রয়োগ লক্ষ করা যায়। নাম পদের সঙ্গে বদ্ধ রূপিম ও ক্রিয়া বিভক্তি যোগে গঠিত নাম ধাতুগুলি হল।

অন্তঃস্থ্ বর্ণ :

অন্তঃস্থ বর্ণগুলির অবস্থান ও উচ্চারণ চলিত বাংলার অনুরূপ। ধ্বনি পরিবর্তন নিম্নরূপঃ
য় > ই—পয়সা > পাইশা, পায়খানা > পাইখানা, সময় > শমাই, বিদায় > বিদাই, অন্যায় > অন্যাই, জয়ন্তী > জোইঅন্তি।
র > ল—করলা > কোল্লা, শরীর > শোরিল।
র > ন—রূপা > নুপা, রক্ত > নক্ত, রুমাল > নুমাল।
পদের আদিতে 'র' প্রায়ই লুপ্ত হয়—
রাম-লক্ষ্মণ > আম-নক্ষন, রাস্তা > আস্তা, রাক্ষস > আক্কশ, রাঁড়ি > আড়ি, রক্ত > অক্ত, রীতা > ইতা, রাত > আত, রস > অশ, রোড > ওট, রাইখড় > আইখড়, রশুন > ওশুন, রা > আও, রং > অং, রুটি > উটি, রবিবার > ওবরার।

তবে এরকম পরিবর্তন শুধুমাত্র স্থানীয় বাচক গোষ্ঠীর ক্ষেত্রে লক্ষ করা যায়। এই বাচক গোষ্ঠীর কথ্যবাংলায় কখনও কখনও পদের আদিতে স্বরধ্বনির স্থলে 'র' ধ্বনির আগমন ঘটে—আমবাগান > রামবাগান, আটা > রাটা, ইতি (নাম) > রিতি, উমা > রুমা, যুক্তব্যঞ্জনে 'র' ধ্বনি লুপ্ত হয় বা বিশ্লিষ্ট হয়—
চৈত্র > চোত, প্রসাদ > পোশাত/পোরশাত, কার্ড > কাট, হার্ট > হাট, গ্রাসকার্প > গিলাশকাপ, প্রবীণ > পোবীন/পোরবীন, প্রাইভেট > পাইভ্যাট/পেরাইবোট, প্রথম > পোরথোম, প্রধান > পোধান/পোরধান, শিরস্থান > শিতান, রেষ্ট্রী > এষ্টারী, পড়ল > পোল, প্রায় > পেরায়, প্রমাণ > পোরমান।
ল > ন—লম্বা > নাম্‌ভা, লাঠি > নাঠি, লাল > নাল, লাঙল > নাঙগোল, লেজ > নেঙগুর, লজ্জা > নোজ্জা, লুচি > নুচি, লেংটি > নেংঠি, লুঙ্গি > নুঙ্গি, লণ্ঠন > নণ্ঠোন, লোহা > নুয়া, লোটা > নোটা, লেখা > ন্যাখা।

উষ্মবর্ণ :

এই অঞ্চলে বসবাসকারী বাচক গোষ্ঠীর মধ্যে অভিবাসিত জনগোষ্ঠীর ক্ষেত্রে লক্ষ করা যায় 'শ'এই উষ্মধ্বনিকে 'হ' ও 'চ-ছ' ধ্বনির মতো উচ্চারণ করার প্রবণতা লক্ষ করা যায়। এই পরিবর্তন নিম্নরূপ :
শ > ছ—সুঁচোলো > ছুচ্চল, শায়া > ছায়া, সূচী > ছুই, সেক > ছ্যাক, মুসলমান > মোছোলমান, শিম > ছিমা, সত্যি > ছ্যাচায়, শ্রীকান্ত > ছিকান্ত/ছিরিকান্ত, শ্রাদ্ধ > ছেরাদ্দ (অভি)।
শ > চ— স্নো > চুনু, আশ্চর্য > আচ্চাইরজ, শ্রেষ্ঠ > চেষ্ট, আসছিল > আচ্চিলো,
শ > র—নিশ্চয় > নিরচয়, পশ্চিম > পোরচিম।
শ > হ—আসছে > আহেচে (স্থা), সে > হে, শয়তান > হয়তান, শুধুশুধু > হুদাহুদি, সকল > হগল, সালা > হালা, শাশুড়ি > হাউড়ি, শ্বশুর > হোশুর।
হ > উ—হদিশ > উদিশ, হোচট, > উঞ্চাট।
হ > অ/আও—হাট > আট, হাটা > আটা, হয় > অয়, হলো > ওইলো, হলুদ > ওইলদা, লোহা > নুয়া।

(জ) হামাক তোরা চিনা পাবেন না বো। (আমাকে তুমি চিনতে পারবেনা)

উপরোক্ত সর্বনামগুলি একবচন ও বহুবচন উভয় ক্ষেত্রেই ব্যবহৃত হয়ে থাকে। আবার একবচনে ব্যবহৃত উত্তম পুরুষ বাচক সর্বনামগুলি হল—

(ক) মুই জ্যামন ত্যামন মরদ নহে। (আমি যেমন তেমন পুরুষ নই)

(খ) মোর মোতোন মাগী হয়ে তোর ভাত খাচে। (আমার মতো মহিলা হয়ে তোমার সঙ্গে ঘর করছি)

(গ) মুহে অক জব্দ নাগে দিম। (আমিই ওকে উচিত শিক্ষা দেব)

(ঘ) মোর কাম মোখে কোরবা হবে। (আমার কাজ আমাকেই করতে হবে)

(ঙ) মোর কথা শুনা পাইনা নোহয়। (আমার কথা শুনতে পাওনা তাইনা)

(চ) মোক দেকবা আহিচিল। (আমাকে দেখতে এসেছিল)

(ছ) শ্যাশে মোখে জাবা হোল্। (শেষে আমাকে যেতে হল)

(জ) মোট্ঠেনা ওলা কাম হোবিনা। (আমার কাছে ওগুলো কাজ হবেনা)

স্থানীয় কথ্যবাংলায় মধ্যম পুরুষ হিসেবে—তুই, তোক, তোর, তোরা, তোখে, তোমরা, তোমার, তোমাক, তোমারে, তোমরায় ইত্যাদি সর্বনাম পদের ব্যবহার রয়েছে। উত্তম পুরুষের মতো মধ্যম পুরুষের ক্ষেত্রেও কিছু সর্বনাম উভয় বচনে ব্যবহৃত হয়। যেমন—

(ক) তোমরা না হয় আচকা থাক। (তুমি নাহয় আজকে থাক)

(খ) তোমরা কুঠি জাছেন বো। (তোমরা কোথায় যাচ্ছ)

(গ) তোরা তো ভালোয় মানুশ বো। (তুমি তো আচ্ছা মানুষ)

(ঘ) এ বার টেকটাক খেলাৎ তোমাক জিতিবায় হোবি। (এবার কবাডি খেলায় তোমাদেরকে জিততেই হবে)

(ঙ) তোমার বেটিটা ঢেটটা হোচে বো। (তোমার ময়েটি তো বেশ বড় হয়েছে)

(চ) তোমরা কোৎদূর পোড়বা জান। (তোমরা কোথায় পড়তে যাও)

(ছ) হাবো তোমরা কুঠি চাকিরি পাছেন তে। (তুমি কোথায় চাকরি পেয়েছো)

(জ) তোরা আর জাবেন না বো। (তুমি আর যাবেনা)

কেবল মাত্র একবচনে ব্যবহৃত মধ্যম পুরুষ বাচক সর্বনাম পদগুলি হল—

(ক) তোক বাফু মুই বুঝাবা পামনা। (তোকে বাপু আমি বোঝাতে পারবোনা)

(খ) তুই জতয় কহেক মুই জাবা পামনা। (তুমি যতোই বলো আমি যেতে পারবোনা)

(গ) তোরঠেনা কিন্তুক আর হাটের পোন্দোরো টাকা পাওয়া জাবি। (তোমার কাছ থেকে কিন্তু গত হাটের পনেরো টাকা পাওয়া যাবে)

(ঘ) তোক আর কত কহা জাবি তে। (তোকে আর কতো বলা যাবে)

সম্মানার্থে মধ্যম পুরুষ 'আপনি' 'আপনার' ইত্যাদি সর্বনাম পদের ব্যবহার স্থানীয় হিন্দু ও মুসলিম উভয় সম্প্রদায়ের কথ্যভাষায় নেই। তবে সম্মানার্থে ও স্নেহার্থে তোমরা', 'তোরা' ইত্যাদি সর্বনাম পদ ব্যবহারে ক্রিয়া পদের উত্তর 'এন', 'ন' বিভক্তি যুক্ত হয়। যেমন—

(ক) তোমরা করেন। (আপনি করেন)। এই বাক্যটি আবার স্নেহার্থেও ব্যবহৃত হয়। যেমন—হাগে জাওই তোমরা অ্যাকটা কাম করেন তো বো, অ্যানা শুনে আশেন। (জামাই তুমি একটা কাজ করো, একটু শুনে এসো)।

রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

এই অঞ্চলের কথ্যবাংলায় চলিত বাংলা ভাষার মতোই ক্রিয়া পদের তিনটি কাল এবং ভাব ও অনুজ্ঞায় রূপবৈচিত্র্য রয়েছে। স্থানীয় বাচক গোষ্ঠীর কথ্যবাংলায় কাল ও পুরুষ ভেদে উভয় বচনে কিছু ক্ষেত্রে পৃথক ক্রিয়া বিভক্তির প্রয়োগ লক্ষ করা যায়।

১. হিন্দি, নেপালি, ফরাসি ইত্যাদি ভাষার মতো বচন ভেদে ক্রিয়া পদের রূপের পরিবর্তন বরিন্দ অঞ্চলের স্থানীয় বাচক গোষ্ঠীর কথ্যবাংলায় লক্ষ করা যায়। বিশেষত উত্তম পুরুষ এবং মধ্যম পুরুষে এই পরিবর্তন রয়েছে। কিন্তু অনুজ্ঞা এবং প্রথম পুরুষের ক্ষেত্রে এ পরিবর্তন লক্ষ করা যায় না। মান্য চলিত বাংলায় 'আমি করি' এবং 'আমরা করি' এখানে উভয় বচনে ক্রিয়াপদের একটিই রূপ রয়েছে। কিন্তু স্থানীয় কথ্যবাংলায় একবচনে 'মুই করো' বহুবচনে 'হামরা করি'। বচন ভেদে ক্রিয়াপদের রূপের এই পরিবর্তন নিম্নরূপ—

একবচনে	উভয় বচনে
মুই করো/কোরিম/ কোরিনু তুই কর কোরিশ/কোরলু	হামরা কোরি/কোরিমঅ/কোরিনঅ তোরা করো/তোমরা করো/করেন কোরল্যান/কোরল্যান করেন/কোরিয়/করেন তোরা কোরল্যান

২. মান্য চলিত বাংলার তুলনায় স্থানীয় বাচক গোষ্ঠীর উপভাষায় ক্রিয়াপদের রূপের কিছু পরিবর্তন লক্ষ করা যায়। যেমন—ভবিষ্যৎ কালে ইম, ইস্, (ইব-অনুপস্থিত) অতীত কালে—নু, ইন, ইনু, ন।

৩. অসমপিকার ক্ষেত্রে স্থানীয় কথ্যে—'ইয়া', 'এ্যা', 'ই' ইত্যাদি বিভক্তি ক্রিয়াপদের সঙ্গে যুক্ত হয়। অভিবাসিত কথ্যের ক্ষেত্রে সমাপিকাকে তিন ভাগে ভাগ করা যায়। যেমন—উত্তর ফরিদপুর, ময়মনসিংহ এবং টাংগাইল থেকে অভিবাসিত ক্ষেত্রে 'ইয়া', 'ইতে', 'বার' ইত্যাদি ক্রিয়া বিভক্তি; দক্ষিণ ফরিদপুর, যশোর, গোপালগঞ্জ থেকে অভিবাসিত ক্ষেত্রে 'তি' এবং বরিশাল থেকে অভিবাসিত ক্ষেত্রে 'গা' অসমাপিকা ক্রিয়া বিভক্তি যুক্ত হয়।

৪. কারকের ক্ষেত্রে কর্তৃকারকে স্থানীয় বাচক-গোষ্ঠীর উপভাষায় এক বচনের বিভক্তিগুলি হল—'O', 'ক', 'টা', 'রা' এবং বহু বচনের বিভক্তি—'য়', 'খে', 'গুলা', 'গিলা', 'রা'। আবার অভিবাসিত বাচক গোষ্ঠীর কর্তৃকারকের এক বচনে 'O', 'য়', 'ক', 'ডা', 'রে', 'গায়' এবং বহু বচনে 'রা' বিভক্তি ব্যবহৃত হয়।

স্থানীয় বাচক-গোষ্ঠীর উপভাষায় ব্যবহৃত কর্মকারকে এক বচনের বিভক্তিগুলি হল—'O' 'ক', 'টা', 'রা' এবং বহু বচনের বিভক্তিগুলি হল—'রা', 'O', 'ক'। আবার অভিবাসিত বাচকগোষ্ঠীর কর্মকারকের এক বচনে 'O', 'রে', 'ক' এবং বহু বচনে 'গো' বিভক্তি ব্যবহৃত হয়।

আঞ্চলিক

কথ্যে ব্যবহৃত শব্দদ্বৈত	মান্য চলিতে অর্থ	বাক্যে ব্যবহার
ছল্ছল্	মসৃণ	—বাশটা ছল্ছল্ কোরি মাঠেন বো।
টপ্টপ্	তাড়াতাড়ি করে	—টপ্টপ্ কোর‍্যা কন্নিগিলা কোরে হানে ভুইয়ৎ জামো।
টল্টল্	পরিষ্কার	—হামার পোখরের জল টল্টল্।
টিঙটিঙি	মগডাল	—হায়বাপ! টিঙটিঙিৎ উঠিচি ক্যানেরে।
টুপ্টুপ্	পরিপূর্ণ	—ডোবা খারি ভোরে টুপ্টপ্ হোয়ে গিচে।
ট্যাল্ট্যাল্	পাতলা তরল	—খালি ট্যাল্ট্যাল্ ঝোল আন্দিছে।
ঠর্ঠর	শক্ত	—ভাত গিলা খালি ঠর্ঠর হোয়্যা আছে।
ডাংডাং	খোলামেলা	—দুয়ার গুলা খালি ডাংডাং কোরি থোচে।
ডিংডিং	পেট ভর্তি করে খাওয়া	—বলগিলা খায়ে প্যাট ডিংডিং কোরদিছ্যা।
ড্যাংড্যাং	ফেটে চৌচির	—ভুইগুলা ফাটি ড্যাংড্যাং হয়া গিছ্যা।
ঢক্ঢক্	জল পানের শব্দ	—ঢক্ঢক্ কোরে অ্যাক ঘোটি জল খায়ে নিনু।
তুল্তুল্	নরম	—ছোলটার হাত পাও কোনারা তুল্তুল্।
থ্যাক্থ্যাক্	কাদাকাদা	—থ্যাক্থ্যাক্ কোরে মুছিঅনা।
দুমকুড়া দুমকুড়া	সুঠাম	—দুমকুড়া দুমকুড়া হাতপাও।
ধর্ধর্	জোরে হাটা	—ধর্ধর্ কোরে হাটো ব্যালা ডুব্যা আহেচে।
ধ্যার্ধ্যার্	টেনে হিঁচড়ে	—ধ্যার্ধ্যার্ কোরি টানি নিয়্যা জাম্অ।
ন্যাল্ন্যাল্	হালকা	—দ্যাহাটা খালি ন্যাল্ন্যাল্ হয়া গেইছে।
নোইনোই	মিহি করে বাটা	—নোইনোই কোরি বাটবা হবে।
পর্পর্	স্বেচ্ছায়	—পর্পর্ কোরি দিয়া জাতি দিশা পাবুনা।
প্যাৎপ্যাৎ	ভীষণ হালকা	—শিংগা গুলা অ্যাখেবারে প্যাৎপ্যাৎ।
ফ্যাল্ফ্যাল্	ভীষণ হালকা	—কাপড়া কোনা ফ্যাল্ফ্যাল্।
ফক্ফক্	বেশি কথা বলা	—তোমার জাওইটা ব্যাজাই ফক্ফক্ করে।
বর্বর্	মারের চিহ্ন	—হাইরে মারছ্যা অ্যাখেবারে বর্বর্ হয়াগিছে।
বাংবাং	ছেঁড়া	—জামাটা খালি বাংবাং হয়া গেইছে।
ভগ্ভগ্	উত্তম রূপে সেদ্ধ হওয়া	—ডাল গুলা ভগ্ভগ্ হয়া শিদ্দ হোইচ্যা।
ভল্ভল্	উজ্জ্বল বর্ণ/সুপক্ক	—অমার ছোয়ালটা ফের্ ভল্ভল্ হোইচ্যা।
ভদ্ ভদ্		আবোল-তাবোল

নাম পদ +	বদ্ধ রূপিম+	ক্রিয়া বিভক্তি	= নাম ধাতুজ ক্রিয়া
নিন > নিন্দ্ +	আ +	ছে	নিন্দাছে > = নিন্দাইছে
ঢ্যাল +	আ +	ছে	= ঢ্যালাছে
অঙ +	আ +	ছে	= অঙাছে
বাহির > বাইঢ় +	আ +	ছে	= বাইঢ়াছে
গোন্ধ +	আ +	ছে	= গোন্ধাছে
আলকুটা +	আ +	ছে	= আলকুটাছে
গাল > গাইল +	আই	তাছে	= গাইলাইতাছে
চিমঠা +	আ +	ছে	= চিমঠাছে
চিমঠা +	ই +	তাছে	= চিমঠাইতাছে
হুনা +	ই +	তাছে	= হুনাইতাছে

১০. সর্বনাম পদের ব্যবহার রীতি : চলিত বাংলার ন্যায় এই অঞ্চলের কথ্য ভাষাতেও বিশেষ্য অথবা বিশেষ্য স্থানীয় খণ্ডকাব্য কিংবা বাক্যাংশের পরিবর্তে সর্বনাম পদের ব্যবহার রয়েছে। সর্বনাম পদে পুরুষ ভেদে নানা বৈচিত্র্য রয়েছে। এই অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীর মধ্যে স্থানীয় ও অভিবাসিত কথ্য বাংলায় ব্যবহৃত সর্বনামে কিছু অমিল লক্ষ করা যায়। স্থানীয় কথ্যবাংলায় ব্যবহৃত সর্বনাম মান্য চলিতের থেকে বৈচিত্র্যপূর্ণ। কিন্তু অভিবাসিত কথ্যবাংলায় ব্যবহৃত সর্বনাম মান্য চলিতের সঙ্গে নিকট সম্পর্ক যুক্ত।

স্থানীয় কথ্যবাংলায় উত্তম পুরুষ বাচক সর্বনামগুলি হল—মুই, মোক, মুহে, হামাক, হামরা, হারা, মোর, হামার ইত্যাদি। লক্ষণীয় এখানে চলিত বাংলার 'আমি' অনুপস্থিত। আবার হামরা, হামাক, হারা, হামার এই সর্বনামগুলি একবচন এবং বহুবচন উভয় ক্ষেত্রেই ব্যবহৃত হয়। ব্যবহারের দিক থেকে এই সর্বনামগুলি একবচনে ব্যবহৃত হয় সাধারণত সম্মানীয়, স্নেহাস্পদ এবং অপরিচিত ব্যক্তির সঙ্গে বাক্য বিনিময়ের সময়ে। যেমন,

(ক) হাবো জামাই হামার বেটি ক্যামন আছে বো। (হ্যাগো জামাই আমার মেয়ে কেমন আছে)

(খ) হাবো ভাগিনা হামার ওঠি জাশ ব্যাড়াবা। (ভাগ্নে আমাদের ওখানে যেয়ো বেড়াতে)

(গ) হামরা জামঅনা বো। (আমি যাব না)

(ঘ) হামাক বেটির বাড়িত জাবা হোত। (আমাকে মেয়ের বাড়ি যেতে হত)

(ঙ) হারা শুনে চলে আহিচি। (আমি শুনে চলে এসেছি)

(চ) বাগে আচকা হামরা তোমার বেটিক নিবা আহিচি। (বাবা-শ্বশুর) আজকে আপনার মেয়েকে নিতে এসেছি)

(ছ) হামার বেটিটার তকনে মানুশ দ্যাখেন তো বো। (আমার মেয়ের জন্য জামাই দেখবেন কিন্তু)

ভাষার নমুনা

উভয় বাচকগোষ্ঠীর সংগৃহীত কথ্যভাষার নমুনার (Data) সাহায্যে বরিন্দ্ অঞ্চলে বসবাসকারী উভয় বাচকগোষ্ঠীর আঞ্চলিকতার স্বরূপটি তুলে ধরা হল। এবিষয়ে সংগ্রহের স্থান ও অন্যান্য পরিচয় নিম্নে দেওয়া হয়েছে। মূল পাঠ(Text) টি হল—"আমার ছোট ছেলে সেদিন আমাকে বলল, 'আমি আর এক সাথে থাকবোনা। আমাকে পৃথক করে দাও। আমার ভাগের যতটুকু জমি আমি পাবো আমাকে মেপে দিয়ে দাও।' তখন আমি বললাম, হ্যারে আমরা বুড়ো বুড়ি যতদিন বেঁচে আছি ততদিন তোরা একটু ধৈর্য ধর। তিন ভাইয়ে পৃথক হয়ে গেলে তোরা দুর্বল হয়ে পড়বি। তখন সে বলল, 'ঠিক আছে তোমার কথাই হোল্।"

১.

গ্রাম—পার্বতীডাঙ্গা — অঞ্চল—বৈদ্যপুর, থানা—হবিবপুর
নাম—নীলরতন সরকার — জাতি—নমশূদ্র, মন্তব্য—(অভি)ফরিদপুর (উত্তর)

হেইদিন আমার ছুডো পুলা আমারে কোইলো, "আমি আর অ্যাকহাতে থাহুমনা। আমারে ভিন্নো কোইরে দে। আমার ভাগের জেইটুকু ক্ষ্যাৎ আমি পামু হেইটুকু মাইপ্যা দে।" হেই শুমায় কোইসি, আমরা বুড়্যা-বুড়ি জৎদিন বাইচ্যা আসি তৎদিন ইডু শইয়্যা থাক। তুরা ভিন্নো অইয়্যাগ্যালে দুব্বল অইয়্যা পোড়বি। হেইকালে উই কোইলো "ঠিক আসে তাইলে তুই জা কচ্ তাইই ওইবো।"

২.

গ্রাম—পার্বতীডাঙ্গা — অঞ্চল—বৈদ্যপুর, থানা—হবিবপুর
নাম—সত্যেন বিশ্বাস — জাতি—নমশূদ্র, মন্তব্য—(অভি)ফরিদপুর (দক্ষিণ)

সেদিন আমার ছোট ছলডা আমারি কলো, "আমি আর অ্যাকশাৎ থাকপোনা, আমারি ভেন্নো অরি দ্যাও। আমার ভাগের জিটুক জমি আমি পাবো তাইয়্যা মাপিয়্যা দ্যাও।" শেই শুমা আমি কলাম, আমরা বুড়ুয়্যা-বুড়ি জৎশুমা বাচিয়্যা আসি তৎশুমা শবুর অরিয়্যা থাক্। তোরা ভেন্নো ওইয়্যা গিলি দুব্বল ওইয়্যা জাবানি। শেইশুমা শেইথি কলো, "ঠিক আসে, তুমি জা কচ্সো তাই অবে।"

৩.

গ্রাম—দাল্লা — অঞ্চল—বৈদ্যপুর, থানা—হবিবপুর
নাম—মাণিক মণ্ডল — জাতি—নমশূদ্র, মন্তব্য—(অভি)

শেইদিন আমার ছোট ছেলে আমার কাসে কলো, "আমি আর অ্যাক শঙ্গে থাকপোনা আমার আলাদা কোইরে দ্যাও। আমার ভাগের জেটুক জমি আমি পাবো শেটুক আমার মাপে দ্যাও।" তখন আমি কলাম, আমরা বুড়ুও-বুড়ি জৎদিন বাঁচে আসি তৎদিন একটু ধৈর্যধরে

(খ) তোরা থাকেন। (সম্মানার্থে—আপনি থাকেন, স্নেহার্থে—তুমি থাক)

প্রথম পুরুষ হিসেবে 'ওই', 'অয়', 'অরা', 'অক', 'অর', 'অমরা', 'অসমার', 'অহে' ইত্যাদি সর্বনাম পদের ব্যবহার রয়েছে স্থানীয় জনগোষ্ঠীর কথ্যবাংলায়। 'অরা' এই সর্বনামটি সম্মানার্থ এবং স্নেহার্থ উভয় অর্থেই ব্যবহার হয়ে থাকে।

অপরদিকে অভিবাসিত জনগোষ্ঠীর কথ্যবাংলায় ব্যবহৃত সর্বনামগুলি চলিত বাংলার রূপের মতোই। উত্তম পুরুষ বাচক সর্বনামের রূপগুলি হল—'আমি', 'মুই', 'মোর', 'আমরা', 'আমাদের', 'আমার', 'আমাগো', 'আমাগে', 'মোগো', 'মোরে' ইত্যাদি।

মধ্যম পুরুষের রূপগুলি হল—সাধারণ অর্থে—'তুই', 'তোরে', 'তোক', 'তোমারে', 'তোমরা', 'তোর', 'তোমাগো', 'তোমাগে', 'তোগে', 'তোকে' এবং সম্মানার্থে—'আপনি', 'আপনে', 'আপনারে' 'আমনে', 'আপনাগো', 'আপনাদের', 'আপনাদের' ইত্যাদি।

প্রথম পুরুষে ব্যবহৃত সর্বনামগুলি হল—'ওই', 'হে', 'হেডা', 'সে', 'অরা', 'হেরা', 'হেডারা', 'তারা' 'ওনারা', 'ওরা' ইত্যাদি।

অভিবাসিত জনগোষ্ঠীর কথ্যবাংলায় চলিত বাংলার মতো একবচন ও বহুবচনের রূপগুলি নির্দিষ্ট আছে, কিন্তু স্থানীয় কথ্যবাংলায় কিছু ক্ষেত্রে সর্বনামের দ্বারা একবচন, বহুবচন দুই-ই বোঝায়। যেমন—হামরা জাম্অ—এ বাক্যে 'হামরা' শব্দটি আমি/আমরা দুই-ই বোঝাতে পারে।

১১. শব্দদ্বৈত: মান্য চলিত বাংলার মতো বরিন্দ্ অঞ্চলের উভয় বাচক গোষ্ঠীর কথ্যে শব্দদ্বৈতের ব্যবহার রয়েছে। বিভিন্ন অভিব্যক্তি ও অর্থ প্রকাশে ব্যবহৃত শব্দদ্বৈতগুলি অধিকাংশেরই আঞ্চলিক বিশেষত্ব রয়েছে। কিছু ক্ষেত্রে চলিত বাংলার প্রভাব রয়েছে; কিন্তু সে ক্ষেত্রেও আঞ্চলিক উচ্চারণরীতি বর্তমান। যেমন—

আঞ্চলিক

কথ্যে ব্যবহৃত শব্দদ্বৈত	মান্য চলিতে অর্থ	বাক্যে ব্যবহার
অগিন-অগিন	ঘৃণ্য	—অগিন-অগিন এয়া খায় কেলো।
ওদ্দে ওদ্দে	রোদে-রোদে	—ওদ্দে ওদ্দে ঘুরে হানে ওদ নাগি গিচে।
গিঞ্জিগিঞ্জি	অতিরিক্ত গাদানো	—খড়ির মাচাঙোৎ গিঞ্জিগিঞ্জি খড়ি থুচিনু।
গুদ্গুদ্	নরম	—ভুই কোনারা গুদ্গুদ্ কাদো হোইচে।
গুল্গুল্	অতি বৃদ্ধ	—বুড়াকোনা খালি গুল্গুল্।
ঘ্যাক্ঘ্যাক্	লাথিমারা	—ঘ্যাক্ঘ্যাক্ কোরি নাৎথি মারলি শয়।
ঘ্যাল্ঘ্যাল্	কাদার মত নরম	—ঘ্যাল্ঘ্যাল্ কোরি আটার উটিহোবিনা।
চড়্চড়	সবেগে গাছে ওঠা	—চড়্চড় কোরি গাছোৎ উঠে জাছে বো।
চন্চন্	চড়া	—মংশোর তকারিৎ চন্চন্ ঝাল দিবা হয়।
চ্যাল্চ্যাল্	পাতলা ভাবে ছড়ানো	—চ্যাল্চ্যাল্ কোরি ধান শুকাবা দিবা হোবি।

অহন আমারে পের্থক কোইরা দ্যাও। আমি জৎটুক মাডি ভাগে পামু আমারে মাইপা দ্যাও।" তহন আমি কোইলাম আমরা বুইড়া-বুড়ি জৎদিন বাইচা আসি, তৎদিন শবুর কোইরা থাহ। তিন ভাইয়ে পের্থক ওইয়া গ্যালে পর নরম ওইয়া জাবা। তহন হে কয়, "তাইলে টিকাশে তোমার কতাডাই ওইলো।"

৮.

গ্রাম—জয়দেবপুর অঞ্চল—জাজৈল, থানা—হবিবপুর
নাম—চেমঠি মণ্ডল জাতি—রাজবংশী, মন্তব্য—(অভি)

হামার ছটকা শেদিনকা হামাক কহেচে, "মুই আর অ্যাকজাগাৎ থাকতে চাহোনা। মোক ভিন্অ খাতে হবে। মুই জত্তোকোনা মাটি ভাগে পামু, মোক মাপ্যে দিতে হবে।" তে হামরা কোহিন, হার‍্যা, হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচে আছি তোৎদিন তোমাক ধোজ্জ ধোরে থাকতে হবে। তিন্অ ভাইয়ে ভিন্অ হোয়ে গেলে তোমরা নরম হোয়ো জাবেন। তংকা কহেচে, "তালে ঠিক্অ্যা আছে, তোর কথায় হোলি।"

৯.

গ্রাম—কিশমা সুলতানপুর অঞ্চল—আলাল, থানা—গাজোল
নাম—ধলা মণ্ডল জাতি—রাজবংশী, মন্তব্য—(স্থা)

মোর ছটো ব্যাটা ওদিন মোক কহেচে, "মুই আর অ্যাক জাগাৎ থাকুমনা। য়্যাংকা মোক ভিন্অ খাতে হবে। মুই জত্তোকোনা মাটি ভাগে পাম, মোক মাপ্যে দিতে হবে।" তে মুই কোহ্নু, হার‍্যা, হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচে আছি তোৎদিন তোমরা অ্যাকনা ধোজ্জ ধরো। তিন্অ ভাইয়ে ভিন্অ হোয়ে গেলে তোমরা নরম হোয়্যে জাবেন। তংকা কহেচে, "তালে ঠিক্অ্যা আছে, তোর কথায় হোলি।"

১০.

গ্রাম—আহোরৈল (কাদিরপুর) অঞ্চল—বৈদ্যপুর, থানা—হবিবপুর
নাম—হরেকেষ্ট বর্মন জাতি—রাজবংশী, মন্তব্য—রাজবংশী

মোর ছটো ব্যাটা ওদিন মোক কহেচে, "মুই আর অ্যাক জাগাৎ থাকুমনা। য়্যাংকা মোক ভিন্অ খাতে হবে। মুই জত্তোকোনা মাটি ভাগে পাম, মোক মাপ্যে দিতে হবে।" তে মুই কোহ্নু, হার‍্যা, হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচে আছি তোৎদিন তোমরা অ্যাকনা ধোজ্জ ধরো। তিন্অ ভাইয়ে ভিন্অ হোয়ে গেলে তোমরা নরম হোয়্যে জাবেন। তংকা কহেচে, "তালে ঠিক্অ্যা আছে, তোর কথায় হোলি।"

১১.

গ্রাম—মালিপাড়া অঞ্চল—পাকুয়াহাট, থানা—বামনগোলা
নাম—পতিত পাবন মণ্ডল জাতি—রাজবংশী, মন্তব্য—(স্থাঃ হিন্দু)

আঞ্চলিক

কথ্যে ব্যবহৃত শব্দদ্বৈত	মান্য চলিতে অর্থ	বাক্যে ব্যবহার
	বকা	—তুই ভাই ব্যাজাই ভদ্ ভদ্ কোরবা পারিশ।
মক্মক্	ভাত মাখা	—মক্মক্ কোরি ভাত মাখি খিলানু।
মল্মল্	সুগন্ধ	—শোজায় মল্মল্ বাশেনা বাঢ়াইছ্যা।
ম্যাড়্ম্যাড়্	মড়মড় শব্দ	—ম্যাড়ম্যাড় কোরি গাচটা ভাঙ্গি পোরিল।
শট্শট্	সোজা	—শট্শট্ হয়া খারে থাকবু না কাম ধোরবু।
শল্শল্	লম্বা	—হামার বেটিটা ফের শল্শল্ নম্ভা হচে।
শ্যাল্শ্যাল	পানসে	—তকারির ঝোলটা শ্যাল্শ্যাল হোইচ্যা।

এগুলি ছাড়াও চলিত ভাষার প্রভাবে বেশকিছু শব্দদ্বৈত বরিন্দ্ অঞ্চলের উভয় কথ্যভাষায় এসেছে।

কোরাদি। মুই জতোকোনা মাটি ভাগে পাম, মোক মাপ্যে দি।" তে মুই কোহনু, "হার‍্যা, হামরা বুড়া-বুড়ি জোৎদিন আছি তোৎদিন তোমরা অ্যানা ধোজ্জ ধোর‍্যা থাকো। তিন্অ ভাইয়ো জুদা হোয়্যাগিলে তোমরা নরম হোয়্যে জাবেন। তখন কহেচে, "ঠিক আছে তালে তোর কথাটায় হোলি।"

১৬.

গ্রাম—চন্দ্রাইল অঞ্চল—গোবিন্দপুর মহেশপুর, থানা—বামনগোলা
নাম—প্রমীলা মণ্ডল জাতি—রাজবংশী, মন্তব্য—(স্থা)

হামার ছট ব্যাটা শেদিনকা হামাক কহেচে, "মুই য়্যাংকা আর অ্যাকঠেনে থাকপা পামনা। মোক ভিন্অ হোবা হোবি। মুই জত্তোকোনা মাটি ভাগে পামু, মোক মাপ্যে ভাগ কোরে দিবা হোবি।" তে হামরা কোহিন, হার‍্যা, হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচে আছি তোৎদিন তোমাক অ্যানা ধোজ্জ ধোরে থাকপা হোবি। তিন্অ ভাইয়ে ভিন্অ হোয়ে গিলে তোমরা নরম পোড়ে জাবেন। তংকা কহেচে, "তালে ঠিক্অ্যা আছে, তোর কথায় হোলি।"

১৭.

গ্রাম—নরসিংহবাটি অঞ্চল—আকতৈল, থানা—হবিবপুর
নাম—প্রকাশ মণ্ডল জাতি—রাজবংশী, মন্তব্য—(স্থা)

মোর ছটো ব্যাটা ওদিন মোক কহেচে, "মুই আর অ্যাক জাগাৎ থাকুমনা। য়্যাংকা মোক ভিন্অ খাবা হোবি। মুই জত্তোকোনা মাটি ভাগে পাম, মোক মাপ্যে দি।" তে মুই কোহুনু, হার‍্যা, হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচে আছি তোৎদিন তোমরা অ্যানা ধোজ্জ ধরো। তিন্অ ভাইয়ে ভিন্অ হোয়ে গেলে তোমরা নরম হোয়ে জাবেন। তংকা কহেচে, "তালে ঠিক্অ্যা আছে, তোর কথায় হোলি।"

১৮.

গ্রাম—বেগুনবাড়ি অঞ্চল—হবিবপুর, থানা—হবিবপুর
নাম—বলরাম বর্মন জাতি—রাজবংশী, মন্তব্য—(স্থা)

মোর ছটো ব্যাটা সেদিন মোক কহেচে, "মুই আর অ্যাক জাগাৎ থাকুমনা। য়্যংকা মোক ভিন্অ কোরি দি। মুই জত্তোকোনা মাটি ভাগে পামু, মোক মাপ্যে দি।" তে মুই কোহুনু, হার‍্যা, হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচে আছি তোৎদিন তোমরা অ্যানা ধোজ্জ ধরো। তিন্অ ভাইয়ে ভিন্অ হোয়ে গেলে তোমরা নরম হোয়্যে জাবেন। তংকা কহেচে, "তালে ঠিক্অ্যা কোহিচি, তোর কথায় হোলি।"

১৯.

গ্রাম—হুড়াবাড়ি অঞ্চল—আকতৈল, থানা—হবিবপুর
নাম—প্রণব বর্মন জাতি—রাজবংশী, মন্তব্য—(স্থা)

থাক। তোরা আলাদা হোয়ে গিলি দুরবল হোয়ে পোড়বি। তখন সে কলো, "ঠিক আসে তুমি জা কলে তাই হবে"

৪.

গ্রাম—বানপাহাড় অঞ্চল—জগদলা, থানা—বামনগোলা
নাম—মাণিক শীল জাতি—নমশূদ্র, মন্তব্য—(অভি)

হেইদিন আমার সুডু সাওয়াল আমারে কোইলো, "আমি আর অ্যাকহাতে থাহা পারুম না। আমারে ভিন্নো কোইরা দ্যাও। আমার ভাগের জেইটুক জমি আমি পামু হেইটুক মাইপ্যা দ্যাও।" হেই শোমায় আমি কোইলাম, আমরা বুইড়্যা-বুড়ি জেই কয়দিন বাঁইচা রোইসি তৎদিন ইটুতিন্যা হবুর কোইরা র। তুরা ভিন্নো আইয়া গেলি অ্যাক্কেবারে দুরবল আইয়া পোড়বি। হেই কালে উই আমারে কোইলো, "ঠিক আসে তুমি জা কোইলা তাই ওইব্যান।"

৫.

গ্রাম—নন্দিনাদহ অঞ্চল—চাঁদপুর, থানা—বামনগোলা
নাম—পরেশ হালদার জাতি—নমশূদ্র, মন্তব্য—(অভি) বরিশাল

মোর ছোডো পোলায় হেইদিন আমারে কয়, "মুই আর অ্যাক লগে থাহুমনা। অহন আমারে আলাদা কোরগা দ্যাও। মুই জৎটুক মাডি ভাগে পাম আমারে মাপকা দ্যাও।" তহন মুই কোইলাম আমরা বুড়গা-বুড়গি জে তামাৎ বাইচা আসি, হে তাম্যাৎ ধোইরজ ধোরগা থাহো। তিন ভাইয়ে ভেন্ন হোইয়া গ্যালে পর নরম হোইয়া জাবা। তহন হে কয়, "তাইলে টিকাশে তোমার কতাডাই হোইলো।"

৬.

গ্রাম—বুড়িদহ অঞ্চল—রাণীগঞ্জ, থানা—গাজোল
নাম—স্বপন সরকার জাতি—নমশূদ্র, মন্তব্য—(অভি)ফরিদপুর

হেইদিন আমার সোডো পুলা আমারে কোইলো, "আমি আর অ্যাকহাতে থাহুমনা। আমারে ভিন্নো কোইরা দ্যাও। আমার ভাগের জেইটুক ক্ষ্যাৎ আমি পামু হেইটুকু মাইপা দ্যাও।" হেই শুমায় কোইসি, আমরা বুড়্যা-বুড়ি জৎদিন বাইচ্যা আসি তৎদিন ইডু শইয়্যা থাহো। তুরা ভিন্নো অইয়্যাগ্যালে পর দুব্বল অইয়্যা পোড়বি। হেইকালে উই কোইলো "টিকাশে তাইলে তুমি জা কও তাইই ওইবো।"

৭.

গ্রাম—কুপাদহ অঞ্চল—মদনাবতী, থানা—বামনগোলা
নাম—অনিরুদ্ধ সরকার জাতি—কপালি, মন্তব্য—(অভি) ময়মনসিংহ

আমার ছোডো পোলায় হেইদিন আমারে কোইবার নইছে, "আমি আর অ্যাকলগে থাহুমনা।

তোৎদিন তোরা ধোজ্জ ধোরি থাকো। তিন ভাইয়ে জুদা হোবা গেলে নরম হোয়ে জাবেন। তখনকা কহেচে, "তালি ঠিকঅ্যা আছে, তোর কথায় হোবি।"

২৪.

গ্রাম—মদনা হার	অঞ্চল—করকচ্,	থানা—গাজোল
নাম—আজিমুদ্দিন সরকার	ধর্ম—মুসলমান,	মন্তব্য—(স্থা)

মোর ছোটো ব্যাটা কহোচে, "মুই জুদা হোয়ে জাম। অ্যাক জাগাৎ থাকিমনা। মুই জতোকোনা মাটি ভাগে পাম ততোকোনা দিয়ে দি।" মুই কোহ্নু হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচি আছি, তোৎদিন তোরা ধোজ্জ ধোরি থাকো। তিন ভাইয়ে জুদা হয়া গেলে নরম হয়া জাবেন। তখনকা কহোচে, "তালি ঠিক আছে, তোর কথায় হোবি্।"

২৫.

গ্রাম—কুতুবপুর	অঞ্চল—পাণ্ডুয়া,	থানা—গাজোল
নাম—সামশুল হক	ধর্ম—মুসলমান,	মন্তব্য—(স্থা)

শেদিনকা মোর ব্যাটায় বললে, "মুই আর অ্যাক শঙ্গে থাকিমনা, মোক আলাদা কোরি দি। মোর ভাগের জেটা জমি মুই ভাগে পামু মোক মাপি দিয়ে দ্যা।" তখনেই মুই বোলনু, হামরা বুড়া-বুড়ি জৎদিন আছি তৎদিন ধোর্জ ধোরি থাক। তোরা জুদি ভিন্ন হোয়ে জাশ তালে দুরবল হোয়ে পোড়বি। তখন বলল, "ঠিক আছে তুই জা বোল্‌লু তায় হবে।"

২৬.

গ্রাম—কালীদিঘি	অঞ্চল—পাণ্ডুয়া,	থানা—গাজোল
নাম—ইশমাতারা	ধর্ম—মুসলমান,	মন্তব্য—(স্থা)

শেদিনকা মোর ব্যাটায় মোক বললে, "মুই আর অ্যাক শঙ্গে থাকিম্‌না, মোক আলাদা কোরি দি। মোর ভাগের জেতোটুক জমি মুই ভাগে পামু—মোক মাপি দিয়ে দ্যা।" তখনেই মুই বোলনু, হামরা বুড়া-বুড়ি জৎদিন আছি তৎদিন ধোর্জ থোরি থাক। তোরা জুদি জুদা হোয়ে জাশ তালে দুরবল হোয়ে পড়বি। তখন বললে, "ঠিক আছে তুই জা বোল্‌লু তায় হবে।"

২৭.

গ্রাম—শুকনগর	অঞ্চল—আইহো	থানা—হবিবপুর
নাম—কালু প্রামাণিক	জাতি—নাপিত,	মন্তব্য—(স্থা)

শেদিনকা হামার ব্যাটা হামাকে বুললো, "হামি আর অ্যাক শঙ্গে থাকবোনা, হামাকে আলাদা কোরে দ্যাও। হামার ভাগের জেটা জমি হামি ভাগে পাবো শেটা হামাকে মাপে দিয়ে দ্যাও।" তখন হামি বোলনু, হামরা বুড়া-বুড়ি জৎদিন আছি তৎদিন ধোর্জ ধোরি থাক। তোরা জুদি ভিন্ন হোয়ে জাশ তালে দুরবল হোয়ে পোড়বি। তখন বুলল, "ঠিক আছে তুই জা বোল্‌লু তায় হবে।"

মোর ছটো ব্যাটা শেদিনকা মোক কহেচে, "মুই আর অ্যাকঠেনে থাকিম না। মোক জুদা কোরে দি। মুই জতোকোনা মাটি ভাগে পাম, মোক মাপ্যে দি।" তে মুই কোহুনু, "হার‍্যা, হামরা বুড়া-বুড়ি জোৎদিন আছি তোৎদিন তোমরা অ্যানা ধোজ্জ ধোর‍্যা থাকো। তিন্অ ভাইয়্যে জুদা হোয়্যাগেলে তোমরা নরম হোয়ে জাবেন। তখন কহেচে, "ঠিক আছে তালে তোর কথায় হোলি।"

১২.

গ্রাম—চাঁদপুর অঞ্চল—চাঁদপুর, থানা—বামনগোলা
নাম—চেমঠু মণ্ডল জাতি—রাজবংশী, মন্তব্য—(স্থাঃ হিন্দু)

হামার ছটকা, শেনকা মোক কহেচে, "মুই আর অ্যাকজাগাৎ থাকবা পামনা। মোক ভিনঅ খাবা হোবি। মুই জত্তোকোনা মাটি ভাগে পাম মোক মাপে দি।" তে মুই কোহুনু হার‍্যা, হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচে আছি তোৎদিন তোমরা অ্যানা শোবুর করো। তিন্অ ভাইয়ে ভিনঅ হোয়ে গেলে তোমরা নরম হোয়্যে জাবেন। তখন কহেচে, "ঠিক আছে তোর কথায় হোলি।"

১৩.

গ্রাম—কামারডাঙ্গা অঞ্চল—পাকুয়াহাট, থানা—বামনগোলা
নাম—দীপঙ্কর সরকার জাতি—রাজবংশী, মন্তব্য—(স্থাঃ হিন্দু)

মোর ছটো ব্যাটা ওদিন মোক কহেচে, "মুই আর অ্যাক জাগাৎ থাকুমনা। য়্যাংকা মোক ভিন্অ কোরে দি। মুই জত্তোকোনা মাটি ভাগে পাম, মোক মাপ্যে দি।" তে মুই কোহুনু, হার‍্যা, হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচে আছি তোৎদিন তোমরা অ্যানা ধোজ্জ ধরো। তিন্অ ভাইয়ে ভিন্অ হোয়ে গেলে তোমরা নরম হোয়্যে জাবেন। তংকা কহেচে, "তালে ঠিক্অ্যা আছে, তোর কথায় হোলি।"

১৪.

গ্রাম—আশ্রমপুর অঞ্চল—জগদলা, থানা—বামনগোলা
নাম—প্রমথনাথ সরকার জাতি—জেলে কৈবর্ত মন্তব্য—(স্থাঃ হিন্দু)

মোর ছোটো ব্যাটা সেদিনকা মোক কছে, "মুই আর অ্যাখেটে থাকিম না। মোক আলাদা কোরি দি। মুই জেকুনা মাটি ভাগে পাম, মোক মাপি দিয়াদি।" তে মুই কোনু হারে, হামরা বুড়া-বুড়ি জোৎ দিন আছি, তোৎদিন তোমরা অ্যানা ধোজ্জ ধোরি থাকো। তিন্অ ভাইয়ে আলেদা হয়া গেলি তোমরা নরম হয়া জাবেন। তখন কছে, "তালি ঠিক আছে, তোর কথায় হোল্।"

১৫.

গ্রাম—শুকইল অঞ্চল—জগদলা, থানা—বামনগোলা
নাম—সূর্য মণ্ডল জাতি—রাজবংশী, মন্তব্য—(স্থাঃ হিন্দু)

মার ছটো ব্যাটা শেদিনকা মোক কহেচে, "মুই আর অ্যাকঠেনে থাকুমনা। মোক ভিন্অ

বরিন্দ্ অঞ্চলের ভাষা ও শব্দকোষ

অ

অ = (উভ) -অব্য. তাই নাকি

অক = (স্থা) -সর্ব. ওকে

অক্কত = (অভি) -অব্য. হঠাৎ

অক্কর = (অভি) -বিণ. ধীরে

অকতা-কুকতা = (অভি) -বিণ. বাজে কথা

অকৃতালাশ = (অভি) -বি. খোঁজ খবর

অক্দমা = (অভি) -বি. হতভম্ব

অকললা = (অভি) -বিণ. ঝগরাটে

অকা = (অভি) -বিণ. বোকা

অকাইঠা = (অভি) -বিণ. যুক্তি তর্ক না মানা

অকাইতা = (অভি) -বিণ. খুব পাকা ছেলে

অকাজুয়া = (স্থা) -বিণ. অকেজো- অ + কাজ + উয়া

অকানটা = (অভি) -বিণ. বাঁধা নিষেধ না মেনে কাজ করা

অকামা = (উভ) -বিণ. অকর্মা

অকারত = (অভি) -বিণ. অনর্থক

অকারি = (উভ) -বিণ. অকেজো

অক্কে-নককে = অনর্থক

অক্কালশে = (অভি) -বিণ. অতি সহজেই

অক্কি = (অভি) -ক্রি. আচমকা ভয় দেখানো

অক্ত = (স্থা) -বি. রক্ত, রক্ত > অক্ত

অক্তচোশা = (স্থা) -বি. গিরগিটি - সং. রক্ত + চোশা < সং. চুষ্ + আ

অখান্দা = (অভি) -বিণ. অনুপযোগী

অপ = (স্থা) -বি. রগ

অপ = (অভি) -বি. বক

অগনাড়ি = (অভি) -বিণ. অকেজো

অগদমা = (অভি) -বিণ. নির্বোধ

অগরি = (অভি) -বি. ওদের বাড়ি

অগাই = (অভি) -বিণ. বুদ্ধিহীন

অগাত = (অভি) -বিণ. অসংখ্য

অগার = (অভি) -সর্ব. ওদের

মোর ছটো ব্যাটা ওদিন মোক কহেচে, "মুই আর অ্যাক জাগাৎ থাকুমনা। য়্যাংকা মোক ভিন্অ কোরে নি। মুই জত্তোকোনা মাটি ভাগে পাম, মোক নাপ্যে দি।" তে মুই কোহুনু, হার‍্যা, হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচে আছি তোৎদিন তোমরা অ্যানা ধোজ্জ ধরো। তিন্অ ভাইয়ে ভিন্অ হোয়ে গেলে তোমরা নরম হোয়্যে জাবেন। তংকা কহেচে, "তালে ঠিক্অ্যা আছে, তোর কথায় হোলি।"

২০.

গ্রাম—পাউল অঞ্চল—পাকুয়াহাট, থানা—বামনগোলা

নাম—শফিদুর রহমান ধর্ম—মুসলমান, মন্তব্য—(স্থা)

মোর ছোটো ব্যাটা কহেচে, "মুই জুদা হোয়ে জাম। অ্যাক জাগাৎ থাকুমনা। মুই জতোকোনা মাটি ভাগে পাম ততোকোনা দিয়ে দি।" মুই কোহনু হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচি আছি, তোৎদিন তোমরা ধোজ্জ ধোরি থাকো। তিন ভাইয়ে জুদা হোবা গেলে নরম হোয়ে জাবেন। তখনকা কহেচে, "তালি ঠিক আছে, তোর কথায় হোবি।"

২১.

গ্রাম—গোবিন্দপুর অঞ্চল—গোবিন্দপুর মহেশপুর, থানা—বামনগোলা

নাম—ইমারৎ আলি ধর্ম—মুসলমান, মন্তব্য—(স্থা)

মোর ছোটো ব্যাটা কহেচে, "মুই জুদা হোয়ে জাম। অ্যাক জাগাৎ থাকিমনা। মুই জতোকোনা মাটি ভাগে পাম ততোকোনা মোক দিয়া দি।" মুই কোহুনু হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচি আছি, তোৎদিন তোরা ধোজ্জ ধোরি থাকো। তিন ভাইয়ে জুদা হোবা গেলে নরম হোয়ে জাবেন। তখনকা কহেচে, "তালি ঠিক আছে, তোর কথায় হোবি।"

২২.

গ্রাম—গাঙ্গুরিয়া অঞ্চল—জগদলা, থানা—বামনগোলা

নাম—কল্পনা সরকার জাতি—রাজবংশী, মন্তব্য—(স্থা)

মোর ছোটো ব্যাটা কহেচে, "মুই জুদা হোয়ে জাম। অ্যাক জাগাৎ থাকুমনা। মুই জতোকোনা মাটি ভাগে পাম ততোকোনা— মোক নাপে দিয়ে দি।" তে মুই কোহুনু হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচি আছি, তোৎদিন তোরা ধোজ্জ ধোরে থাকো। তিন ভাইয়ে জুদা হোয়ে গেলে নরম হোয়ে জাবেন। তখনকা কহেচে, "তালে ঠিক আছে, তোর কথায় হোলি।'

২৩.

গ্রাম—একলক্ষ্মী অঞ্চল—বহিরগাছি-২, থানা—গাজোল

নাম—ধর্মু বর্মন জাতি—রাজবংশী, মন্তব্য—(স্থা)

মোর ছোটো ব্যাটায় কহেচে, "মুই জুদা হোয়ে জাম। অ্যাক জাগাৎ থাকুমনা। মুই জতোকোনা মাটি ভাগে পাম ততোকোনা দিয়ে দি।" মুই কোহুনু হামরা বুড়া-বুড়ি জোৎদিন বাঁচি আছি,

অনহে-দুনহে = (অভি) -অব্য. শুধু শুধু
অনার = (অভি) -বিণ. বোধ শক্তি হীন
অনে = (অভি) -সর্ব. ওখানে
অনেরা = (অভি) -সর্ব. আপনারা
অন্যাই = (স্থা) -বিণ. অন্যায়, 'য়' > 'ই'
অপ্-তপ্ = (স্থা) -বিণ. শয্যাশায়ী (বুড়াটা শয় অপ্-তপ্ হয়ে গিচ্যা।)
অপদা = (অভি) -বিণ. অপয়া
অপ্রাশোন = (অভি) -ক্রি. অপারেশন, ইং. Operation
অপাই = (অভি) -বিণ. অপয়া
অপুচি = (স্থা) -বিণ. তুচ্ছ ব্যক্তি
অপুৎরা = (অভি) -বিণ. অপুত্রক
অব্দা = (অভি) -বিণ. বুদ্ধিহীন
অবাই = (অভি) -সর্ব. ঐরকম
অবাংগাল = (অভি) -বিণ. বুদ্ধিহীন
অবাট = (উভ) -বি. রবার, ইং. Rubber
অবাতুইরা = (অভি) -বিণ. অকেজো
অবাব = (অভি) -বি. অভাব
অবি = (অভি) -সর্ব. ঐ রকম
অবি = (অভি) -বি. লম্বা জামা
অবিয়স্তি = (অভি) -বিণ. বন্ধ্যা
অবুশ = (অভি) -বিণ. অবুঝ
অম্মুরা = (অভি) -সর্ব. ওপাশে
অম্রা = (স্থা) -সর্ব. তারা সং. অসৌ > ও + রা
অম্রায় = (স্থা) -সর্ব. ওরাই
অমার = (স্থা) -সর্ব. ওদের
অয় = (স্থা) -সর্ব. সে, সং. অসৌ > প্রা. ওই > অয়
অয় = (অভি) -অব্য. হয়
অয়্রান = (অভি) -বিণ. ক্লান্ত
অয়ার্ = (অভি) -বি. ছিদ্র
অর = (স্থা) -সর্ব. ওর, সং. অসৌ > ও + র
অরদিশা = (অভি) -বিণ. দিশেহারা
অরা = (স্থা) -সর্ব. ওরা
অরাইল্যা = (অভি) -বিণ. ভীষণ শব্দ করে
অরাপা = (অভি) -বি. জমিতে খরের তৈরি কুশপুত্তলি

২৮.

গ্রাম—শুকইল অঞ্চল—জগদলা, থানা—বামনগোলা
নাম—প্রণব সরকার জাতি—মাহিষ্য, মন্তব্য—(অভি)

মোর ছোটো ব্যাটা শেদিন মোক কোল, "মুঁই আর তোমাকরে শাতে থাকুম না। মোক ভিন্ন কোরে দে। মুঁই জেক্না মাটি ভাগত্ পামু শেক্না মোক মাপে দে। তকন মুই কোনু হ্যাঁ ব্যাটা হামরা বুড়া-বুড়ি জৎদিন বাঁচুম তৎদিন তোরা না শবুর করো। তোরা তিন জোনা ভিন্ন হলে নরম হোয়ে পোরবুখো। তখন ব্যাটা কোল, "তাইলে ঠিক আচে, তোমার করে কতাই হোল।"

২৯.

গ্রাম—আশ্রমপুর অঞ্চল—জগদলা, থানা—বামনগোলা
নাম—নিরঞ্জন রবিদাস জাতি—মুচি, মন্তব্য—(স্থা)

হাম্মার ছোটো বেটা হামরা শেদিন কহল ক্যায়, "হাম আর একঠিনা ন্যায় রহবো। হাম্‌রা জুদ্দা কর্‌দে। হাম জত্‌ন্যাটি জামি হিশ্যা মে মিলত্যায় নাপকে হামরা দেদে।" তব্ হাম ক্যাহলি হ্যারে হাম্‌রা বুড়্হা-বুড়্হি জত্‌না দিন ব্যাঁচকে হ্যাই তত্‌না দিন জ্যারা শবুর ক্যর, তিন ভ্যায় জুদ্দা হো গেলেশে হীন হো জাইবে। ত্যাতিবেরা উঁঃ কহল্ ঠিক আছে তোর বাত্ ঠিক হ্যায়।"

আইটা = (অভি) -ক্রি. শক্ত করে
আইঠা = (অভি) -বিণ. এঁটো
আইডা = (অভি) -বিণ. এঁটো
আইডডা কলা = (অভি) -বি. বিচি কলা
আইড়া; হাড় = (অভি) -বি. ষাঁড়, সং. অণ্ড> প্রা. অংড> আড়িয়া> আইড়া
আইতান-কাইতান = (অভি) -বি. আশ্বিনের ঝড়ের দিন
আইদদোত = (অভি) -বি. অভ্যাস
আইদা = (অভি) -বি. বটি
আইনচল = (অভি) -বি. আঁচল
আইন্যা = (অভি) -বি. কলাগাছের থোড়
আইযাসিত = (অভি) -বিণ. অবিবাহিতা
আইয়ালি-বোর্তি = (স্থা) -বি. এয়ো
আইয়্যা = (স্থা. মু.) -ক্রি. চমকে ওঠা
আইর = (অভি) -বি. আস্য; বংশের প্রথা
আইরল্ = (অভি) -বি. গোসাপ
আইরা-আইরি = (অভি) -বি. জেদা জেদি
আইল = (অভি) -বি. আল
আইলক্যা = (অভি) -বিণ. হাল্কা, সং. লঘুক>প্রা. হলক্ক >হলুক >হাল্কা>আইল্কা
আইলা = (অভি) -বিণ. অলবনাক্ত, অলবন>আলুনা
আইল্লা = (অভি) -বিণ. অলবনাক্ত
আইলো-টাইলো = (অভি) -ক্রি. এলো-টেলো
আইলশা = (অভি) -বিণ. অলস, সং. অলস
আউগা = (অভি) -ক্রি. আয়
আউড়ি = (অভি) -বি. ধান রাখার গোলা
আউর-কাউর = (স্থা) -বি. বিশৃঙ্খল
আউরা মাদল = (অভি) -বিণ. লম্বা চওড়ায় সমান
আউল বাজান = (অভি) -ক্রি. গন্ডগোল করা
আউল্লা নড়ি = (অভি) -বি. গরু তাড়াবার ছোটো লাঠি
আউলাইন্যা = (অভি) -বিণ. এলো মেলো
আউলি = (স্থা) -বিণ. এলোমেলো আকুল>আউল + ই
আউশ = (অভি) -বি. সাধ
আউহানো = (অভি) -ক্রি. পাখা দ্বারা বাতাস করা
আও = (স্থা) -বি. কথা, রাব>রাও>আও
আওচাও = (স্থা) -বি. কথা-বার্তা

অগিন-অগিন = (অভি) -অব্য. ছি! ছি!

অং = (স্থা) -বি. রং

অঙ্গিল = (স্থা) -বিণ. রঙিন

অঙ্গিলা = (স্থা) -বিণ. রঙিলা

অচিক = (অভি) -বিণ. অসম্ভব

অ-চিনার = (স্থা) -বিণ. অপরিচিত সং. অ-চিহ্ন < অচিনার

অজাইতি = (অভি) -বিণ. নীচু জাতের

অট = (স্থা) -বি. রড়্

অট = (অভি) -বি. আদেশ পালনে অনীহা

অটকানো = (অভি) -ক্রি. বমি করা

অটলশা = (অভি) -বিণ. অলস

অটাট্টু = (অভি) -বিণ. অসম্ভব

অটে = (অভি) -সর্ব. ওখানে

অটে = (অভি) -বিণ. অনর্থক

অডক্কার = (অভি) -অব্য. হঠাৎ

অডল = (অভি) -বি. হোটেল

অডা = (অভি) -সর্ব. ওটা

অডাৎ = (অভি) -বিণ. হঠাৎ

অডাশ = (অভি) -বি. আশ্চর্য

অতলা = (স্থা) -বিণ. এতগুলি

অতে = (উভ) -সর্ব. ওটাতে

অৎথ = (স্থা) -বি. শরীর, সং. < আত্মা

অথ = (স্থা) -বি. রথ

অদ্গত্যা = (অভি) -বিণ. অকর্মা

অদদে = (অভি) -সর্ব. এ দেখ, (দেখ-দেখ)

আদমচুড়া = (অভি) -বিণ. হৃষ্টপুষ্ট অথচ অকেজো

অদম্বুত্ = (অভি) -বিণ. অদ্ভুত

অদরের মরা = (অভি) -বিণ. অচল ব্যক্তি

অদি = (অভি) -বিণ. নিকৃষ্ট মানুষ

অদিন্না = (অভি) -বিণ. অসময়ে জাত

অদুনি = (অভি) -বিণ. সুন্দরী

অদে = (স্থা) -সর্ব. ওই যে

অদে অদে = (স্থা) -সর্ব. ওই যে ওই যে

অদো = (অভি) -সর্ব. ওহে

আগড়া = (স্থা) -বি. চালের গুরির অবশিষ্টাংশ
আগড়ানি = (স্থা) -বিণ. কনের সঙ্গে যাওয়া কনের দিদিমা স্থানীয়
আগল = (অভি) -বিণ. মাটি কাটার ঝুড়ি
আগালি = (স্থা) -বি. বাঁশের আগা
আগিনা = (স্থা) -বি. উঠান, সং. অঙ্গন, হি. আগনা
আগিলা = (স্থা) -বিণ. পূর্বের, আগের
আগোত = (স্থা) -বিণ. সামনে, আগে
আগোল = (অভি) -বি. ঝুড়ি/ধামা
আগৈল = (অভি) -বি. বোঝা
আগোন = (অভি) -বি. অগ্রহায়ণ
আগ্নোন = (স্থা) -বি. অগ্রহায়ণ
আঙখা = (অভি) -বি. আকাঙ্ক্ষা
আংগুইট = (অভি) -বি. আংটি
আঙঘরা = (স্থা) -বি. রান্নাঘর
আঙশুড় = (অভি) -বি. আঁকশি
আচকা = (উভ) -বি. আজকে
আচকা পিরন = (অভি) -বি. তৈরি জামা
আচ্‌চোইর্‌জ = (অভি) -বি. আশ্চর্য
আচছাড় = (স্থা) -ক্রি. আছাড়, উর্দু. পছাড়>আচ্ছাড়
আচা = (স্থা) -ক্রি. মুখ ধোয়া
আচাপোকা = (স্থা) -বি. শূক যুক্ত কীট, সং. আর্চ্চিস অর্চি (ঝাঁজ)>আচা + পোকা
আচাভুয়া = (স্থা) -বিণ. নির্বোধ
আচাশা = (অভি) -বিণ. অভদ্র
আচুক্যা = (অভি) -বিণ. আচমকা
আচ্ছা = (উভ) -অব্য. সম্মতিজ্ঞাপক
আচ্ছায় =ব্যতিক্রমী ব্যাপার
আছিলা ; আছিলা = (অভি) -বিণ. অজুহাত, আ. ওয়াসীল
আজড়ানো = (অভি) -ক্রি. খালি করা
আজলা = (স্থা) -বিণ. বোকা
আজাইড়া = (অভি) -বিণ. ফালতু কথা
আজ্‌লান = (স্থা. মু.) -বি. ভান
আজা ; আজাদা = (অভি) -বি. দাদু, সং. আর্য্যক > প্রা. অজ্জঅ > আজা
আজানো = (অভি) -ক্রি. দরজা বন্ধ করা
আজাবোজা = (অভি) -বিণ. নির্বোধ

অরাত = (অভি) -অব্য. ধপাস্
অরিরি = (অভি) -সর্ব. ওরে
অল = (অভি) -বি. বোলতার হুল
অলদাঅলান = (অভি) -বিণ. হলুদ বর্ণের
অলান = (অভি) -বি. পশুর স্তন
অশন্দ = (স্থা) -বিণ. সন্দেহ
অশমার = (স্থা. মু.) -সর্ব. ওদের
অশুন = (অভি) -বি. রশুন
অশুবিদা = (স্থা) -বি. অসুবিধা
অশুষ্গর = (অভি) -বি. আঁতরঘর
অশ্‌রা = (অভি) -বি. বারান্দা
অহন = (অভি) -সর্ব. এখন সং. এতদক্ষণ
অহন তরি = (অভি) -বিণ. এখন পর্যন্ত
অহনা = (অভি) -সর্ব. এখন
অহনি = (অভি) -সর্ব. এখুনি, সং এতদক্ষণ>এখন>অখন>অহন
অহুটা = (অভি) -বি. দম বন্ধ হবার মত অবস্থা
অহুন = (অভি) -বি. রশুন
অহে = (স্থা) -সর্ব. ওই
অহোমান = (অভি) -বি. অপমান

আ

আই = (স্থা) -বি. দিদিমা, সং, আর্য্যিকা>আজ্জিআ>আজি>আই
আই ; আইঅ = (স্থা, হি) -বি. দিদিমা
আইককশ্ = (অভি) -বি. রাক্ষস
আইখড় = (স্থা) -বি. রেখড়, সং এরঙ্গ>আখড়
আইগ্যা = (অভি) -অব্য. আজ্ঞে
আইচতরি = (অভি) -ক্রি. বিণ. আজ অবধি
আইচ্‌লা = (অভি) -বি. মাছের আঁশ
আইচা = (অভি) -বি. নারিকেলের মালা
আইট = (অভি) -বি. ভরসা
আইট = (স্থা) -বি. অধিকার, ইং. Right
আইটা = (অভি) -বি. ঝাড়ু

আড়ে-দিগলে = (অভি) -বিণ. লম্বায়-চওড়ায়
আড়ে-পাথালে = (অভি) -বিণ. সোজাসুজি
আঢ়াই = (স্থা) -বিণ. আড়াই, সং. অর্ধতৃতীয়
আঠায় = (স্থা) -বিণ. অহেতুক
আত = (স্থা) -বি. রাত, সং. রাত্রি > রাত > আত
আত = (অভি) -বি. হাত, সং. হস্ত > হত্থ > হত্ত > হাত > আত
আতা = (অভি) -বি. হাতা, সং. হস্ত > হত্থ > হাত > আত + আ
আত্তা = (স্থা) -বি. আত্মা
আতাবাতা = (অভি) -বিণ. তাড়াহুড়ো
আতারে-পাতারে = (স্থা) -বিণ. এদিকে সেদিকে
আতাল = (অভি) -বি. খামার
আতুয়া = (অভি) -বি. ফ্যান গলাবার পাত্র
আদবোয়া = (স্থা) -বিণ. আধপোয়া, সং. অর্দ্ধক>আদ + বোয়া
আদ্মগা = (অভি) -বিণ. নির্বোধ
আদরা = (অভি) -বিণ. এক পোয়ার অর্ধেক, সং. অর্দ্ধক আধ>আদ
আদম = (স্থা) -বিণ. অধম
আদল = (অভি) -বি. অবিশ্রান্ত বৃষ্টি, সং. বার্দ্দল>হিঃ বাদল>বা>আ
আদাই = (স্থা) -বি. উসুল, আ. আদা
আদাইনা = (অভি) -বিণ. বৃদ্ধবয়সী
আদাইয়া = (অভি) -বিণ. শ্রান্ত হয়ে
আদালাদি = (অভি) -বি. প্রজাপতি
আদিয়াদার = (অভি) -বি. বর্গাদার
আদিহিলা = (অভি) -বিণ. কৃপন ; ছুঁচো
আদুইরা = (অভি) -বিণ. আদুরে
আদে = (স্থা) -সর্ব. এই যে
আদেখিলা = (স্থা) -বিণ. সংকীর্ণমনা
আদোহলা = (অভি) -বিণ. লোভী
আধুরা = (স্থা) -বিণ. অসম্পূর্ণ
আনগা-টানগা = (অভি) -ক্রি. এনে-টেনে
আনচান = (স্থা) -বিণ. অস্থির, বাং. + ফা (আন + চয়েন>চান)
আনচুক্ = (অভি) -বিণ. হঠাৎ
আনজাত = (স্থা) -বি. অনুমান, ফা. আন্দায>আনজাত, (বর্ণবিপর্যয়)
আনজাতি = (স্থা) -বি. ভিত্তিহীন, ফা. আন্দায>আনজাত, (বর্ণবিপর্যয়)
আনজোর-পানজোর = (স্থা) -বি. আশ-পাশ

আওজ = (অভি) -বি. আওয়াজ, ফা. আবাজ
আওজে = (স্থা) -ক্রি. দরজা ভেজানো
আওড়া = (অভি) -বিণ. সস্তা
আওড়া-কাওড়া = (স্থা) -বিণ. বিশৃঙ্খলা
আওতা = (স্থা) -ক্রি. গোছানো
আউদানি = (অভি) -ক্রি. ঝামেলা করা
আওনে = (স্থা) -বি. আড়ালে
আওনে-বাওনে = (স্থা. মু.) -বিণ. আশে-পাশে
আওয়া = (অভি) -বি. কাঁঠালের রোয়া
আওলদার = (অভি) -বি. জেলে
আঐল = (অভি) -বি. আড়াল
আক্কশ = (স্থা) -বি. রাক্ষস র>অ
আক্শাইল = (অভি) -বি. খড়ি রাখবার স্থান
আক্শার = (অভি) -বিণ. হঠাৎ
আকাম = (অভি) -বি. ক্ষতি<আ + কাম<কম্ম<কর্ম্ম
আকাম শাকাম = (অভি) -বি. দুষ্টুমি
আকামা = (অভি) -বিণ. অকেজো সং. অকর্ম্ম>অকম্মা>অকামা
আকারি = (স্থা) -বিণ. নির্বোধ
আকাল = (স্থা) -বি. দুর্ভিক্ষ, তামিল শব্দ 'আকালি'= ক্ষুধা, দেশি মূল
আকাল্যা = (অভি) -বিণ. অভাবগ্রস্ত
আক্কোর = (স্থা) -বিণ. ক্রুর
আখর = (স্থা) -বি. গানের অন্তরা
আখর = (স্থা) -বি. শুকনো জমিতে প্রথম হাল চষা, অজ্ঞাতমূল
আখরি = (অভি) -বি. চালের মধ্যে নুড়ি পাথর
আখা = (স্থা) -বি. উনুন, সং. অগ্নিকা>আখা
আখা = (স্থা) -বি. উনুন সং. উখা
আখাউকা = (অভি) -বিণ. যে খায় নাই
আখাক্যা = (স্থা) -বিণ. পেটুক
আখাডা = (অভি) -বিণ. অযৌক্তিক
আখুড় = (স্থা) -বি. আঁক্শি, অঙ্কুশিকা>অঙ্কুশিআ>আঁক্শি>আখুড়
আগ = (স্থা) -ক্রি. রাগ, সং. রণ্জ + অ = রঞ্জন>রাগ
আগড়ম-বাগড়ম = (স্থা) -বিণ. অসংলগ্ন কথা, অগড়-বগড়
আগধান = (স্থা) -বিণ. অর্ধেক, সং. অর্দ্ধ>আধ + খান > আগধান
আগস্যামা = (অভি) -বি. আবছায়া

আবাগা = (অভি) -বিণ. হতভাগ্য
আবাঙগাল = (অভি) -বিণ. বোকা
আবাতি = (অভি) -বিণ. কচি
আবাতিয়া = (অভি) -বিণ. পেটুক
আবো = (স্থা. মু.) -বি. দিদিমা, অজ্ঞাতমূল
আবোর = (স্থা) -বিণ. আহত
আভারোত্ = (স্থা. মু.) -বিণ. অযোগ্য
আমগর = (অভি) -সর্ব. আমাদের
আমবাগন = (অভি) -বি. টমেটো, রাম > আম + বাগন < বাইগন < সং. বাতিগন
আম্লি = (অভি) -বি. তেঁতুল
আমশবরি = (অভি) -বি. পেয়ারা
আমশি = (অভি) -বি. আমসত্ত্ব
আমশুপরি = (স্থা) -বি. পেয়ারা
আম্হা = (অভি) -ক্রি. হাইতোলা
আমাইশ্ = (অভি) -ক্রি. অমাবস্যা
আমাক = (অভি) -সর্ব. আমাকে
আমাকগুনে = (অভি) -সর্ব. আমাকে
আমাগো ; আমাগে ; মোগো = (অভি) -সর্ব. আমাদের
আমাৎতে = (অভি) -সর্ব. আমার কাছ থেকে
আমাদা = (অভি) -বিণ. সস্তা
আমনদরা = (অভি) -বিণ. অপরিচ্ছন্ন
আমু = (অভি) -সর্ব. আমিও
আমু দেওয়া = (অভি) -ক্রি. হামাগুড়ি দেওয়া
আমোদ = (অভি) -বি. বাদল আবহাওয়া
আমোদা = (অভি) -বি. প্রচুর
আম্বোল চুরুক = (স্থা) -বিণ. ভীষণ টক্, সং. অম্ল>পালি. আম্বিলো + চুরুক<সং. চুক্র
আম্বোল = (স্থা) -বি. টক্, সং. অম্ল>পালি আম্বিলো
আয়ধিনি = (স্থা) -ক্রি. আয় দেখি
আয়য়ো = (অভি) -বিণ. এয়ো
আরখানিকায় = (স্থা) -বিণ. একটু আগেই
আরঘিলা = (অভি) -বি. গিরগিটি
আরর কলাই = (অভি) -বি. অড়হড় ডাল
আরশন = (স্থা) -বি. গতবছর

আজার = (স্থা) -ক্রি. খালি করা, বস্তাটা আজার করো।
আজিদি ; আজি = (অভি) -বি. দিদিমা, সং. আর্য্যক>প্রাঃ অজ্জঅ + ঈ (স্ত্রী প্রত্যয়) + দি
আজু = (স্থা. হি.) -বি. মাতামহ ; দাদু, সং. আর্য্যক>প্রা. অজ্জঅ>উ>আজু
আজু পাযু = (অভি) -বিণ. আজেবাজে
আজেনি = (অভি) -বি. রান্নার খুন্তি
আজ্জিকার = (স্থা) -বিণ. অনেক
আজ্জের = (স্থা) -বিণ. সমগ্র
আটকটোকা = (স্থা) -বিণ. সামান্য পরিমাণ
আটা = (স্থা) -বিণ. নিকটে
আটাইয়া-নাইয়র = (স্থা) -বি. শ্বশুরালয়ে কনের প্রথম আটদিন
আটানা = (স্থা) -বিণ. আড়ানা, সং. অষ্ট>আট + আনা<আনাক
আটাপাশি = (স্থা) -বিণ. কাছে-পিঠে
আটাশি = (স্থা) -বি. দম বন্ধ হয়ে যাওয়া
আটু = (অভি) -বি. হাঁটু, সং. অষ্ঠীবৎ
আটো = (স্থা) -বিণ. ছোটো
আটোন = (স্থা) -বি. সংকুলান
আঠোড়া = (স্থা) -বি. অষ্ট মঙ্গলা
আডাইয়া = (অভি) -বিণ. চেপে
আডানা = (অভি) -বিণ. আধুলি, সং. অষ্ট>আট + আনা<আনাক
আডান্ন = (অভি) -বিণ. আটান্ন
আডাশ = (অভি) -বিণ. আঠাশ
আডেগাডে = (অভি) -বিণ. যেখানে যেখানে
আডে পাকে = (অভি) -বিণ. মাঝে মধ্যে
আডেনাডে = (অভি) -বিণ. সময়ে-অসময়ে
আড্ডি = (উভি) -বি. হাড়, সং. হড্ড
আড়ং = (অভি) -বি. মেলা, ফা. আওরঙ্গ, 'ও'-লোপ, র > ড়
আড়া = (স্থা) -ক্রি. কাজ বাতলানো
আড়া = (স্থা) -বি. ষাঁড়, সং. অণ্ড > প্রা. অংড > আড়িয়া > আড়া
আড়া = (উভ.) -বি. বাঁশের ঝোপ
আড়ি = (স্থা) -বি. বিধবা, সং. রণ্ডা > রাঁড় + ঈ = রাড়ি > আড়ি
আড়ি = (অভি) -বি. রাঁড়
আড়িয়া = (স্থা) -বি. ষাঁড়, সং. অণ্ড > প্রা অংড > আড়িয়া / আড়া
আড়িয়া/আইড়্যা = (অভি) -বি. এঁড়ে, অণ্ড + ইয়া > আড়িআ
আডুয়া-কাচুয়া = (স্থা) -বি. কচি-কাচা (শিশু)

আশ্‌পদ্‌দা = (স্থা) -বি. স্পর্ধা > আস্পর্ধা > আশ্‌পদ্‌দা
আশপাতাল = (অভি) -বি. হাসপাতাল
আশার = (অভি) -বি. আষাঢ়, সং. আষাঢ়
আরশি = (স্থা) -বি. আয়না, সং. আদর্শিকা > আঅর্‌শিআ > আর্‌শি > আশি
আশিন = (অভি) -বি. আশ্বিন, সং. আশ্বিন
আশুরাল = (স্থা) -বি. আরশোলা
আস = (অভি) -বি. হাঁস, সং. হংস
আস্ট = (অভি) -বিণ. আট
আস্টচল্লিশ = (অভি) -বিণ. আটচল্লিশ
আহন = (অভি) -ক্রি. আসা
আহা = (অভি) -বি. উনুন
আহাম = (অভি) -বি. অকাজ
আহাল = (অভি) -বি. আকাল
আহালি = (অভি) -বি. চালে মিশ্রি কাঁকড়
আহাশ = (অভি) -বি. আকাশ, আ + কাশ, প্রা. আগাশ>আহাশ
আহাশ-পাতাল = (অভি) -বি. আকাশ-পাতাল
আহিতান = (অভি) -বি. বালিশ
আহোঁত = (স্থা. মু.) -বি. আড় ; ঢাকনা

ই

ই = (অভি) -সর্ব. এই
ই = (উভ) -অব্য.
ইকর = (স্থা) -বি. বাতার শলা
ইগানা = (অভি) -বি. আত্মীয়
ইগার = (অভি) -সর্ব. এদের
ইগুনা = (অভি) -সর্ব. এগুলি, সং. এতদ্‌কুল>ইগুনা
ইংগাশোন = (স্থা) -বি. ইঞ্জেকশন, ইং. Injection
ইংরেশন = (অভি) -বি. ইঞ্জেকশন, ইং. Injection
ইচা = (অভি) -বি. চিংড়ি, সং. ইঞ্চাক ও চিলিচিম শব্দের মিশ্রণে ইচলা>ইচা
ইজা = (অভি) -বিণ. ঢিলা
ইঞ্জিরি = (উভ) -ইংরেজি

আনতাবিরি = (স্থা) -বিণ. এলোমেলো ভাবে, আন + আ. তাবির (যা ব্যাখ্যা করা যায় না)
আন্দুনি = (স্থা) -বি. রাঁধুনি
আন্দারে-কোন্দারে = (অভি) -বি. আড়ালে-আবডালে
আনদি-কুনদি = (অভি) -বি. অপরিষ্কার
আনদোন = (অভি) -বি. কয়েকদিনের অবিশ্রান্ত বৃষ্টি, (স্থা) রান্না করা, চক্র
আনদোল = (অভি) -বি. কাদা
আনফাটকি = (অভি) -বিণ. আজগুবি
আনযন = (অভি) -বি. টিকটিকি
আনলে = (অভি) -বিণ. আলুনা
আনস্ = (অভি) -বি. ঝুল
আনাজ = (অভি) -বি. সব্জি
আনাধুন = (স্থা) -বিণ. শুধু শুধু
আনারঅশ = (স্থা) -বি. আনারস, পো, Ananas
আনুন্যা = (অভি) -বিণ. অলবনাক্ত
আন্দোঘর = (স্থা) -বি. রান্নাঘর
আপখোরাকি = (স্থা) -বিণ. মালিকের বাড়িতে না খেয়ে কাজ করা
আপ্জোর = (স্থা) -বি. আঘাত
আপ্তিয় = (অভি) -বি. আত্মীয়
আপ্শ = (স্থা. মু.) -ক্রি. আছড়ানো
আপাই = (অভি) -বি. আপদ
আপাইতা = (অভি) -বিণ. লোভী
আপোতিয়া = (স্থা) -বিণ. আপদগ্রস্ত
আপোৎ = (স্থা) -বি. আপদ
আফদ্ = (অভি) -বি. উৎপাত
আফ্শা = (অভি) -বিণ. মেঘলা
আফার = (অভি) -বি. বাঁশের মাচা
আফাল = (অভি) -বি. দম্কা বাতাস
আফ্যাল ; আফেল = (স্থা) -বি. আপেল, ইং Apple
আবখুরা = (অভি) -বি. বাটি
আবগোত = (স্থা) -বিণ. আপাতত
আবগোল = (স্থা) -বিণ. পূর্ণ পাত্র ; আধার
আবর্ = (অভি) -বি. কাদা
আবশটি = (অভি) -সর্ব. সম্বোধন পদ
আবাইশা = (অভি) -বিণ. হতভাগা

ইস্পিরিট = (উভ) -বি. স্পিড, ইং Speed

ইহায় = (স্থা) -অব্য. আচ্ছা, তাই নাকি

ইহিরে = (অভি) -অব্য. দেখরে ; আহা!

উ

উ = (উভ) -অব্য. উঃ

উ = (অভি) -সর্ব. ও

উই = (স্থা) -বি. রুই মাছ, সং. রোহিত

উই = (অভি) -বি. উইপোকা, সং. উপদীকা>উই

উইখ্যা = (অভি) -বি. বাঁশের মাচা

উইডা = (অভি) -ক্রি. উঠে

উইযাইরা = (অভি) -বিণ. লক্ষ্মীছাড়া

উইয়্যানো = (অভি) -সর্ব. ওখানে, সং. অদস্>ওই + হিনে/উইয়্যানো

উইরা = (অভি) -ক্রি. উরে

উইরাতারা = (অভি) -বিণ. তাড়াহুড়ো

উইশ্তা = (অভি) -বি. উচ্ছে

উইহানে = (অভি) -সর্ব. ওখানে/সেখানে

উকা = (স্থা) -ক্রি. হাওয়া করা

উকায়না = (স্থা) -ক্রি. স্বাস্থ্যের উন্নতি না হওয়া

উকাশ = (অভি) -বি. বমি

উকাশ = (স্থা) -বি. অবকাশ, সং. অবকাশ

উখুড়্ = (স্থা. মু.) -বি. দুই পায়ে ভর

উখুড়া = (স্থা) -বি. মুড়কি, হি. উখড়া

উং = (অভি) -বি. লোম

উংগানি = (অভি) -বিণ. ঝিমানো

উচবুক = (অভি) -বিণ. উজবুক, তুর্কি

উঁচ্চা = (স্থা) -বিণ. উঁচু, বর্ণ দ্বিত্ব

উচ্চা = (অভি) -বি. উঁচু

উচ্যাট = (অভি) -বি. হোঁচট

উছুলুপ = (স্থা) -বি. উৎসর্গ

উজ্লা = (অভি) -ক্রি. শিশুর হাত পা ছোড়া

উজ্লা = (স্থা) -ক্রি. শোয়া অবস্থায় মাথার দিকে যাওয়া

আরা = (অভি) -বি. ছোট পুকুর
আরাইঙা = (অভি) -বিণ. আকাশি
আরাইল্ = (অভি) -বি. গরু বাঁধার জায়গা
আরুয়া = (অভি) -বিণ. কাক বন্ধ্যা
আরুয়ানাগা = (স্থা) -বিণ. সঠিক বৃদ্ধি না হওয়া সন্তান
আরে = (স্থা) -সর্ব. ওরে, সং. অরেরে>ওরে>আরে
আরৈল = (অভি) -বি. টিকটিকি
আল = (স্থা) -বি. বোলতার হুল, ব্যঞ্জন
আল্কুটানি = (স্থা) -বিণ. জেনেও না জানার ভান করা
আল্কোতে = (স্থা) -বিণ. খুব সতর্কভাবে
আলগ্ করা = (স্থা) -ক্রি. উঁচু করা
আল্টা = (অভি) -বিণ. অলবনাক্ত, অলবণ>আলুনা>আলটা
আলন = (স্থা) -বি. ঢেকিতে ধান ভানা সংক্রান্ত শব্দ।
আল্লা = (স্থা) -বিণ. অলবণাক্ত, অলবণিক>আলুনিয়া>আইললা
আল্শা = (স্থা) -বিণ. অলস, সং. অলস
আলা = (অভি) -বিণ. বাসি
আলা খই = (অভি) -বি. খই, আঃ আলা (প্রথম) + খই<খদিকা সং.
আলান্দু = (স্থা) -বি. ঝুল, আলান্দু<অলন্ধুম
আলামালা = (স্থা. মু.) -বিণ. সূর্য দেখতে না পাওয়ার কুয়াশাচ্ছন্ন বা মেঘাচ্ছন্ন দিন
আলুইনা = (অভি) -বিণ. অলবনাক্ত, অলবণ>আলুনা
আলে = (স্থা) -বিণ. ভাত পচে যাওয়া
আলো = (অভি) -সর্ব. সম্বোধন, অজ্ঞাতমূল
আলোই-মালোই = (অভি) -সর্ব. সতর্কীকরণ, আ. বলা
আলোক = (স্থা) -ক্রি. উঁচু করা
আলো চাউল = (স্থা) -বিণ. আতপ চাল
আল্কা = (অভি) -বিণ. হাল্কা, সং. লঘুক > প্রাঃ হলক্ক > হলুক > হাল্কা > আইল্কা
আষ্টঘুল্লা = (অভি) -বি. অষ্ট মঙ্গলা
আশ্তা = (স্থা) -বি. রাস্তা, ফা. রাস্তহ > আশ্তা
আশ্মান = (মু) -বি. আকাশ, ফা. আসমান
আশ্ ট্যাল = (অভি) -বিণ. অমিশুক
আশপরশ = (অভি) -বি. পাড়াপড়শ

উদিমা = (অভি) -বিণ. ভবঘুরে
উদিশ = (স্থা) -বি. খোঁজ করা
উদিশ = (অভি) -বি. টের, তালাশ
উদুরা = (অভি) -বিণ. নিষ্কর্মা
উধুলা = (স্থা) -বিণ. খালি পা
উনদা = (অভি) -বি. বনবিড়াল
উন্নাহ্ = (স্থা. মু.) -বি. তুলনা
উন্না = (অভি) -বি. ওড়না
উপা = (স্থা) -বি. রূপা
উপার = (অভি) -বি. উপর
উপুর্জুলি = (স্থা. মু.) -বি. জ্বালাতন
উবার = (অভি) -বি. অবসর
উবুদি = (অভি) -বিণ. রূপসী
উভা = (স্থা) -ক্রি. বোঝা বওয়া
উভুর = (স্থা) -বি. উপুড়
উম্চিওঠা = (স্থা) -ক্রি. পুলকিত
উমান = (অভি) -বিণ. খেয়াল
উমানে মানুশ = (অভি) -বিণ. ঝামেলাবাজ মানুশ
উমাল = (স্থা) -বি. রুমাল, ফা. রুমাল
উদিক = (অভি) -সর্ব. ওদিকে, সং. অদস্>ওই>উ + দিক
উরমাল = (স্থা) -বি. রুমাল, ফা. রুমাল, স্বরাগম
উরাল = (স্থা) -বি. গাড়ির পেছন দিকে ভার হয়ে যাওয়া
উরাশ = (স্থা) -বি. ছারপোকা, উরাশ<উদ্দংশ
উরুম = (অভি) -বি. মুড়ি, সং. হুড়ুম্ব>হুড়ুম>উরম
উল = (স্থা) -বি. কাঠপেন্সিল
উল্তি = (অভি) -বি. চাল থেকে বৃষ্টি পড়ার স্থান
উলমুলি = (স্থা) -ক্রি. কোলাহল
উলু পোকা = (অভি) -বি. উইপোকা, সং. উপদীকা>উই + পোকা<সং. পুলক
উশ = (অভি) -বি. হুঁশ, ফা. হোশ
উশকানা = (অভি) -বিণ. বুদ্ধিহীন
উশখুশ = (অভি) -ক্রি. অস্থিরতার ভাব
উশটা = (স্থা) -বি. হোঁচট, সং. উচ্চাটন
উশা = (স্থা) -ক্রি. ধান সিদ্ধ কর
উশাই = (অভি) -বি. রান্নাঘর

ইটকাল = (উভ) -বি. ইট
ইটকুনটি = (অভি) -বিণ. ছোট
ইটটু হানি = (অভি) -বিণ. একটুখানি
ইটু = (অভি) -বিণ. অল্প একটু
ইটাল = (স্থা) -বি. ইট, ইষ্টক>ইটঠঅ>ইটাল
ইট্যাল = (উভ) -বি. ইট, ঢিল
ইতে = (অভি) -সর্ব. ওখানে
ইত্তর = (স্থা) -বি. ইতর
ইত্তুকুনা = (স্থা) -বিণ. অল্প
ইত্তর = (অভি) -সর্ব. এখানে
ইদ্দা = (অভি) -বি. উচ্ছে
ইনদি উনদি = (অভি) -সর্ব. এদিকে ওদিকে
ইন্দিরা = (স্থা) -বি. ইঁদারা
ইনশাআল্লা = (স্থা. মু.) -অব্য. খোদার ভরসায়
ইনু = (অভি) -সর্ব. এখানে
ইন্দুর = (অভি) -বি. ইঁদুর, সং ইন্দুর
ইপতা = (অভি) -সর্ব. অন্ত
ইবার = (অভি) -সর্ব. এইবার
ইব্যা = (অভি) -সর্ব. এইরকম
ইয়া = (স্থা) -সর্ব. সং এতদ্ (এষ:) প্রা. এহ > ইয়া
ইয়েইর = (অভি) -সর্ব. কাঠের চামচ বিশেষ
ইয়োডা = (অভি) -সর্ব. এটাও
ইয়্যানো = (অভি) -সর্ব. এখানে, সং এতদ্ > এ > ই + য়্যানে/নো
ইল্লট বালাই = (অভি) -বিণ. নিন্দনীয়
ইল্শা = (স্থা) -বি. ইলিশ, সং. ঈলীশ
ইলে-বিলে = (অভি) -বি. নদী নালায়
ইশ্টি = (স্থা) -বি. আত্মীয়
ইশ্টপ্ = (উভ) -বি. স্টপ, ইং. Stop
ইশ্টেন = (উভ) -বি. স্ট্যান্ড, ইং. Stand
ইশ্পেরে = (উভ) -বি. স্প্রে, ইং Spray
ইস্কুল = (উভ) -বি. স্কুল, ইং. School.
ইস্টাট = (উভ) -বি. স্টার্ট
ইস্টার = (উভ) -বি. স্টার, ইং. Star
ইস্টুডিঅ = (উভ) -বি. স্টুডিও, ইং. Studio

এত্তিকালে = (অভি) -সর্ব. এইমাত্র
এত্তিবার = (অভি) -সর্ব. এইমাত্র
এত্তিব্যালা = (অভি) -সর্ব. এইবেলা
এত্তিলে = (স্থা) -সর্ব. এখুনি, সং. এতদ>এত + ইলে
এদিগি = (স্থা) -সর্ব. এদিকে, সং. এতদ্>এ + দিগি
এদ্দে = (স্থা) -সর্ব. এই যে
এধান = (স্থা) -সর্ব. এ রকম
এন্দুর = (স্থা) -বি. ইঁদুর, সং. ইন্দুর, ই>এ
এন্না = (স্থা) -সর্ব. এখানে
এপাকে = (স্থা) -সর্ব. এদিকে, সং. এতদ্>এ + পাকে
এপিলে = (অভি) -সর্ব. এভাবে
এবেই = (অভি) -বিণ. শুধু শুধু
এমুই = (অভি) -সর্ব. এদিকে
এমুরা = (অভি) -সর্ব. এদিকে
এলা = (স্থা) -সর্ব. এগুলি, সং. এতদ্কুল>এইগুলো>এগ্‌লা>এলা
এয়া = (অভি) -সর্ব. এটি, সং. এতদ্ (এষঃ) প্রা. এহ্>এয়া
এরহম = (অভি) -সর্ব. এরকম
এরুর = (অভি) -সর্ব. এর
এশন কাট = (স্থা) -বি. রেশন কার্ড
এশ্টারি = (স্থা) -বি. রেষ্ট্রি, ইং. Registry
এশিখেশি = (অভি) -বি. আত্মীয় স্বজন
এহান = (অভি) -সর্ব. এখান
এহিনে = (অভি) -সর্ব. এখানে, সং. এতদ্>এই + নে
এহুন = (অভি) -সর্ব. এখন
এহেইনে = (অভি) -সর্ব. এখানে, সং. এতদ্>এই + নে
এহেনদে = (অভি) -সর্ব. এখান দিয়ে
এহেনে = (অভি) -সব. এখানে
এহ্যানদে = (অভি) -সর্ব. এখান দিয়ে

ঐ

ঐগুনা = (অভি) -সর্ব. ওগুলো সং. অদস্কুল>ঐগুলো>ঐগুনা
ঐডি = (অভি) -সর্ব. ওগুলো, বাং ঐ + টি>ডি = ঐডি
ঐটেল = (অভি) -বি. হোটেল

উজাগার = (অভি) -বি. রাতজাগা
উজান ব্যালা = (অভি) -বিণ. দিনের প্রথম ভাগে
উজারা = (অভি) -বি. মজুরি
উঝাট/উনঝাট = (স্থা) -বি. হোঁচট, সং. উচ্চাটন > উচ্ছাট > উঝাট
উঞ্ঝাট = (স্থা) -বি. হোঁচট<উচ্চাটন
উট = (অভি) -ক্রি. ওঠ
উটকা = (স্থা) -ক্রি. খোঁজা
উটকা = (স্থা. মু.) -বিণ. আনাড়ি
উটটুল = (স্থা) -বিণ. সর্বস্বান্ত
উটনা = (অভি) -বিণ. অহেতুক
উটি = (স্থা) -বি. রুটি, হি. রোটি > রুটি > উটি
উটুল্যা = (অভি) -বিণ. বহিরাগত
উঠ্ঠুল্ = (অভি) -বিণ. সর্বস্বান্ত
উডান ঠাপানি = (অভি) -বি. ঝাঁটা
উডান/দুয়্যার = (অভি) -বি. উঠান, সং অঙ্গন
উডানো = (অভি) -ক্রি. উঠানো
উডৈরা = (অভি) -বিণ. ভবঘুরে
উড়কি = (অভি) -বি. ঢাকনি
উড়শ = (অভি) -বি. ছাড়পোকা হি. উড়শ্
উড়হাটি = (স্থা. মু.) -বি. উচ্ছন্ন
উড়াশ = (স্থা) -বি. ছাড়পোকা হি. উড়শ্
উড়ি = (অভি) -বি. শিম
উড়োতাড়া = (অভি) -বিণ. শীঘ্র যাবার ভাব
উড়োপোকা = (অভি) -বি. মাছি
উত্কা = (অভি) -বিণ. উতলা
উত্তরা = (স্থা) -বিণ. উত্তর দিকের
উত্রা = (স্থা) -ক্রি. উচ্ছৃঙ্খল
উতরি = (স্থা) -ক্রি. উনানে হাঁড়ি বা পাত্রের তরল উপছে ওঠা
উদাইরা = (অভি) -বিণ. অকর্মন্য
উদান = (অভি) -বিণ. বাসি, নরম
উদাফুলানো = (অভি) -বিণ. মুখভার করে থাকা
উদাম্ = (স্থা) -বিণ. উদ্দাম (উলঙ্গ) সং. - উদ্দাম, মধ্য-ব্যাঞ্জন লোপ
উদিন্যা = (অভি) -বি. পরশুদিন
উদিপুদি = (অভি) -বিণ. হুঁশ-জ্ঞান

ওদ্দি = (স্থা) -বি. রোদ
ওধান = (স্থা) -সর্ব. ওরকম
ওন্‌না = (স্থা) -বি. ওড়না, হি. ওঢ়না
ওনারা = (অভি) -সর্ব. ওনারা, সং অসৌ
ওনোশোহোত্তর = (স্থা) -বিণ. উনসত্তর, সং. ঊনসপ্ততি
ওন্না = (স্থা) -সর্ব. ওখানে
ওপাকে = (স্থা) -সর্ব. ওদিকে, সং. অদস্>ওই>ও + পাকে
ওব্‌বার = (স্থা) -বি. রবিবার
ওমুই = (অভি) -সর্ব. ওদিকে
ওমুরা = (অভি) -সর্ব. ওদিকে
ওমুরা = (অভি) -বি. অপরপার্শ্বে
ওর = (অভি) -বি. পার্শ্ব ; কিনারা
ওর্‌কম = (স্থা) -সর্ব. ওরকম
ওরপার = (অভি) -বি. তাড়াহুড়া
ওরশা = (অভি) -বি. বারান্দা
ওরা = (অভি) -বি. ঝুড়ি
ওরা = (স্থা) -বি. পার্শ্ব
ওরান = (অভি) -বি. শেষ করা
ওরাবত = (অভি) -বি. প্রকাণ্ড
ওরি = (অভি) -বি. সিম
ওরোল = (অভি) -বি. অড়হর
ওলদি = (অভি) -বি. হলুদ
ওলনা = (অভি) -বি. নিন্দা
ওলমা = (অভি) -বি. রোগাটে
ওল্‌লা = (অভি) -বি. বড় পিঁপড়ে
ওল্‌হা = (স্থা. মু.) -বি. কাঁচা শস্য পোড়া
ওলা = (অভি) -বিণ. অকর্মন্য
ওলা = (স্থা) -সর্ব. ওগুলি, সং অদস্‌কুল>ঐগুলো>ওলা
ওলাইয়া = (অভি) -বিণ. তাজা
ওলাওলা = (অভি) -বিণ. মোটাসোটা
ওলাকখনে = (অভি) -বিণ. অলক্ষুণে
ওলান = (স্থা) -বি. পশুর স্তন
ওশ = (স্থা) -বি. থাম, হিঃ রহ্>রস>ওশ

উশারা = (অভি) -বি. বারান্দা
উশুন = (স্থা) -বি. রশুন, সং. রশুন
উশুল = (স্থা) -বি. শোধ করা
উশ্যান্যা = (অভি) -বিণ. সেদ্ধ
উহা = (অভি) -বি. হুক্কা
উহি = (স্থা) -বি. রুই, সং. রোহিত
উহুম = (অভি) -বি. আদেশ
উহুন = (অভি) -বি. উকুন, সং. উৎকুন>প্রা. উক্কুন>উকুন>উহুন

এ

এ = (উভ) -সর্ব. তাই নাকি
এইগুনা = (অভি) -সর্ব. এগুলি, সং. এতদ্‌কুল>এইগুলো>এইগুনা
এইঘোরি = (স্থা) -বিণ. এখুনি, সং. এতদ + ঘোরি
এইডা = (অভি) -সর্ব. এঁটি, সং. এতদ্ + টা = এতদ্‌টা>এটা>এইডা
এইতরি = (অভি) -সর্ব. এ পর্যন্ত
এইদিষ্টে = (অভি) -সর্ব. এদিকে, সং. এতদ্>এই + দিষ্টে
এইনডো = (অভি) -সর্ব. এখানে
এইন থিকা = (অভি) -সর্ব. এখান থেকে
এইনে = (অভি) -সর্ব. এখানে, সং. এতদ্>এই + নে
এইপাকে = (স্থা) -সর্ব. এদিকে
এইবারকা = (স্থা) -সর্ব. এইবার
একোশ = (অভি) -বি. একুশ
এগ্‌লা = (স্থা) -সর্ব. এগুলি, সং. এতদ্‌কুল>এইগুলো>এগ্‌লা
এগুনা = (অভি) -সর্ব. এগুলি, সং. এতদ্‌কুল>এইগুলো>এগুনা
এঙ্কারে = (স্থা) -সর্ব. এরকম করে
এজেন = (মু) -বি. পাত্রীর সম্মতি, আ. ইয্‌ন্
এট্টু = (স্থা) -বিণ. অল্প
এঠি = (স্থা) -সর্ব. এখানে, সং. এতদ্>এতদ্‌স্থান
এডি = (অভি) -সর্ব. এগুলি, সং. এতদ্‌কুল>এইগুলো>এইগুনা
এডুঅ = (স্থা) -বি. রেডিও, ইং Radio
এডুয়া ; এডুঅ = (স্থা) -বি. রেডিও, ইং Radio
এত্তি = (স্থা) -সর্ব. এদিকে, সং. এতদ্>এ + ত্তি
এত্তি-ওত্তি = (স্থা) -সর্ব. এদিকে ওদিকে

অ্যাকসামা = (অভি) -বিণ. এক প্রকার
অ্যাকান = (অভি) -বি. খড় জড়ো করবার বাঁশের আগা
অ্যাখারে = (স্থা) -বিণ. একেবারেই
অ্যাখেটে = (স্থা) -বিণ. একত্রে
অ্যাখোন = (স্থা) -সর্ব. এখন, সং এতদক্ষণ
অ্যাগ্‌গেনা = (অভি) -বি. গিরগিটি
অ্যাগনা = (অভি) -বিণ. আপন আত্মীয়
অ্যাগরানো = (অভি) -বিণ. অতিরিক্ত পেকে যাওয়া
অ্যাঙকা = (স্থা) -সর্ব. এখন
অ্যাঙগাপারা = (অভি) -ক্রি. বারবার জিজ্ঞাসা করা
অ্যাচলা = (অভি) -বি. ঘরের চাল বাঁধার দড়ি
অ্যাট্‌কি = (অভি) -বি. হেঁচকি
অ্যাটাট্যামরা = (অভি) -বিণ. উঁচু নীচু
অ্যাতাল-বেতাল = (অভি) -বিণ. এলোমেলো
অ্যাত্তোকোনা = (স্থা) -সর্ব. অল্প, সং. এতাবৎ>ইত্তিঅ>এত্তিঅ + কোনা
অ্যানা = (স্থা) -সর্ব. অল্প, অজ্ঞাতমূল
অ্যানে = (অভি) -সর্ব. এখন
অ্যাপট = (উভ) -বি. রিপোর্ট
অ্যাবা! = (স্থা) -অব্য. ঘৃণা সূচক, অজ্ঞাতমূল
অ্যামায় = (অভি) -বিণ. এমন ভাবে
অ্যামার = (স্থা) -সর্ব. এদের
অ্যামারঠেনা = (স্থা) -সর্ব. এদের থেকে
অ্যামরা = (অভি) -সর্ব. এরা
অ্যামারে = (স্থা) -সর্ব. এদেরই
অ্যামাড্যামা = (অভি) -বিণ. ছোট বড়
অ্যায় = (স্থা) -সর্ব. এ
অ্যাল্ = (স্থা) -বি. রেল, ইং. Rail
অ্যালকোৎ-ব্যালকোৎ = (স্থা) -ক্রি. নষ্টি ফষ্টি
অ্যালামি = (অভি) -বিণ. অবহেলা
অ্যালেন = (অভি) -বি. হেলান
অ্যাশ্‌কা = (স্থা) -বি. রিক্‌সা
অ্যাশন কাট্ = (স্থা) -বি. রেশন কার্ড, ইং. Ration Card
অ্যাস্‌কা = (অভি) -বি. হ্যাঁচকা
অ্যাহারে = (অভি) -বিণ. এক্কে বারে, সং. এক্য>প্রাঃ এক্ক>অ্যাক>অ্যাহারে

ঐত্ত = (অভি) -সর্ব. ঐজন্য
ঐতরিক = (অভি) -সর্ব. ঐপর্যন্ত
ঐন্যা = (অভি) -বিণ. খয়েরী
ঐশমে = (অভি) -সর্ব. ঐসময়
ঐশলামি = (অভি) -বি. ঠাট্টা তামাশ করা
ঐশোমায় = (অভি) -সর্ব. সেই সময়
ঐহানে = (অভি) -সর্ব. ওখানে

ও

ওই = (স্থা) -সর্ব. সং অসৌ>প্রা. ওই>অয়
ওইনে = (অভি) -সর্ব. ওখানে, সং. অদস্>ওই + হিনে>ওইনে
ওইলদা = (অভি) -বিণ. হলুদ, সং. হরিদ্রা হ>ও + ই দ্র>ল
ওকড়া = (স্থা) -বি. চোরকাটা, দেশি শব্দ
ওকড়ে = (স্থা) -সর্ব. ওদিকে
ওগ্গিন = (অভি) -অব্য. ছি!
ওগবিয়গ = (স্থা) -বি. রোগ-বিয়োগ
ওগলে = (স্থা) -ক্রি. ওগরিয়ে
ওগার = (অভি) -বি. মাচা
ওগু = (অভি) -সর্ব. ঐটা
ওগের = (অভি) -সর্ব. ওদের
ওঙ্কোরি = (স্থা) -সর্ব. ওভাবে
ওঙ্কোরে = (স্থা) -সর্ব. ওভাবে
ওচ্ = (অভি) -বি. শুকনা স্থান
ওচা = (অভি) -বি. বাঁশের ঝুড়ি
ওঠক্যার = (স্থা) -সর্ব. ওখানকার
ওট = (উভ) -বি. রোড, ইং Road
ওঠি = (স্থা) -সর্ব. ওখানে ঐ + ঠাঁই<অদস স্থান
ওড়া-কানঠি = (স্থা) -বি. আসেপাশে, ওর
ওত = (স্থা) -বি. ঘুপচি
ওত্তাচার = (স্থা) -বি. অত্যাচার
ওত্তি = (স্থা) -সর্ব. ওদিকে
ওদিগি = (স্থা) -সর্ব. ওদিকে
ওদিষ্টে = (অভি) -সর্ব. ওদিকে

কতলা = (স্থা) -সর্ব. কতগুলি, সং. কতি + লা
কতা = (অভি) -বি. কথা
কদ্মে = (অভি) -বি. কুমড়া তরকারি
কদু = (স্থা) -বি. লাউ, ফা. কদ্দু
কন্ = (অভি) -ক্রি. বলুন
কপাট = (উভ) -বি. দরজা, সং. একপট্ট>কপাট
কবুল = (উভ) -বি. স্বীকার করা, আ. ক্কবূল
কমর = (স্থা) -বি. কোমর, আবেস্তা. Kamar ; ফাঃ কমর্
কমর ডিলা = (অভি) -বিণ. দুর্বল
কম্পা = (অভি) -বি. পেঁপে
কয়ডা = (অভি) -সর্ব. কয়টি
করংগা = (অভি) -বিণ. কটা রং
করদদি = (অভি) -বিণ. হলদে
করপা = (স্থা) -বি. বড় ঝুড়ি, অজ্ঞাতমূল
করমি = (উভ) -বি. ঘটক
করু = (অভি) -বি. বাঁশের বাখারি
করুয়া = (অভি) -বি. চাটনি
করে = (স্থা) -সর্ব. দিকে
কলম্বি = (অভি) -বি. কলমি শাক
কলাম = (অভি) -ক্রি. বললাম
কলুই = (অভি) -বি. কলাই, সং. কলায়>কলোই>কলুই
কশ্শা = (স্থা) -বিণ. কৃপণ
কশো = (অভি) -বি. মাটির ঢাকনি
কহচ = (স্থা) -ক্রি. বলছি
কহন = (অভি) -সর্ব. কখন
কহাকহা = (স্থা. মু.) -বিণ. খুবই গরম
কহানে = (অভি) -সর্ব. কোথায়
কহুন = (অভি) -সর্ব. কখন
কহোন = (অভি) -সর্ব. কখন
কাইকা মাস = (অভি) -বি. কাতলা মাছ
কাইকারাবি = (অভি) -বিণ. ভীষণ অভাব
কাইচা = (উভ) -বি. কাস্তে, দেশিমূল
কাইজল = (অভি) -বি. কলা গাছের থোড়

ওশুন = (স্থা) -বি. রশুন, র-কার লোপ
ওশার = (স্থা) -বিণ. প্রশস্ত, চওড়া<অবসর
ওশত = (স্থা) -বি. ওষুধ
ওশার = (স্থা) -বি. লেপের খোল
ওশুক = (স্থা) -বি. অসুখ
ওশোদ = (অভি) -বি. ওষুধ
ওশ্যা = (অভি) -বি. রান্না ঘর
ওহিনে = (অভি) -সর্ব. ওখানে
ওহোন তলে = (অভি) -সর্ব. ওখান থেকে

অ্যা

অ্যা = (স্থা) -অব্য. আরে, অজ্ঞাতমূল
অ্যাইল্মা-ডেড়িহ = (স্থা. মু.) -বিণ. অনুপযুক্ত কথা
অ্যাও = (স্থা) -অব্য. অদ্ভুত
অ্যাক = (স্থা) -বিণ. এক, সং এক্য>প্রা. এক্ক>অ্যাক
অ্যাকশো = (স্থা) -বিণ. একশো, সং. শতম্
অ্যাকানোব্বোই = (স্থা) -বিণ. একানব্বই, সং একনবতি
অ্যাকঠে = (স্থা) -বিণ. একত্র, একত্রে<এক<ঠাঁই<স্থান
অ্যাকঘোরি = (স্থা) -বিণ. শীঘ্র, এতদ + ঘটি
অ্যাকাশি = (উভ) -বিণ. একাশি, সং. একাশীতি>প্রাঃ একারস>এগ্গারহ
অ্যাককাল = (অভি) -বিণ. একসময়
অ্যাকঘর = (স্থা) -বিণ. সমাজ চ্যুত
অ্যাকখারে = (স্থা) -বিণ. একদমই
অ্যাকখোয়া = (স্থা) -বিণ. জেদি
অ্যাকঘোরি = (স্থা) -বিণ. কমসময়েই
অ্যাকচালা = (স্থা) -বিণ. একঝোঁকে যতটুকু কাজ করা যায়
অ্যাক ছুলি আখা = (স্থা) -বিণ. একমুখো উনুন
অ্যাকজোতার = (অভি) -বিণ. একত্র
অ্যাকদাই = (স্থা) -বিণ. কম সময়ে হতে চায়না এমন
অ্যাকপোর ওদনে = (অভি) -বিণ. এক প্রহর বেলায়
অ্যাকবোয়া = (স্থা) -বিণ. এক পোয়া
অ্যাক মাইতে = (অভি) -বিণ. তাড়াতাড়ি

কাচনি = (স্থা) -বি. শিশু, হি. কচ্চা>বাং. কাঁচা + নি

কাচল = (স্থা) -বি. বীজতলা

কাচি = (স্থা) -বি. দড়ি

কাচিয়া = (স্থা) -বি. কাস্তে, দেশিমূল

কাচুয়া = (স্থা) -বি. শিশু হি. কচ্চা>বাং. কাঁচা + উয়া

কাচ্চা = (স্থা) -বিণ. কাচা

কাছিম = (উভ) -বি. কচ্ছপ, সং. কচ্ছপ

কাছুয়া = (অভি) -বি. কচ্ছপ, সং. কচ্ছপ

কাজিয়া = (স্থা) -বি. বিবাদ, আঃ ক্বযীয়্যহ

কাজ্জি = (স্থা) -বি. অনুষ্ঠান বাড়ির কর্তা

কাঞ্জল = (স্থা) -বি. থোড়, অজ্ঞাতমূল

কাট = (উভ) -বি. কার্ড, ইং. Card

কাটা = (স্থা) -বি. পেরেক, সং. কণ্টক ; হি. কাঁটা

কাটাখুড়িয়া = (স্থা) -বি. কাঁটা যুক্ত শাক

কাটারি আনাজ = (অভি) -বি. বড় জাতীয় সিম

কাটালা শিঙগারা = (অভি) -বি. পানিফল

কাঠরিয়া = (স্থা) -বি. শ্মশান যাত্রী

কাঠুয়া = (অভি) -বি. কাঠ মিস্ত্রী

কাঠুয়া দুরা = (স্থা) -বি. এক প্রকার কচ্ছপ

কাঠুল = (স্থা) -বি. এক ধরনের পিঁপড়ে, অজ্ঞাতমূল

কাঠোল = (স্থা) -বি. কাঁঠাল, সং. কণ্টকফল

কাঠোয়াল = (স্থা) -বি. কাঁঠাল, সং. কণ্টকফল

কাডাল = (অভি) -বি. কাঁঠাল

কাডোল = (অভি) -বি. কাঁঠাল, সং. কণ্টকফল

কাড়ল = (স্থা) -বি. খড় নাড়া দেওয়ার বাঁশের দণ্ড

কাড়াই = (উভ) -বি. কড়াই

কাড়োয়া = (স্থা) -বি. কেন্নো, অজ্ঞাতমূল

কাঢ়াই = (স্থা) -বি. কড়াই, হি. কড়াহী>কাঢ়াই

কাণ্ঠন = (স্থা) -বি. ঘরের চাল বাঁধা মোটা দড়ি

কাণ্ঠি = (স্থা) -বি. কিনারা, তুকি. কানাত্-তা>কাণ্ঠি

কাতরা = (স্থা) -বি. ঢেঁকি যে দুটি খুটির উপর ভর দিয়ে থাকে

কাতি = (স্থা) -বি. দড়ি

অ্যাহিকা = (স্থা. মু.) -বি. উদর
অ্যাহোন = (অভি) -সর্ব. এখন
অ্যাহোন-ত্যাহোন = (অভি) -সর্ব. এখন-তখন
অ্যাহোনি = (অভি) -সর্ব. এখুনি, সং এতদক্ষণ>এখন>অখন>অহন

ক

ক = (উভ) -ক্রি. বল
কই = (অভি) -ক্রি. বলি
কই = (উভ) -সর্ব. কই
কইতর = (স্থা) -বি. কবুতর
কইনা = (স্থা) -ক্রি. বলিস না
কইনা = (স্থা) -বি. কনে, সং. কন্যা>কইনা
কইন্যা = (অভি) -বি. কনুই, সং. কোণ
কইমাচ = (স্থা) -বি. কই মাছ, সং. কবয়ী
কইয়না = (স্থা) -ক্রি. বলিও না
কও = (উভ) -ক্রি. বলো
কওন = (অভি) -বি. বলা
ককড়া = (স্থা) -বি. শীতকালে শুকনো বাসি ভাত
কখনকা = (স্থা) -সর্ব. কখন, বাং. কোন্ + সং. ক্ষণ>কখন
কংকা = (স্থা) -সর্ব. কখন, বাং. কোন্ + সং. ক্ষণ>কখন
কচ্ = (অভি) -বি. সোজাসুজি
কচাল্ল্যা = (অভি) -বিণ. ঝগড়াটে
কঞ্চি = (উভ) -বি. কঞ্চি, তুর্কি. কম্চি
কট = (স্থা. মু.) -বি. পার্শ্ব
কটা = (স্থা) -সর্ব. কয়টি, সং. কতি + টি>কটি>টা
কটুয়া = (স্থা) -বি. কৌটা
কটাং = (অভি) -বি. তামাশা
কড় = (স্থা) -বি. পার্শ্ব
কড়পা = (উভ) -বি. বাঁশের তৈরি বড় ঝুড়ি
কড়েয়া = (স্থা) -বি. কড়াই, হি. কড়াহী>কড়েয়া
কড়ো কড়ো ভাত = (অভি) -বি. ঠাণ্ডা শুকনো ভাত
কন্টোল্ = (উভ) -বি. কন্ট্রোল, ইং. Control
কতডি = (অভি) -সর্ব. কতগুলি, সং. কতি + টি>কতটি>কতডি

কায়েলি = (অভি) -বিণ. দুর্বল
কায়েলি = (অভি) -বিণ. ঝগরাটে
কারকল = (অভি) -বি. কাঁকরোল, সং. কর্কোটক
কারতে = (অভি) -সর্ব. কার কাছ থেকে
কারবার = (অভি) -বি. ব্যবসা, ফা. কারোবার
কারবারি = (অভি) -বি. ব্যবসায়ী
কারা = (অভি) -বি. দড়ি
কারেন = (উভ) -বি. কারেন্ট, ইং. Current
কালকা = (উভ) -বি. আগামীকাল
কালঠিয়া = (স্থা) -বিণ. কালচে
কালমুশনি = (স্থা) -বিণ. গালি, অজ্ঞাতমূল
কাল্লা = (স্থা) -বি. গলা
কাশ্‌শাই = (স্থা) -বিণ. কৃপণ
কাশা = (মু) -বি. মাটির গামলা, অজ্ঞাতমূল
কাশ্যা = (অভি) -বিণ. খিটখিটে
কাহা = (অভি) -বি. কাকা, ফাঃ কাকা
দ্যাওনা = (অভি) -বিণ. অল্প বুদ্ধি সম্পন্ন মানুষ, অজ্ঞাতমূল

দ্যাওয়া = (স্থা) -বি. আকাশ

দ্যাওয়াল = (উভ) -বি. দেয়াল, ফা. দীওয়ার

দ্যাওর = (স্থা) -বি. দেওর, সং. দেবর

দ্যাড়োল = (অভি) -বি. পিলসুজ

দ্যারেংগা = (অভি) -বিণ. ছিপছিপে পাতলা, অজ্ঞাতমূল

দ্যাহা = (স্থা) -বি. শরীর, সং. দিহ্ (বৃদ্ধি পাওয়া)>দ্যাহা

ধ

ধপ্‌কে = (স্থা) -বিণ. হুজুগে

ধর্‌কে = (স্থা) -বিণ. চমকে

ধরেয়া = (স্থা) -বি. নেংটি ইঁদুর

ধলা = (অভি) -বিণ. সাদা

ধলো = (স্থা) -বিণ. সাদা, সং ধবল

ধলো-ফক্-ফক্ = (স্থা) -বিণ. সাদা ধব্‌ধবে, সং. ধবল + ফক্‌ফক্

ধাইন্য = (অভি) -বি. ধান

ধাউর = (স্থা) -বিণ. ধূর্ত

ধাগরী মাগী = (স্থা) -বিণ. গালি, অজ্ঞাতমূল

ধাগা = (স্থা. মু.) -বি. মোটা সুতো

ধাগিরী = (স্থা) -বিণ. চরিত্রহীন (স্ত্রীলোক)

ধান গাড়া = (স্থা) -ক্রি. ধান রোপন করা, হি. গাড়না

ধানাই-পানাই = (অভি) -বিণ. ছল চাতুরি

ধুম্‌শি = (স্থা) -বিণ. স্থূলকায় স্ত্রীলোক, অজ্ঞাতমূল

ধুম্মা = (স্থা) -বিণ. মোটা

ধুলধুল = (স্থা) -বি. গুঁড়ো, সং. ধূলি>ধূলধূল (শব্দদ্বিত্ব)

ধুশুর মুশুর = (স্থা) -বিণ. চলার ভঙ্গি

ধেদরে = (স্থা) -ক্রি. হিঁচড়ানো

ধোইরজ = (অভি) -বি. ধৈর্য

ধোকোড়া = (স্থা) -বি. চট

ধোকোর-বাপ = (স্থা) -বি. ধর্ম পিতা, অজ্ঞাতমূল

ধোকোর বেটি = (স্থা) -বি. ধর্ম মেয়ে
ধোকোর ব্যাটা = (স্থা্া) -বি. ধর্মপুত্র
ধোকোর মাও = (স্থা) -বি. ধর্ম মা
ধোদা ব্যাঙ = (স্থা) -বি. সোনা ব্যাং
ধোদা ব্যাং= (স্থা) -বি. সোনা ব্যাং
ধোদোরোং = (স্থা) -বিণ. বড় গর্ত
ধোন্দল = (স্থা) -বি. এক জাতীয় সব্জি
ধ্যাতের প্যাতের = (স্থা) -বিণ. ছেঁড়া
ধ্যাদরে = (স্থা) -ক্রি. টেনে

ন

নইনই = (স্থা) -বিণ. মিহি করে বাটা
নককর = (স্থা) -ক্রি. চুপকর
নকতা = (অভি) -বি. ঝামেলা
নকনক = (স্থা) -বিণ. সতেজ
নকুল শাড় = (অভি) -বিণ. ভবঘুরে
নক্ত = (অভি) -বি. রক্ত
নগে = (অভি) -অব্য. সঙ্গে
নঘি = (স্থা) -বি. লগা, হি. লগ্‌গা
নজেন্ = (অভি) -বি. লজেন্স, ইং. Lozenges
নজ্জা = (স্থা) -বি. লজ্জা
নটি = (স্থা) -বিণ. গালি, অজ্ঞাতমূল
নদানদা = (অভি) -বি. নাদুস নুদুস
নদারি = (স্থা) -অব্য. সম্বোধন, অজ্ঞাতমূল
নন্ = (স্থা) -বি. ননদ
ননভন = (স্থা) -বিণ. লণ্ডভণ্ড
ননাশ = (অভি) -বি. ননদ
নন্দি জামাই = (অভি) -বি. নন্দাই
নবান = (স্থা) -বি. নবান্ন
নম্পো = (স্থা) -বি. ল্যাম্প, ইং. Lamp

নম্ভা = (স্থা) -বিণ. লম্বা

নল্ঠোঙ = (স্থা) -বি. লণ্ঠন, ইং. Lantern

নল্লি = (স্থা) -বি. গলা

নাই = (অভি) -বি. নাভি, ফা. নাফ, সং. নহ্ + ই ; ইং. Nave

নাই = (অভি) -বি. লাউ, সং অলাবু>প্রাঃ অলাউ>লাউ>নাই

নাইক্যা = (অভি) -অব্য. নেই

নাইংলা = (অভি) -বি. পাট গাছ

নাইছ্যান্ = (স্থা) -বি. লাইসেন্স, ইং. License

নাইন্ = (স্থা) -বি. লাইন, ইং. Line

নাইট্ = (স্থা) -বি. লাইট, ইং. Light

নাইড়ি = (স্থা) -বি. সকালের খাওয়ার ফা. নহার + ই = নহারি>নাহিড়ি>নাইড়ি

নাইয়র = (স্থা) -বি. বাবার বাড়িতে কন্যার বেড়াতে যাওয়া

নাইরিখানা ব্যালা = (স্থা) -বিণ. প্রাক্ দুপুর

নাইল = (অভি) -বি. শাপলা

নাউকা = (স্থা) -বি. নৌকা, সং. নৌ

নাউয়া = (স্থা) -বি. নাপিত, সং নাপিত>নাউয়া

নাও = (স্থা) -বি. নৌকা, নৌ>নাও

নাকের আগডু = (অভি) -বি. রাস্তার সম্মুখেই

নাকের পশম = (অভি) -বিণ. শত্রু

নাখান = (স্থা) -বিণ. মতো

নাগাল = (উভ) -বি. নাগাল

নাগা = (স্থা) -ক্রি. আঘাত লাগা, সং. লগ্>লাগা>নাগা

নাগর গদাই = (অভি) -বিণ. ঢং করে চলা ফেরা করা

নাগাল = (অভি) -বিণ. মতো

নাং = (উভ) -বি. উপপতি, ফা. নংগ

নাঙগোল = (উভ) -বি. লাঙল, সং লাঙ্গল

নাংচুন্নি = (স্থা) -বিণ. গালি বিশেষ (স্ত্রীলোক ব্যবহৃত)

নাচারি = (অভি) -বি. বিয়ের পণ

নাঠি = (স্থা) -বি. লাঠি, সং যষ্ঠি>প্রা. লট্ঠি>লাঠি>নাঠি

নাডি = (অভি) -বি. লাঠি, সং যষ্ঠি>প্রা. লট্ঠি>লাঠি>নাঠি>নাডি

নাড়া = (স্থা) -বি. ধান গাছের গোড়া

নাড়া ঘ্যান্টা = (স্থা) -বিণ. নাড়া চাড়া

নাঢ়া = (স্থা) -বি. নিতম্ব, অজ্ঞাতমূল
নাতি = (অভি) -ক্রি. স্নান করতে
নাৎথি = (স্থা) -বি. লাথি
নাত্তি = (অভি) -বি. লাথি
নাদা = (স্থা) -বি. দলা
নাদা = (স্থা) -বি. চাড়ি
নাধা = (স্থা) -বি. ছাগল/গোরু, মোষের নাদি, লণ্ড
নাধি = (স্থা) -বি. ছাগল/গোরু, মোষের নাদি, লণ্ড
নাধেনা = (স্থা) -বি. লাঠি, অজ্ঞাতমূল
নান = (স্থা) -বি. মুড়ি, ফা. নহার>নান
নানা = (মু.) -বি. দাদু, হি. নানা
নাপ্তা = (অভি) -বি. নাপিত, সং নাপিত + আ
নাপতালি = (অভি) -বিণ. চালাকি
নামিলা = (অভি) -বিণ. নমলা
নাম্বা = (অভি) -বিণ. লম্বা, সং. লম্ব + আ = লম্বা>নাম্ভা>নাম্বা
নাম্ভা = (স্থা) -বিণ. লম্বা
নাল = (উভ) -বিণ. লাল, ফা. লাল
নালচ্যা = (স্থা) -বিণ. লোভী, ফা. লালচ
নালঠিয়া = (স্থা) -বি. লোভী
নালঠিয়া = (স্থা) -বিণ. লালচে
নাল পিঁপিড়া = (স্থা) -বি. এক ধরনের পিঁপড়ে
নাশ = (স্থা) -বি. লাশ, ফা. লাশ্
নাশতা = (মু.; অভি) -বি. সকালের খাওয়ার, ফা. নাশত
নাহিড়ি = (স্থা) -বি. সকালের খাওয়ার, ফা.নাহার + ই = নহারি>নাহিড়ি
নাহান = (অভি) -অব্য. মতো
নি = (স্থা) -ক্রি. নাও, লইয়া
নিওর = (অভি) -বি. শিশির
নিকি = (স্থা) -বি. উকুনের ডিম, লিক্ষা
নিগরা ঘোগরা = (স্থা) -বিণ. নিংড়ানো
নিচু = (স্থা) -বি. লিচু, চীনা লিচি
নিজুনজাল = (অভি) -বিণ. শান্তশিষ্ট

নিদান = (স্থা) -বি. নিদেন সময়
নিধিনি = (স্থা) -অব্য. নাও দেখি
নিন = (স্থা) -বি. ঘুম, নিদ্রা>নিন্দ>নিন
নিনতা = (অভি) -বি. সহায়হীন
নিন্দা = (উভ) -বি. নিন্দা, সং. নিন্দ
নিমন্তন্ = (স্থা) -বি. নিমন্ত্রণ
নিনেংঠিয়া = (স্থা) -বিণ. নিঃস্ব
নিয়াই = (অভি) -বি. তর্ক
নিরচয় = (অভি) -বি. নিশ্চয়
নিলা = (উভ) -বিণ. নীলাভ, সং নীল + আভা
নিলি = (স্থা) -বি. শ্যাওলা
নিল্লা = (স্থা) -বিণ. নিরেট, নির্ভেজাল
নিশশা = (অভি) -বিণ. খারাপ
নিহট = (অভি) -বিণ. নিকট
নিহাই = (স্থা) -বি. তর্ক
নিহার = (স্থা) -বি. শীত
নুংগি = (স্থা) -বি. লুঙ্গি, বর্মী
নুন্চা = (স্থা) -বিণ. নোনতা (স্বাদ) সং লবণ>প্রা. লোন্>নুন্ + চা
নুনতা = (অভি) -বিণ. নোনতা (স্বাদ), সং. লবণ>প্রা. লোন্>নুন্ + তা
নুভি = (স্থা) -বিণ. লোভী, সং. লোভ>লুভি>নুভি
নুয়া = (অভি) -বি. লোহা, সং. লৌহ
নেওয়া = (স্থা) -বি. আতা, অজ্ঞাতমূল
নেঙ্গুর = (স্থা) -বি. লেজ, লাঙ্গুল>নেঙ্গুল>নেঙ্গুর
নেচু = (অভি) -বি. লিচু, চীনা লিচি
নেবু = (স্থা) -বি. লেবু, সং নিম্বু
নেমু = (অভি) -বি. লেবু, সং নিম্বু
নেলচিয়া = (স্থা) -বিণ. লোভী ব্যক্তি, ফাঃ লালচ
নো = (অভি) -অব্যয়, (চলো যাওয়া যাক অর্থে)
নো = (স্থা) - সম্মতিসূচক অব্য.
নোওলা = (অভি) -বি. খুব ছোট, ছোট, মাঝারি রুই, অজ্ঞাতমূল
নোক = (স্থা) -বি. নখ, সং. নখ

নোগল = (স্থা) -বি. আঙুল
নোজ্জা = (স্থা) -বি. লজ্জা, সং লস্‌জ + আ>লজ্জা>নোজ্জা
নোব = (স্থা) -বি. লোভ, সং. লোভ>নোব
নোরা = (অভি) -বি. খুব ছোট, ছোট, মাঝারি রুই, অজ্ঞাতমূল
নোহি = (অভি) -বি. নখ, সং. নখ
নোহা = (স্থা) -বি. লোহা, সং. লৌহ
ন্যাইন্‌জ = (স্থা. মু.) -বি. লেজ
ন্যাইন্‌দ = (স্থা. মু.) -বি. নাদ
ন্যাওয়া = (স্থা) -বি. আতা
ন্যাওল = (স্থা) -বিণ. ঢালু, নম্র>নমর>ন্যাওর>র>ল
ন্যাকচার্‌ = (স্থা) -বি. লেকচার, ইং. Lecture
ন্যাঙড়া = (স্থা) -বি. খোঁড়া, হিঃ লঙ্গড়া>ন্যাঙড়া
ন্যাচার = (স্থা) -বি. (স্বভাব), ইং. Nature
ন্যাটাপারা = (স্থা) -বি. বাবু হয়ে বসা
ন্যাম্ফো = (স্থা) -বি. ল্যাম্প, ইং. Lamp
ন্যাম্‌বার্‌ = (উভ) -বি. মেমবার, ইং. Member
ন্যাহোর = (স্থা. মু.) -বি. কাত করে রাখা

প

পকোট্‌ = (স্থা) -বি. পকেট, Pocket
পঞ্চাৎ = (স্থা) -বি. পঞ্চায়েৎ, হি. পঞ্চায়ৎ
পঠে = (অভি) -বি. সিঁড়ি
পত = (অভি) -বি. পথ, সং. পথ
পম্পা = (অভি) -বি. পেঁপে, পো. Papaia
পয়লা মুরগের বাগে = (অভি) -বিণ. অতি ভোরে
পরজাপতি = (অভি) -বি. প্রজাপতি
পরান = (অভি) -বি. প্রান, সং. প্রাণ
পরতিজ্ঞা = (স্থা) -বি. সং. পতিজ্ঞা
পলট = (স্থা) -ক্রি. গোছানো, ভাঁজ
পল্‌হোই = (স্থা. মু.) -বি. মাছ ধরার যন্ত্র বিশেষ
পশ্‌শা = (স্থা) -ক্রি. জন্ম দেওয়া

পসাত্তোর = (অভি) -বি. পঁচাত্তর

পহর = (স্থা) -বি. প্রহর

পহির = (অভি) -বি. পুকর, সং. পুষ্কর

পহিলা = (স্থা) -বি. পয়লা, হি: পহ্‌লা

পাইখড় = (স্থা) -বি. পাকুর গাছ (অশ্বত্থ)

পাইচন = (অভি) -বি. গরু তাড়াবার লাঠি

পাইথল = (স্থা) -বি. আড়াআড়ি, প্রস্থ>পাথ + অল

পাইপা = (অভি) -বি. পেঁপে, পোঃ Papaia

পাইমারি = (স্থা) -বি. প্রাইমারি, ইং. Primary

পাইরাম = (অভি) -বিণ. ফুটানি

পাইলন = (অভি) -বি. অবসর

পাউঠি = (স্থা) -বি. সিঁড়ি

পাউরাট = (স্থা) -বি. পাউডার, ইং. Powder

পাও = (উভ) -বি. পা, সং পদ

পাওজামা = (স্থা) -বি. পায়জামা, ফা. পা-জামা

পাকান খই = (অভি) -বি. মুড়কি

পাকে = (স্থা) -বি. দিকে

পাখালিয়া = (অভি) -বিণ. ঘরকুনো

পাগার = (অভি) -বি. পুকুর

পাঘলা = (স্থা) -ক্রি. ধৌত করা

পাঘার = (স্থা) -বি. বেড়া, সং. প্রাকার>পকার>পাঘার

পাঘাল = (স্থা) -বি. ইস্পাত, পাকা লৌহ>পাকাল

পাচ কামুইরা = (অভি) -বি. এক ধরনের পিপড়ে

পাচচল্লিশ = (অভি) -বিণ. পঁয়তাল্লিশ, সং. পঞ্চচত্বারিংশৎ

পাচশট্টি = (অভি) -বিণ. পঁয়ষট্টি, সং. পঞ্চষষ্ঠি

পাচপান্ন = (অভি) -বিণ. পঞ্চান্ন

পাচাল = (স্থা) -বি. আবোল তাবোল বকা

পাছা = (অভি) -বি. নিতম্ব, সং. পশ্চাৎ>প্রা. পচ্ছা>বাং. পাছা

পাছাড় = (অভি) -ক্রি. আছাড়, উর্দু, পছাড়

পাজির দোনা = (অভি) -বিণ. ভীষণ দুষ্ট

পাঝা = (স্থা) -বি. ঝুড়ি

পাঝিয়া = (স্থা) -বি. বড় ঝুড়ি, অজ্ঞাতমূল
পাট = (স্থা) -বি. জনমজুর, সং পাটী>পাট
পাটা = (স্থা) -বি. পাট, সং. পট্ট>পাট
পাডা = (অভি) -বি. পাঁঠা, সং. পুষ্ট>পট্‌ঠা>পাঠা>পাডা
পাতাইল = (অভি) -বিণ. চওড়া
পাতান = (উভ) -বি. অপুষ্ট ধান
পাতারি = (অভি) -বিণ. অসভ্য
পাতারি = (স্থা) -বি. পাতা
পাতিল = (অভি) -বি. ভাতের হাঁড়ি
পাতোল = (স্থা) -বিণ. পাতলা
পাথার = (স্থা) -বি. মাঠ
পান = (স্থা) -বি. প্রান, সং প্রাণ
পান্‌জোর = (স্থা) -বি. পাঁজর
পাপ্‌তা = (স্থা) -বি. পাবদা, সং পর্ব্বত> পব্বত>পাবদা>পাপ্‌তা
পাপিয়া = (স্থা) -বি. পেঁপে, Papia পোর্তুগিজ
পাবো = (স্থা) -বি. পাবদা, সং পর্বত>পব্বত>পাবদা>পাবো
পাবলা = (অভি) -বি. পাবদা, সং পর্ব্বত>পব্বত>পাবদা>পাবলা
পায়রা = (অভি) -বি. যব
পালা = (স্থা) -বি. খড়ের গাদা
পাল্ল্যা = (অভি) -বি. ভাতের হাঁড়ি
পাহা = (অভি) -বি. পাখা
পাল্লা পৈরান = (অভি) -বি. পাল্লা বাটখারা
পাশ = (অভি) -বিণ. পাঁচ
পাশটি = (স্থা) -বি. আঁতুড় বাড়ি
পাশাল্ = (স্থা. মু.) -বি. আড়্; ফাঁক
পাহি = (স্থা) -বি. সারিবদ্ধ ভাবে কাজের একটি অংশ
পিছা = (অভি) -বি. ঝাঁটা
পিছাড়া = (অভি) -বি. বাড়ির পিছন দিক
পিঠালি = (স্থা) -বি. এক ধরনের গাছ
পিডা = (অভি) -বি. পিঠা, সং. পিষ্টক>পিঠা, ঠ>ড = পিডা
পিডা = (অভি) -বি. পেটাও

পিড়ন = (উভ) -বি. যে কোন জামা, ফা. পীড়াহ্ন

পিড়া = (স্থা) -বি. বারান্দা

পিড়ান = (উভ) -বি. যে কোন জামা, ফা. পীড়াহ্ন

পিড়োন = (অভি) -বি. যে কোন জামা, ফা. পীড়াহ্ন

পিড়্হ্যা = (স্থা.মু) -বি. পিঁড়ে

পিড়া = (স্থা) -বি. বারান্দা

পিড়া = (স্থা) -বি. পিঁড়ি

পিড়ি = (অভি) -বি. পিঁড়ে, পিণ্ডিকা

পিত্তিমা = (অভি) -বি. প্রতিমা

পিতাম = (স্থা) -বি. মেটে

পিদুম = (অভি) -বি. প্রদীপ

পিন্ধা = (স্থা.মু) -বি. পরিধান

পিন্দা = (স্থা) -ক্রি. পরিধান করা, পিনন্ধ

পিপড় = (স্থা) -বি. এক ধরনের পিঁপড়ে

পিরতোক = (অভি) -বিণ. পৃথক

পিশাই = (স্থা.হি) = বি. পিসি

পিহি = (অভি) -বি, মুড়ি নাড়া দেবার শলাকা

পুইছা = (অভি) -ক্রি. মুছে

পুঁথলা = (স্থা.মু) -বি. পুতুল

পুক্ = (অভি) -বি. পোঁকা, সং পুলক > পোক

পুক্টি = (স্থা) -বি. মলদ্বার

পুটল = (অভি) -বি. পটল, সং. পটল

পুঠি = (স্থা) -বি. পুটি, সং. প্রোষ্ঠী

পুডি= (অভি) -বি. পুটি, সং. প্রোষ্ঠী

পুতুরা = (অভি) -বি. পুত্র

পুথুল = (স্থা) -বি. পুতুল

পুয়াল = (স্থা. মু) -বি. খড়, সং. পলাল

পুলা = (অভি) -বি. ছেলে

পুলুশ = (স্থা) -বি. পুলিশ, ইং. Police

পুশ = (স্থা) -বি. পৌষ

পুশনা = (স্থা) -বি. পৌষ সংক্রান্তির দিনের উৎসব

পুসা = (অভি) -বি. জিজ্ঞাসা করা

পুহুর = (অভি) -বি. পুকুর

পেইচ = (স্থা) -বি. পেঁয়াজ, হি. প্যাঁজ

পেজ = (স্থা) -বি. পেঁয়াজ, হি. প্যাঁজ

পেচকুট্টি = (স্থা) -বিণ. জটিল, অজ্ঞাতমূল

পেট্‌টিশ্‌ = (স্থা) -বিণ. জটিল, অজ্ঞাতমূল

পেট্‌টিশ্‌ = (স্থা) -বি. প্রেস্টিজ, ইং. prestige

পেট্রা = (অভি) -বি. বাক্স, সং. পেটক

পেটালি = (স্থা) -বি. আসন্না প্রসবা

পেটুলি = (অভি) -বি. আসন্ন প্রসবা

পেণ্ঠি = (স্থা) -বি. গরু তাড়াবার লাঠি

পেশ্‌কিশন্‌ = (স্থা) -বি. প্রেসক্রিপশন, ইং. Prescription

পৈঠা = (অভি) -বি. সিঁড়ি

পৈরাত = (অভি) -বি. জন মজুর

পৈরান = (অভি) -বি. বাটখারা

পোইচ্ছা = (অভি) -বি. হাঁড়ি রাখার বস্তু, হি. পৈঠান > পৈঠা > পোইচ্ছা

পোইতিরিশ = (স্থা) -বিণ. পঁয়ত্রিশ, সং. পঞ্চত্রিংশৎ

পোক = (অভি) -বি. পোঁকা, সং. পুলক > পোক. প্রাচীন বাংলায় এবং ওড়িয়ায় 'পোক'

পোক্‌খি = (স্থা) -বি. পাখি

পোংগা = (স্থা) -বি. পায়ু

পোংগাইলা = (অভি) -বিণ. অসময়ে

পোংটা = (অভি) -বিণ. অসময়ে

পোচ্‌ছিয়া = (স্থা) -বি. বিহারি

পোজাপতি = (স্থা) -বি. প্রজাপতি

পোখর = (স্থা) -বি. পুকুর

পোচকোট্টা মুহা = (স্থা) -বিণ. খারাপ মানুষ, অজ্ঞাতমূল

পোডোল = (অভি) -বি. পটল, সং পটল

পোতিজ্ঞা = (স্থা) -বি. প্রতিজ্ঞা

পোতিমা = (স্থা) -বি. প্রতিমা

পোতিশোত = (স্থা) -বি. প্রতিশোধ

পোন্‌দোরো = (স্থা) -বিণ. পনেরো, সং পঞ্চদশ

পোনারো = (অভি) -বিণ. পনেরো, সং পঞ্চদশ

পোন্তা = (স্থা) -বি. পান্তাভাত

পোয়াতি = (স্থা) -বি. গর্ভবতী, সং পুত্রবতী

পোয়াল = (স্থা) -বি. খোলা খড় (আঁটি নয়) পলাল

পোরধান্ = (উভ) -বি. প্রধান

পোরমান্ = (স্থা) -বি. প্রমান

পোলতা = (স্থা) -বি. সলতে, ফা. পলীতহ্

পোল্‌লা = (স্থা.মু.)-বি. পটল

পোলা = (অভি) -বি. ছেলে. তামিল-পিল্লই ; তেলেগু-পিল্লা

পোলাপান = (অভি). বি. ছেলেপেলে

পোলোই = (স্থা) -বি. মাছ ধরার যন্ত্র বিশেষ

পোশ্‌শু = (স্থা) -বি. পরশু

পোশিশ = (অভি) -বিণ. পঁচিশ, সং. পঞ্চবিংশতি

পোহা = (অভি) -বি. পোঁকা, সং. পুলক > পোক > পোকা > পোহা

পোহাত = (স্থা) -বি. প্রভাত; ভোর, সং. প্রভাত

পোহিন = (স্থা. মু) -বি. পোনা

প্যাচাল পারা = (অভি) -ক্রি. আজে বাজে কথা বলা

প্যাট = (উভ) -বি. পেট

প্যাট = (উভ) -বি. গর্ভ, দেশিমূল

প্যাট হওয়া = (উভ) -বি. গর্ভবতী হওয়া

প্যান্ = (স্থা) -বি. প্যান্ট, ইং. Pant

প্যানদোন = (অভি) -ক্রি. পরিধান করা

প্যানাতি = (স্থা.মু) -বি. পানের দোকান

প্যারতোম = (অভি) -বিণ. প্রথম

ফ

ফকড়ু = (স্থা) -বিণ. বাচাল, আঃ ফিসক্ক

ফটোক = (স্থা) -বি. ফটো, Photo

ফন=(স্থা) -বি. ফোন, ইং. Phone

ফরল্যা = (অভি) -বিণ. বন্ধ্যা

ফরু = (অভি) -বি. সর্ষে

ফশকুটি = (স্থা) -বিণ. হাত থেকে ছুটে যাওয়া

ফশোল = (স্থা) -বি. ফসল, আঃ ফসল

ফাইতলা = (অভি) -বি. পাত্র; পাতিল

ফাইরা = (অভি) -ক্রি. ছিঁড়ে

ফাউরি = (স্থা) -বি. মুড়ি ভাজার কাজে ব্যবহৃত কাঠের খুন্তি

ফাঁড় = (স্থা.মু) -বিণ. প্রস্থ

ফাকি = (স্থা) -বি. গুঁড়ো ওষুধ

ফাকুন্দি = (স্থা) -বিণ. ফাঁকি দেয় এমন

ফাকের = (অভি) -বিণ. দূরের

ফাঙড়ি = (স্থা.মু) -বি. শাখা-প্রশাখা

ফাটাকপাইলা = -বিণ. সৌভাগ্যবান

ফাতরা = (স্থা) -বিণ. আবোল তাবোল বকে যে

ফাপড় লাগা = (স্থা) -ক্রি. দম বন্ধ হয়ে আসা

ফাললা = (স্থা) -সর্ব. অজ্ঞাতনামা, আ. ফুলনা

ফাল্‌লা = (স্থা) -সর্ব. ওমুক

ফালাইনা = (অভি) -বিণ. অবজ্ঞার বস্তু

ফাল্লা-তাশ্‌কা = (স্থা) -সর্ব. অনির্দিষ্ট ব্যক্তি, অজ্ঞাতমূল

ফাশ = -বি. পাশ, ইং. Pass

ফাশ = -বি. ফার্স্ট, ইং. First

ফিইক্যা = (অভি) -ক্রি. ছুঁড়ে

ফিক্‌কি = (স্থা) -ক্রি. ছুঁড়ে দেওয়া

ফিচা = (স্থা) -বি. লেজ, পুচ্ছ

ফিট = (স্থা) -বি. অজ্ঞান

ফিরা = (স্থা) -বি. পিঁড়ে, পিণ্ডিকা

ফুচুর ফুচুর = (অভি) -বিণ. ঘনঘন

ফুট্‌টুশ = (অভি) বি. অদৃশ্য, চম্পট

ফুটা বিহান = (অভি) -বিণ. অতি প্রত্যুষ

ফুডা = (অভি) -বি. ছিদ্র

ফুশ্‌ফুশি = (স্থা) বি. ফুশফুশ

ফেইক্যা = (অভি) -ক্রি. ছুড়ে ফেলা, ক্ষেপণ > ক্ষেপ > ফেকা

ফেউ = (স্থা) -বি. অবাঞ্ছিত লোক, ফেরু

ফেচকুল = (স্থা) -বি. কোকিল জাতীয় পাখি, অজ্ঞাতমূল

ফেন্দা = (স্থা) -ক্রি. পরিধান করা, হিঃ পেহেনা

ফোকফোকিয়া = (স্থা) -বিণ. বাচাল

ফোটা = (স্থা) -বি. ফোড়া, স্ফুট

ফোম = (স্থা) বি. স্মরণ, ফা. ফহম্

ফ্যাকা = (অভি) -বি. কাত্লা, অজ্ঞাতমূল

ফ্যাচকোট = (স্থা) -বিণ. রসিক মানুষ

ফ্যাদলান = (স্থা) -বিণ. অধিক কথা বলা

ব

বওলা = (অভি) -বি. ঈগল, অজ্ঞাতমূল

বক্রি = (স্থা) -বি. ছাগল, হি. বক্রী

বগধোল = (স্থা) -বি. বগল, ফা. বগল

বগলে = (অভি) -বি. বক

বদলা = (অভি) -বি. জনমজুর, আ. বদল্ + আ (কাজের বিনিময়)

বয়রা = (অভি) -বিণ. বধির

বর্বর = (স্থা) -বি. শরীরে ফুলে ওঠা আঘাতের চিহ্ন

বরম = (অভি) -বি. শ্রদ্ধা

বরিন্দ = (অভি) -বি. টাকা রাখার তহবিল

বরুনা = (অভি) -বি. ঢাকনি

বর্ঝোন = (স্থা) -বি. সম্বন্ধী

বরক = (অভি) -বি. অবিশ্রান্ত বৃষ্টি

বল্ = -বি. বাল্ব, ইং. Bulb

বলা পিঠা = (স্থা) -বি. এক ধরনের রুটি

বল = (স্থা) -বি. হালের গোরু, সং. বলীবর্দ্দ

ভাল্ব = (অভি) -বি. বাল্ব, ইং. Bulb

বহু = (স্থা) -বি. বউ, সং. বধূ > বহু

বল্দা = (অভি) -বিণ. বোকা

বশোমাতা = (স্থা) -বি. মাটি

বশ্শিগিড়া = (অভি) -বিণ. শক্তগিট

বহিন = (স্থা) -বি. বোন, হিঃ বহিন

বহনু = (স্থা.মু) -বি. ভগ্নীপতি

বা = (স্থা) -বি. বাবা

বাই = (অভি) -বি. ভাই, সং. ভাতৃ > প্রা. ভাই

বাইগন = (স্থা) -বি. বেগুন, সং. বাতিগন > বাইগন;

বাইটা = (অভি) -বিণ. বেঁটে, সং. বণ্ঠ > বাঁট > বাইটা

বাইট্ঠ্যা মেয়া = (অভি) -বি. বেঁটে স্ত্রী লোক, সং বণ্ঠ > বাঁট > বাঁঠা > বাইট্ঠা

বাইঠা = (অভি) -বি. চোরকাঁটা

বাইত্যা = (অভি) -বি. ইঁদুর

বাইদ্যা = (অভি) -বি. বাদ্য

বাইনতা = (অভি) -বিণ. সরল মানুষ

বাইনদা = (অভি) -বিণ. বেঁধে

বাইনার টোপলা = (অভি) -বিণ. কাচুমুচু

বাইয়া ব্যাং = (অভি) -বি. কোলা ব্যাং

বাইরা = (অভি) -ক্রি. প্রহার কর

বাইর্হৎ = বি -বি. বাইরে

বাউর = (অভি) -বি. ভাশুর, সং. ভাতৃশ্বশুর > প্রা. ভাইস্সুর > ভাশুর > ভাহুর

বাউততারা = (অভি) -বিণ. দুষ্ট

বাউতি = (অভি) -বি. বালতি, পোর্তু. Balde

বাও = (স্থা) -বি. বাতাস, বায়ু > বাও

বাওই = (অভি) -বি, বাবুই, দেশিমূল

বাওনা = (স্থা) -বিণ. বেঁটে

বাওয়ান্ন = (অভি) -বিণ. বাহান্ন, সং. দ্বিপঞ্চাশৎ

বাওর্ = (অভি) -বি. ঝড় বাদল

বাঁট্যে = (অভি) -বিণ. বেঁটে, সং. বণ্ঠ > বাঁট > বাঁট্যে

বাক = (স্থা) -বি. বাঘ

বাগারে = (অভি) -বিণ. ভীষণ টক

বাগন = (স্থা) -বি. বেগুন, সং. বাতিগন > বাইগন ; বাগন

বাগনী = (স্থা) -বিণ. বেগুনি, সং. বাতিগণ

বাগুন = (অভি) -বি. বেগুন, সং. বাতিগণ > বাগুন

বাগে = (স্থা) -বি. বাবাগো
বাংগা তুলা = (উভ) -বি. কার্পাশ
বাংঠা = (স্থা) -বিণ. বেঁটে, সং বণ্ট > বেঁটে
বাংতা = (অভি) -বিণ. খুচরো
বাঙরু = (স্থা) -বিণ. বেঁটে, সং বণ্ট > বেঁটে
বাঙরা = (স্থা) -বিণ. বেঁটে
বাচড়াল = (অভি) -বি. ঈগল, অজ্ঞাতমূল
বাচ্ছি = (স্থা) -বি. বকনা, সং. বৎস > বচ্ছ + ই = বাচ্ছি
বাচ্ছুর = (স্থা) -বি. বাছুর
বাজাইল = (অভি) -বি. পাতাশি মাছ
বাঁটে = (অভি) বিণ. বেঁটে
বাটিব্যালা = (অভি) -বি. বিকেল বেলা
বাডা = (অভি) -বি. পানদানি
বাড়ি = (স্থা) -ক্রি. আঘাত
বাড়ুন = (স্থা) -বি. ঝাটা, সং. বর্ধনী
বাড়ুহুন = (স্থা.মু.) -বি. ঝাটা, হি. বঢ়নী
বাত = (অভি) -বি. ভাঁত, সং. ভক্ত প্রা. ভত্ত > ভাত > বাত
বাতা = (উভ) -বি. বাখারি
বাতাল = (স্থা) -বি. জমির মাটির আর্দ্রতার পরিমান
বাতাশি = (অভি) -বি. পাতাশি মাছ, সং. পত্র > পাতা + শি
বাদামি লেবু = (স্থা) -বি. বাতাবি, Batavia থেকে আনা হয়েছে যে লেবু
বানাশ্ = (অভি) -বি. অবিরাম বৃষ্টিপাত
বান = (স্থা) -বি. বন্যা. তেলেগু- 'বানা' = বৃষ্টি
বানিয়া = (স্থা) -বি. ব্যবসায়ী, সং বণিক > হিঃ বনিয়া ; প্রাঃ বাং বাণ্যা
বাবু = (স্থা) -বি. বাবুই পাখি
বাবোই = (স্থা) -বি. বাবুই পাখি
বায়রা = (অভি) -বি. বাইরে
বারউঠা = (অভি) -ক্রি. গায়ে ভর করা
বারিন্দা = (স্থা) -বি. বারান্দা, ফা. বারানদা
বালটিং = (স্থা) -বি. বালতি, পোর্তু: Balde
বালটিন = (স্থা) -বি. বালতি, পোর্তু : Balde

বালশ্ = (স্থা.মু) -বি. নবনজাতক

বালা = (অভি) -বিণ. ভালো

বালশু = (স্থা) -বি. বালিশ, আবেস্ত. Barezis ; ফা. বালিশ > বালুশ

বাশ্ক = (স্থা) -বি. বাক্স, ইং. Box

বাশ্ মটোর্ = (স্থা) -বি. বাস, ইং. Bus

বাশ দেওয়া = (স্থা) -ক্রি. ধানকাটবার প্রাকমুহূর্তে বাঁশ দিয়ে শোয়ানো (সং. বংশ)

বাশনা = (স্থা) -বি. গন্ধ, অজ্ঞাতমূল

বাসুর = (অভি) -বি. বকনা

বাস্ক = (স্থা) -বি. বাক্স, ইং. Box

বাহা = (স্থা) -ক্রি. বাওয়া

বাহাত্রা = (অভি) -বিণ. অমার্জিত

বাহাত্তারা = (স্থা) -বিণ. বদমাশ

বাহাল = (স্থা) -বিণ. প্রসারিত করে দেওয়া

বাহুক = (স্থা) -বি. ঘাড়ে বোঝা বহনে ব্যবহৃত বাখারি

বিকা = (স্থা) -ক্রি. বিক্রয়

বিখান = (স্থা) -বিণ. স্তাবকতা

বিচন = (অভি)-বি.সং. বীজ + ই = বীজি + অন = বীজন > বিচন

বিচ্চি = (স্থা) -বি. বীজ

বিচাইন = (অভি) -বি. হাতপাখা

বিচুন = (অভি) -বি. হাতপাখা

বিছন কাচোল = (স্থা) -বি. বীজতলা, সং. বীজ

বিছিনা = (স্থা) -বি. বিছানা, সং বিস্তারণা > বিছানা > বিছিনা

বিছ্না = (অভি) -বি. বিছানা, সং. বিস্তারণা > বিছানা > বিছ্না

বিচনা = (অভি) -বি. বিছানা, সং. বিস্তারণা > বিছানা > বিছ্না

বিটি = (অভি) -বি. মেয়ে, প্রা. বিট > বেটি > বিটি

বিডিও = (উভ) -বি. ভিডিও; B.D.O, ইং VDO; B.D.O

বিডিউ = (অভি) -বি. V.D.O; B.D.O ইং VDO; B.D.O

বিদ্ড়া = (স্থা.মু) -বি.ভ্যাংচানো

বিদ্বা = (অভি) -বিণ. বিধবা, বি (নাই)+ধব (স্বামী)+আ ; গ্রীক. vidua

বিদপা = (অভি) -বি. বিধবা

বিদিখিচি = (স্থা) -অব্য. বিরক্তি

বিপৎ = (স্থা) -বি. বিপদ

বিয়ান ব্যালা = (অভি) -বি. সকাল বেলা

বিলাই = (স্থা) -বি. বিড়াল, হিঃ বিল্লী ; সং. বিলালী ; তামিল-পলুই বা বুলই

বিলাতি = (স্থা) -বি. মিষ্টি কুমড়ো, আ. ৰিলায়ৎ

বিলি = (স্থা) -বি. বিড়াল, সং. বিলালী

বিলাতিনাই = (অভি) -বি. মিষ্টি কুমড়ো

বিলে = (স্থা) -অব্য. নাকি

বিশ কাঠুল = (স্থা) -বি. এক ধরনের পিঁপড়ে অজ্ঞাতমূল

বিশ পিপড়া = -বি. এক ধরনের পিঁপড়ে

বিশরানো = (অভি) -ক্রি. খোঁজকরা, হি. বিছড়

বিশিত্বার = (স্থা) -বি. বৃহস্পতিবার, সং. বৃহস্পতিবার

বিস্না = (অভি) -বি. পাটি, সং বিস্তারণা > বিছানা > বিছ্না > বিস্না

বিহা = (স্থা) -বি. বিয়ে ; বিবাহ

বিহান = (উভ) -বি. সকাল, হি. বিহান

বিহান = (স্থা) -বি. বেয়ান

বিহ্যা = (স্থা.মু) -বি. বিবাহ

বুইনা = (অভি) -ক্রি. বপন করে

বুইনদা = (অভি) -বি. আগুনের ফুলকি

বুক্শুলা = (স্থা) -বি. বুকে আঘাত লেগে অচেতন হওয়া

বুট কালাই = (স্থা) -বি. ছোলা

বুড়গা = (অভি) -বিণ. বুড়ো, সং. বৃদ্ধ > প্রা. বুড়হ্যা > বুড় + গা

বুতবার = (স্থা) -বি. বুধবার, সং. বুধবার

বুদাম = (স্থা) -বি. বোতাম পোর্তু. Batao

বুন = (অভি) -বি. বোন, হি. বহিন

বুন্দিয়া = (স্থা) -বি. আগুন জ্বালিয়ে রাখার খড়ের কুণ্ডলি

বুন্দিয়া = (স্থা) -বি. বুঁদে

বুবু = (মু) -(স্থা. মু.) বি. বোন

বে-আক্কালিয়া = (স্থা) -বিণ. নির্বোধ, ফা. বে + আ. আক্কল + ইয়া

বেইন = (অভি) -বি. তরকারি, সং. ব্যঞ্জন > বেইন

বেইহা = (স্থা) -বিণ. বেহায়া, ফা. বে + আ. হয়া বিপর্যয়, য়া > ই

বেক্রি = (স্থা) -বিণ. রাস্তা যেখানে বাঁক নিয়েছে

বেগনা = (স্থা) -বি. স্ত্রীলোক
বেটিছাওয়াল = (অভি) -বি. স্ত্রীলোক
বেটি শতীন = (স্থা) -বিণ. গালি
বেটি শালি = (স্থা) -বিণ. পুরুষ ব্যবহৃত গালি বিশেষ
বেড়ুয়া = (স্থা) -বি. বিড়া, হাঁড়ি রাখার বস্তু, সং বিটিকা > বিড়ক > বিড়া
বেনিপ্যাচাল = (অভি) -বিণ, বাচাল
বেনুন = বি. তরকারি, সং, ব্যঞ্জন > বেইন; বেনুন
বেলে = (স্থা) -অব্য, নাকি
বেশ্যানী = (স্থা) -বিণ, গালি (বারবণিতা)
বেস্তি = (স্থা) -বি. তরকারি, অজ্ঞাতমূল
বেহুদ্দা = (উভ) -বিণ. বেয়াদপ, ফা. বেহুদহ্
বেশ্‌তি = (স্থা) -বি. তরকারি
বৈত্‌তা = (স্থা.মু) -বি. উদ্ধার
বৈরাতি = (স্থা.মু) -বি. বরযাত্রী
বৈশপার = (অভি) -বি. বসার
বৈশনা = (স্থা.মু) -বি. হাঁড়ি রাখার জায়গা
বৈশাক = (অভি) -বি. বৈশাখ, সং বৈশাখ > বোশাক
বৈহির‍্যা = (স্থা.মু) -বি. কানেখাটো
বো = (স্থা) -অব্য গো, দেশিমূল
বোক্‌খিল = (স্থা) -বিণ. নিঃস্ব, আ. বখিল
বোকধুল - (স্থা) -বি. বাদুর, সং, বাতুলি
বোকোড়া = (স্থা) -বি. পাঁঠা, হি. বোক
বোগড় = (স্থা) -বি. কুল
বোগলা = (স্থা.মু) -বি. বক
বোগিলা = (স্থা) -বি. বক, উ. বগলা; বাং, বগ + ইলা
বোজো = (স্থা) -ক্রি. বুঝি
বোঠি = (স্থা) -বি. বঁটি, মুণ্ডা-বঁটি
বোডা = (অভি) -বি. ভুট্টা, হি. ভুট্টা
বোড় = (স্থা) -বি. কুল, সং. বদর > প্রা. বোর
বোড়োই = (অভি) -বি. কুল, সং. বদর > প্রা. বোর > বোড়োই
বোগড় = (স্থা) -বি. কুল

বোদা = (অভি) -বি. স্ত্রী লিঙ্গ, আ. বোদ্আ

বোদায় = (স্থা) -বি. বোধহয়

বোনাই = (অভি) -বি. ভগ্নপতী, সং. ভগিনী > বহিন > বহিন > বোন + আই

বোন্দু = (অভি) -বি. বন্ধু, সং. বন্ধ্ + উ > বন্ধু > বন্দু

বোয়া = (স্থা) -বি. পোয়া, সং. পাদ > পোয়া > বোয়া

বোয়াশিন = (স্থা) -বি. ভাই-বউ, অজ্ঞাত

বোলদিয়া ডহর = (স্থা) -বি. ছায়াপথ, অজ্ঞাতমূল + অষ্ট্রিক ডহর

বোল্লা = (স্থা) -বি. বোলতা, সং. বরলা > বোল্লা

বোলা = (স্থা) -ক্রি. রাগানো

বোলা = (অভি) -ক্রি. ডাকা

বোশাক = (স্থা) -বি. বৈশাখ, সং. বৈশাখ > বোশাক

বোহ্নু = (মু) -বি. ভগ্নীপতি, হি. বহিন + উ

বোহু = (স্থা) -বি. বউ; বধূ

ব্যাআন্দাজ = (অভি) -বিণ. পরিমান বোধ হীন

ব্যাঁহা = (অভি) -বিণ. বাঁকা, সং. বঙ্ক

ব্যাকটি = (অভি) -বিণ. সমস্তই

ব্যাক্কা = (স্থা) -বিণ. বাঁকা

ব্যাগাড় = (উভ) -বি. বিনা মজুরিতে কাজ করা

ব্যাজাইলা = (অভি) -বিণ. ঝামেলাবাজ

ব্যাজার = (স্থা) -বি. অসন্তুষ্ট, ফা. বে + যার

ব্যাতা = (অভি) -বি. ব্যথা, সং. ব্যথ + আ = ব্যাথা > ব্যাতা

ব্যাদাম = (স্থা) -বিণ. যথেষ্ট; অনেক ফা. বে + হি, দম্ > বেদম > ব্যাদাম

ব্যানোজ্জা = (স্থা) -বিণ. বেলাজ, ফা. বে > ব্যা + নোজ্জা < লজ্জা, সং.

ব্যাপারী = (অভি) -বি. ব্যবসায়ী, হি. বেওপার্ + ই,

ব্যাবাক = (উভ) -বি. সব

ব্যারাশি = (স্থা) -বিণ. বিরাশি, সং. দ্বি-অশীতি

ব্যারানব্বই = (স্থা) -বিণ. বিরানব্বই, সং. দ্বি-নবতি

ব্যাল = (স্থা) -বি. বেল, সং. বিল্ব

ব্যালা = (উভ) -বি. সূর্য, সং বেল্ + আ

ব্যালাউচ = (স্থা) -বি. ব্লাউজ, ইং.

ব্যালা = (স্থা) - অব্য. নাকি

ব্যাহাই = (স্থা) -বি. বেয়াই, সৎ বৈবাহিক > প্রা. বেহাহিঅ > ব্যাহাই
ব্যালে = (স্থা) -অব্য, নাকি
ব্যাহান = (স্থা) -বি. বেয়ান, সং. বৈবাহিক > প্রা. বেহাহিঅ + আন
ব্যাশম = (অভি) -বি. খাবার সময় বিপত্তি

ভ

ভগনপোত = (স্থা.হি) -বি. ভগ্নীপতি, সং. ভগিনী > ভগন + পোত > পতি সং.
ভট্কা = (স্থা) -বি. পট্কা
ভয়পাদুরা = (স্থা) -বি. ভীতু
ভয়পাদুরি = (স্থা) -বিণ. ভীতু নারী
ভর্ভর = (স্থা) -বিণ. সমান ভাবে গজানো
ভর্ভর্ = (স্থা) -বিণ. ঝুরঝুরে মাটি (চাষের ক্ষেত্রে)
ভল্ভল্ = (স্থা -বিণ. পরিষ্কার; সুপক্ক
ভাইগ্না = (অভি) -বি. ভাগ্নে, সং ভাগিনেয় > ভাগিনা > ভাগ্নে
ভাইগ্না বউ = (অভি) -বি. ভাগ্নে বউ, সং. ভাগিনেয় > ভাইগ্না + বউ < বধূ সং.
ভাইস্তা = (অভি) -বি. ভাইপো, সং. ভাতৃজ, হি. ভাতিজা > ভাইস্তা
ভাইস্তাবউ = (অভি) -বি. ভাইপোবউ, হি. ভাতিজা > ভাইস্তা + বহু < বধূ সং.
ভাউচ্ = (স্থা. হি.) -বি. বৌদি, সং. ভাতৃজায়া > হি. ভাউয়াজ > ভাউচ্
ভাউজ = (স্থা) -বি. বোদি, ভাতৃ > ভাই + ই > উ + জ
ভাও = (অভি) -বিণ. অবস্থা; ভাব, ফা. বহা
ভাগিনি জাওই = (স্থা) -বি. ভাগ্নী জামাই, সং. ভাগিনেয় > ভাগিনা + ঈ(স্ত্রী প্রত্যয়) + জাওই < জাওই < জামাই<জামাতা সং.
ভাগিনিজামাই = (মু.অভি) -বি. ভাগ্নী জামাই, সং. ভাগিনেয় > ভাগিনি + জামাই < জামাতা
ভাচতা = (স্থা) -বি. ভাইপো, সং. ভাতৃজ, হি. ভাতিজা > ভাচতা
ভাটি = (অভি) -বি. ভাই, সং. ভ্রাতা > ভাইঅ > আই +টি
ভাটবাগুন = (অভি) -বি. টমেটো
ভ্যাটিব্যালা = (স্থা) -বি. বিকেল, সং. ভাটি + ব্যালা
ভাডি = (অভি) -বি. ভাই, সং. ভ্রাতা > ভাইঅ > ভাই + ডি
ভাড়া = (স্থা) -বি. দোলনা, অজ্ঞাতমূল
ভাড়াইল্যা = (অভি) -বিণ. ঝগড়াটে

ভাড়ুয়া = (স্থা) -বি. দোলনা অজ্ঞাতমূল

ভাতছোয়ানি = (স্থা) -বি. অন্নপ্রাশন

ভাতার = (স্থা) -বি. স্বামী, সং. ভর্তৃ > প্রা., ভত্তার > ভাতার

ভাতার খাকি = (অভি) -বিণ. গালি, সং. ভর্তৃ > ভাতার + খাকি

ভাতার ছাড়ি = (স্থা) -বিণ. গালি, সং. সপ্ত > প্রা. সত্ত > শাত + ভাতারী < ভর্তৃ সং.

ভাতিজা = (স্থা) -বি. ভাইপো, সং. ভ্রাতৃজ, হি. ভাতিজা

ভাতিজাবউ = (উভ) -বি. ভাইপোবউ, হি. ভাতিজা + বহু < বুধ সং

ভাতিজি = (স্থা) -বি. ভাইঝি, হি. ভাতিজা +ঈ (স্ত্রী প্রত্যয়)

ভাতিজি-জামাই = (উভ) -বি. ভাইঝি. জামাই

ভাতিড়ি = (স্থা) -বি. জঙ্ঘা, অজ্ঞাতমূল

ভাদই = (স্থাঃ -বি. আউস ধান, ভাদ্র > ভাদ + ওই

ভাদ্দর = (স্থা) -বি. ভাদ্র, সং. ভাদ্র > ভাদ্দর

ভাদুর = (অভি) -বি. ভাদ্র, সং. ভাদ্র > ভাদ্দর > ভাদর > ভাদুর

ভানি = (স্থা.মু.) -বি. বৌদি

ভাবি = (স্থা.মু.) -বি. বৌদি, হি. ভাবী

ভায়রা বাই = (অভি) -বি. ভায়রা, সং. ভ্রাতৃ প্রা. ভায়রা > ভায়রা

ভায়া = (স্থা) -বি. শিশ্ন সন্তান

ভালাই = (স্থা.মু.) -বি., ভালো

ভাল্লুক = (উভ) -বি. ভালুক, সং. ভল্লুক

ভাহুর = (অভি) -বি. ভাশুর, সং. ভ্রাতৃশ্বশুর > ভাইস্‌সুর > ভাশুর > ভাহুর

ভিমরুল = (অভি) -বি. ভিমরুল, অজ্ঞাতমূল

ভুক = (অভি) -বি. খিদে, হি. ভুক

ভুক্‌কা = (স্থা) -বি. ছিদ্র

ভুটি-প্যাটা = (স্থা) -বি. নাড়িভুঁড়ি

ভুর = (অভি) -বি. ভোর, হি. ভোর > ভুর

ভুলা = (স্থা) -বি. আলেয়া

ভেমরাল = (স্থা) -বি. ভিমরুল, অজ্ঞাতমূল

ভের্লে = (স্থা.মু.) -অব্য, নাকি

ভোক = (স্থা) -বি. খিদে, হি. ভুক

ভোকোন্দা = (স্থা) -বিণ. মোটাসোটা

ভোগা = (স্থা.মু.) -বি. মিথ্যা
ভোপাল = (স্থা) -বিণ. স্বাস্থ্যবান; স্বাস্থ্যবতী
ভোট পিপিড়া = (স্থা) -বি. এক ধরনের পিঁপড়ে, অজ্ঞাতমূল
ভোটা = (স্থা) -বি. ভুট্টা, হি. ভুট্টা
ভোতোরা = (স্থা) -বিণ. ভোঁতা, ব্যহত > ভোঁত + রা
ভোখ্‌রা = (স্থা.মু.) -বিণ. ভোঁতা
ভোদাই = (স্থা) -বিণ. গালি বিশেষ
ভোমপোত্ = (স্থা.হি.) -বি. ভগ্নীপতি
ভোশ = (স্থা) -বি. মহিষ, হি. ভৈঁস
ভ্যাইল = (স্থা.মু.) -বি. প্রীতি
ভ্যাগের ভ্যাগের = (স্থা) -বিণ. বেশি কথা বলা
ভ্যাটকান্দুরা = (স্থা) -বিণ. একটুতেই কাঁদে যে (পুং)
ভ্যাটকান্দুরি = (স্থা) -বিণ. একটুতেই কাঁদে যে (স্ত্রী)
ভ্যাড়ং = (অভি) -বি. ফড়িং, সং. পতঙ্গ > পটিঙ > ফড়িঙ >ভ্যাড়ঙ

ম

মংশ = (স্থা) বি. মাংশ
মজগুর = (অভি) -বি. মাগুর
মজায় = (স্থা) -বিণ. বেশ ভালো, ফা: মজহ্ > মজায়
মজিমত = (অভি) -ণী. মজবুত
মঠুরা = (অভি) -বি. খাঁটি সর্ষের তেল
মদবুল্লা = (অভি) -বি. মৌমাছি, সং. মধু + বোল্‌লা < সং. বরলা
মদুর মাছি = (অভি) -বি. মৌমাছি, সং. মধু + বোল্‌লা < সং বরলা
মধুমাচ্‌ছি = (স্থা) -বি. মৌমাছি, সং. মধু + মাচ্‌ছি < প্রা. মচ্ছিআ < সং. মক্ষিকা
মনা = (অভি) -অব্য. মনি, সম্বোধন পদ
ময়া = (স্থা) -বি. মায়া
ময়াল = (অভি) -বি. অঞ্চল
মরিচ = (অভি) -বি. ঝাল, সং মরীচ
মল্‌মল্ = (স্থা) -বিণ. সুগন্ধি
মল্‌মল্ বাশেনা = (স্থা) -বিণ. সুগন্ধ

মলা = (অভি) -বি. মৌরলা, অজ্ঞাতমূল

মহঙ্গা = (স্থা) -বিণ. চড়াদাম

মহলম = (স্থা) -বি. মলম, ফা. মুলহ্‌ম; আ. মর্‌হম্‌

মাইজাল = (অভি) -বি. এক ধরনের পিঁপড়ে, অজ্ঞাতমূল

মাইঝা = (অভি) -বিণ. মেঝে, সং. মধ্য > মাঝ > মাইঝা; মাজঝা

মাইয়া = (অভি) -বি. মেয়ে; স্ত্রীলোক

মাইগগা = (অভি) -বিণ. মেয়েলি

মাইট্যা = (অভি) -বিণ. মেটে, সং. মৃত্তিকা প্রা. মট্টিয়া

মাইদান = (অভি) -বি. মুড়ি, অষ্ট্রিক-দ্রাবিড় শব্দ

মাইদ্যাল = (অভি) -বি. দ্বিপ্রহর

মাইরা = (স্থা) -অব্য. শপথ করে বলা, পোর্তু, Maria

মাইশা = (অভি) -বি. মেসো, সং. মাতৃস্বসৃকা > প্রা. মাউস্‌সিঅ > মাউম > ই > মাইশা

মাউছা = (অভি) -বি. জেলে, সং . মৎসা .> মাছ > উয়া > মাউজা

মাউর = (অভি) -বিণ. মাতৃহীন, সং. মাতৃ > হারা > মাউরিয়া; মাউর

মাউরিয়া .> (স্থা) -বিণ. মাহারা; গোবেচারা

মাওই = (অভি) -বি. মাহোই, সং. মাতৃক + মাউই> মাহোই > মাওই

মাক= (স্থা) -বি. মাঘ, সং. মাঘী (মঘা + অ + ঈ)

মাকড়া = (স্থা) -বি. মাকড়শা, সং. মর্কটশাব

মাকড়াশ = (স্থা) -বি. মাকড়শা, সং. মর্কটশাব

মাক-ভাতার = (স্থা) -বি. স্বামী-স্ত্রী

মাকেড়া = (স্থা) -বি. মাকড়শা, সং. মর্কটশাব

মাগ = (স্থা) -বি. স্ত্রী, পালি, মাতৃগম > প্রা. মাউগাঅঁ > মাউগ > মাগ

মাগনা = (অভি) -বিণ. বিনামূল্যে

মাগ ভারুয়া = (স্থা) -বিণ. স্ত্রৈণ

মাংনা = (স্থা) -বিণ. বিনামূল্যে

মাংশু = (অভি) -বি. মাংশ

মাচ্‌ছি = (স্থা) -বি. মাছি, সং. মক্ষিকা > প্রা. মচ্ছিআ > মাচ্‌ছি

মাছুয়া = (স্থা) -বিণ. জেলে, সং. মৎস্য > মাছ + উয়া

মাজ্‌ঝা = (অভি) -বিণ. মেঝে, সং. মধ্য > মাঝ .> মাইঝা; মাজঝা

মাঝিয়া = (স্থা) -বিণ. মেঝে, সং. মধ্য > মাঝ + ইয়া > মাঝিয়া

মাটার = (স্থা) -বি. উইপোকা

মাটিয়ার = (স্থা) -বি. উইপোকা, সং. মৃত্তিকা > প্রা. মাট্টিয়া > মাটি + আর

মাডি = (অভি) -বি. মাটি, সং. মৃত্তিকা .> প্রা. মট্টিয়া > মাটি > মাডি

মাত্বর = (অভি) -বি. মাতব্বর

মাত্‌লা = (অভি) -বি. ঝাঁপি

মাতা = (অভি) -বি. মাথা, সং. মস্তক > মথঅ > মাথা > মাতা

মাথাল = (স্থা) -বি. ঝাঁপি, সং. মস্তক > মাথা > মাথাল; মাত্‌লা

মাথোল = (স্থা) -বি. ঝাঁপি, মস্তক > মাথা + ল

মান্‌শিতি = (স্থা) -বি. মানস

মানু = (অভি) -বি. লোক

মালুম = (স্থা) -বি. অনুভব, আ. ম 'লুম

মালোই = (স্থা) -বি. নারকেলের মালা

মাশকলাই = (স্থা) -বি. কলাইয়ের ডাল, সং. মাষক > মাশ + কলাই < কলায় সং.

মাশ্‌টোর = ((অভি) -বি. মাস্টার, ইং, Master

মাশ্‌সি = (অভি) -বি. মাছি, সং. মক্ষিকা > প্রা. মচ্ছিআ > মাচ্‌ছি > মাশ্‌সি

মাশা = (অভি)) -বি. মশা সং. মশক > প্রা. মসঅ > মোশা

মাশা = (স্থা) -বি. মেসো, সং. মাতৃস্বসূকা

মাশুয়া = (স্থা) -বি. মেসো, সং. মাতৃস্বসূকা > প্রা. মাউস্‌সিঅ > মাসি + উয়া

মাহান = (স্থা) -বি. মহান

মাহোই = (স্থা) -বি. মাহোই, সং. মাতৃক > মাউই .> মাহোই

মিট্যা = (অভি) -বিণ. মিষ্টি, সং. মিষ্ঠ > প্রা. মিট্‌ঠা > মিঠা > মিট্যা

মিডা = (অভি) -বিণ. মিষ্টি, সং. মিষ্ঠ > প্রা. মিট্‌ঠা > মিঠা > মিডা

মিতাবাপ = (স্থা) -বি. মিতবাবা, সং. মিত্র > মিত্ত > মিতা + বাপ

মিনশ্যা = (স্থা.মু.) -বি. পুরুষ মানুষ

মিশিং = (উভ) -বি. মেশিন

মুক = (স্থা) -বি. মুখ, সং. মুখ > মুক

মুক ভ্যাশলা = (স্থা) -ক্রি, নকল করে বলা

মুকরি = (অভি) -বি. মুরগি, ফা. মুর্গ

মুকে দেওয়া = (অভি) -ক্রি. ছুঁড়ে ফেলা

মুটা = (অভি) -বিণ. মোটা, তামিল, মোট্‌টই > মোটে > মুটা

মুঠা = (স্থা) -বি. এক ধরনের ঘুঁটে

মুড়া = (অভি) -সর্ব দিকে, সং. মুণ্ড

মুনিশ = (অভি) -বি. জনমজুর, সং. মনুষ্য > প্রা. বাং. মনিষ

মুশুকা = (স্থা) -ক্রি. ধান কেটে জমিতে শুকোতে দেওয়া, সং. মৃদ্ + উ > মু + শুকা

মুশুরি = (স্থা) -বি. মশারি

মুশুরি কলাই = (স্থা) -বি. মশুর কলাই

মুহে = (স্থা) -সর্ব. আমিই

মেইলা = (অভি) -ক্রি. খুলে

মেয়া = (অভি) -বি. মেয়ে, সং. মাতৃকা

মেয়া মানুশ = (অভি) -বি. স্ত্রী-লোক, সং. মাতৃকা > মেয়ে > মেয়া + মানুষ

মেহমান = (মু) -বি. আত্মীয়, ফা. মিহ্মান > মেহেমান

মেহুর = (অভি) -বি. বিড়াল

মৈল = (স্থা.মু.) -বি. ময়লা

মৈলা = (স্থা) -বিণ. ময়লা

মৈশ = (অভি) -বি. ছাই

মৈশনা = (অভি) -বি. তিসি, অজ্ঞাতমূল

মোইদ্দ = (অভি) -বি. মধ্য

মোক = (স্থা) -সর্ব. আমাকে, সং. অস্মদ্ > মমক > মোক

মোকটা = (স্থা) -বিণ. মোটা, তামিল, মোট্টই > মোটে > মোটা + ক

মোছোমান = (স্থা) -বি. মুসলমান

মোডা = (অভি) -বিণ. মোটা, তামিল, মোট্টই > মোটে > মুটা; মোডা

মোথা = (স্থা) -বি. কচুর মূল

মোন্জা = (স্থা) -ক্রি. বন্ধকরা

মোম্নু = (স্থা) -ক্রি. অভিশাপ

মোশ = (স্থা.মু.) -বি. ছাই, সং. মষ্+ই (বাং কালি, ছাইও অনুরূপ কালো)

মোশা = (স্থা) -বি. মশা, সং. মশক > প্রা. মসঅ > মোশা

ম্যাক্ = (স্থা) -বিণ. মেঘ, সং. মেঘ

ম্যাপ্ = (অভি) -বি. মেঘ, সং. মেঘ

ম্যায়া = (অভি) -বি. মেয়ে; স্ত্রীলোক

ম্যালায় = (অভি) -বিণ. অনেক

ম্যাশ্তরি = (অভি) -বি. মিস্ত্রী

র

র = (অভি) -ক্রি. অপেক্ষা করা

রাইক্কোশ = (অভি) -বি. রাক্ষস

রাইং = (অভি) -বি. ভাতের হাঁড়ি, অজ্ঞাতমূল

রাইজজ্জের = (অভি) -বিণ. অধিক অর্থে

রাংতা = (অভি) -বি. হলুদ

রাত্তির = (অভি) -বি. রাত্রি, সং. রাত্রি > রাত্তির

রাম = (স্থা) -বি. আম, সং. আম্র > প্রা. আম্ব > আম

রুইত = (অভি) -বি. বড় রুই, সং. রোহিত

রুশাইঘর = (অভি) -বি. রান্নাঘর, হি. রসুই > রোশি + গর < ঘর < সং. গৃহ

রোশিঘর = (অভি) -বি. রান্নাঘর, হি. রসুই > রোশি + গর < ঘর < সং. গৃহ

ল

লক = (স্থা.মু) -বি. চুপ

লগা = (অভি) -বি. নৌকা বাওয়া বাঁশের দণ্ড

লগে = (অভি) -বি. সংগে

লাইগা = (অভি) -অব্য. জন্য

লাগাইনা = (অভি) -বিণ. প্ররোচক

লাডি = (অভি) -বি. লাঠি, সং যষ্ঠি > প্রা. লট্ঠি > লাঠি > নাঠি > লাডি

লাদনা = (স্থা) -বি. মোটা লাঠি

লাধেনা = (স্থা) -বি. মোটা লাঠি

লালঠা = (স্থা) -বি. লোভী

লাহান = (অভি) -অব্য. মতো

লাহারি = (স্থা) -বি. মুড়ি

লিল = (স্থা) -বিণ. নীল, সং. নীল

লুচকা = (স্থা) -বিণ. গাল বিশেষ, ফা. লুচা

লুড়ি = (অভি) -বি. ন্যাকড়া

লুদুন = (অভি) -বি. ন্যাকড়া
লে = (স্থা.মু) -ক্রি. নাও
লেতুর = (অভি) -বিণ. ময়লা
লেরি = (অভি) -বি. গুগলি
লোপ = (স্থা.মু) -বি. আঙুল
ল্যাটর খ্যাটর = (অভি) -বিণ. এলোমেলো
ল্যাল্হা = (স্থা) -বিণ. হাবাগোবা

শ

শইজনা = (অভি) -বি. সজনে
শইশা = (স্থা) -বি. সর্ষে, সং. সর্ষপ > প্রা. সরিসয
শও = (স্থা) -বিণ. একশো, সং শতম্
শওদা = (স্থা) -বি. পণ্যক্রয়, ফা. সওদা
শক্রি = (অভি) -বিণ. উচ্ছিষ্ট
শজেনা = (স্থা) -বি. সজনে
শটাৎ = (স্থা) -বিণ. শীঘ্র
শড়ান = (স্থা) -বি. রাস্তা, দেশীমূল
শৎবহিন = (স্থা) -বি. সৎবোন, সং. সৎ + বহিন > বহিনী প্রা. < ভগিনী সং
শবকার = (অভি) -বি. ফোড়ন
শপ = (উভ) -বি. মাদুর
শপোতে = (স্থা) -বি.শপথ, সং. শপথ
শবুচ = (স্থা) -বি. সবুজ
শম্ = (স্থা) -বি. সোম (বার)
শমাই = (স্থা) -বি. সময়
শয় = (অভি) -বিণ. ছয়
শরিল = (উভ) -বি. শরির, সং. শরীর > শরীল
শরুন = (অভি) -বি. ঝাড়ু/ সরু
শল্কা = (স্থা) -বিণ. সহজ
শলোক = (স্থা) -বিণ. আলো রয়েছে এমন
শল্শল্ = (স্থা) -বিণ. লম্বা
শাইনচা = (অভি) -বিণ. চালের জল যেখানে পড়ে

শাউকারি = (উভ) -বিণ. সাধুগিরি

শাউত = (উভ) -বিণ. সাধু

শাগাই = (স্থা) -বি. দম্পতির ভাই বোনদের সম্পর্ক, অজ্ঞাতমূল

শাজনা = (অভি) -বি. সজনে

শাজা পারা = (অভি) -ক্রি. সাজ গোজ করা

শাজো = (স্থা) -বিণ. তাজা, ফা. সাজা > শাজো (এইমাত্র প্রস্তুত অর্থে)

শান্দ্রেব্যালা = (স্থা) -বিণ. সন্ধ্যা, সং. সন্ধ্যা

শাটিমাচ = (স্থা) -বি. লাটা মাছ, অজ্ঞাতমূল + সং মৎস্য

শাট্টিফিট্ = (স্থা) -বি. সার্টিফিকেট, ইং, Certificate

শাত্তিরিশ = (অভি) -বিণ. সাঁয়ত্রিশ, সং. সপ্তত্রিংশৎ

শাত ভাতারী = (স্থা) -বিণ. গালি, সং. সপ্ত + প্রা. সত্ত > শাত + ভাতারী < ভর্তৃ সং.

শাতাও = (স্থা) -বি. অবিশ্রন্ত বৃষ্টি, সং. সপ্তম্ > প্রা. সত্ত > শাত + আও

শাতারো = (অভি) -বিণ. সতেরো, সং. সপ্তদশ

শাতার = (অভি) -বি. অবিশ্রান্ত বৃষ্টি

শাত্তো = (স্থা) -বিণ. সাত সকাল, সং. সপ্ত > শাত্তো + পোহাত < প্রভাত

শাদনা = (স্থা) -বিণ. অভ্যাস; সাধনা

শানটা = (স্থা) -ক্রি. ঝাড়দেওয়া

শাপান = (অভি) -বি. সাবান

শাফান = (অভি) -বি. সাবান

শামুক কল = (স্থা) -বি. পরিযায়ি পাখি

শায়েশ্তাবান = (অভি) -বিণ. স্বাস্থ্যবান

শারাপ = (স্থা) -বি. সার্ফ

শারুভাই = (স্থা) -বি. ভায়রা

শালুম = (অভি) -বি. বাতাবি লেবু

শালোন = (অভি)-বি. তরকারি

শাশপাতাল = (অভি)-বি. হাসপাতাল, ইং, Hospital

শাশোনো = (স্থা) -বি. শাসন

শাহার = (স্থা) -বি. সার

শিক্রেট্ = (স্থা) -বি. সিগারেট, ইং. Cigarette

শিকাই = (স্থা) -বি. তাগা

শিকিনী = (স্থা) -বি. শকুন

শিকিরি = (স্থা) -ক্রি. নাক ঝারা
শিগিনি = (স্থা) -বিণ. শকুন
শিংরি = (স্থা) -বিণ. শিউরে ওঠা
শিং = (অভি) -বি. শিঙ্গি, সং. শৃঙ্গী
শিঙগা = (স্থা) -বি. পাটখড়ি
শিঙগান = (স্থা) -বি. নাকের প্যাটা
শিঙগিরি = (স্থা) -বিণ. শিউরোনো
শিঙ্জো = (স্থা)-ক্রি উপার্জন করা
শিঝা = (স্থা.মু) -বিণ. সেদ্ধ
শিটকা = (স্থা) -বিণ. পাতলা ও লম্বাটে
শিতান = (স্থা) -বি. বালিশ, সং. শির-স্থান > শিথান > শিতান
শিথান = (স্থা) -বি. বালিশ
শিদল = (স্থা) -বি. শুটকি মাছ ও কচুশাকের এক প্রকার মণ্ড
শিলা = (স্থা) -বিণ. সোজা; সহজ
শিদা = (স্থা) -বিণ. সোজা, হি. সীধা
শিনা = (স্থা) -বি. বুক, ফা. সীনহ্
শিয়ালগান্জা = (স্থা) -বি. চোরকাঁটা
শিয়ালগাঞ্জিয়া = (স্থা) -বি. চোরকাঁটা
শিলশিল = (স্থা) -বিণ. একনাগারে প্রবাহিত
শিয়্যানা = (স্থা.মু) -বি. সজ্ঞান
শিলবর কাপ = (উভ) -বি. শিলর্ভার কার্প, ইং. Silver Carp
শিল মশায় = (অভি) -বি. নাপিত, সং নাপিত + আ
শিলাই = (স্থা) -বি. সেলাই, হি. সিলাঈ
শিল্লক = (স্থা.মু) -বি. স্ত্রীলোক
শুক = (অভি) -বি. শোক
শুক্ = (স্থা) -বি. সুখ
শুকতি = (স্থা) -বি. শুকনো পাট শাক
শুকন = (স্থা) -বিণ. শুকনো
শুকর = (স্থা) -বি. শুক্র(বার) শোটা = (স্থা) -বি. সোডা, ইং. Soda
শুঙ্গা পোকা = (স্থা) -বি. শূক যুক্ত কীট, সং. শুঙ্গ + আ + পোকা < সং. পুলক
শুটকরি = (স্থা) -বিণ. চুপিচুপি

শুটকা = (স্থা) -বিণ. পাতলা, সং. শুষ্ক

শুড়াপুকা = (মু) -বি. শূক যুক্ত কীট, সং. শুঙ্গ + আ > শুড়া + সং পুলক

শুনদা = (অভি) -বিণ. সমস্ত

শুদায় = (স্থা) -বিণ. শুদ্ধ

শুন্দার = (অভি) -বিণ. সুন্দর

শুপরি = (স্থা) -বি. সুপারি, আ. সফর + ই = সফরি > শপরি

শুবরি = (অভি) -বিণ. সুপারি, আ. সফর + ই = সফরি > শপরি

শুল্অ = (অভি) -বিণ. ষোল, সং. ষোড়শ

শুল্কুৎ = (স্থা) -বিণ. হাত ফসকে পড়ে যাওয়া

শুল্টি = (স্থা) -বিণ. সংকীর্ণ তম স্থান

শুলুংশুলুং = (স্থা) -বিণ. কাজে ফাঁকির মতলবে ঘুরেবেড়ানো

শেঠি = (স্থা) -সর্ব. সেখানে

শেহানে = (অভি) -সেখানে

শৈল = (অভি) -বি. শরীর, সং. শরীর

শোইল = (উভ) -বি. শরীর, সং. শরীর

শোউল = (উভ) -বি. শোল, সং. শকুল > প্রা. সউল

শোংরা = (স্থা) -বি. মিতা, অজ্ঞাতমূল

শোজ্জ = (স্থা) -বি. সহ্য

শোকড়ি = (স্থা) -ক্রি. সরে যাওয়া

শোড়া = (স্থা) -ক্রি. ঝাড় দেওয়া

শোত = (স্থা) -বি. স্রোত

শোত্তিরিশ = (অভি) -বিণ. ছত্রিশ, সং. ষট্‌ত্রিংশৎ

শেতলা = (অভি) -বি. শেওলা

শোতোরে = (স্থা) -বিণ. মানুষের ঢল

শোদ্যম = (স্থা) -বিণ. সমস্ত

শোন্দা = (স্থা) -বি. সন্ধ্যা, সং. সন্ধ্যা

শোবরি = (অভি) -বি. পেয়ারা, আ. সফর + ই (প্রত্যয়), ফ > ব

শোমায় = (অভি) -বি. সময়

শোয়ামি = (অভি) -বি. স্বামী, সং. স্বামী > শোয়ামি

শোয়াশ = (স্থা) -বি. শশা, দেশিমূল

শোল = (স্থা) -বি. শরীর, সং. শরীর

শোলুম = (অভি) -বি. বাতাবি, অজ্ঞাতমূল
শোশা = (স্থা) -বি. শাশা, দেশিমূল
শোহুল = (স্থা) -বি. শোল, সং. শকুল > প্রা. সউল > শোউল; শোহুল
শোহোত্তর = (স্থা) -বিণ. সত্তর, সং. সপ্ততি
শ্যাওন = (অভি) -সর্ব. তখন,
শ্যাকা = (স্থা) -বি. শাঁখা
শ্যাটা = (অভি) -বি. মলদ্বার (গালি অর্থে)
শ্যাতেরান = (স্থা) -বি. প্রহার
শ্যার-পল্লি = (স্থা) -বি. দাড়ি-পাল্লা
শ্যারপতি = (অভি) -বি. চুন
শ্যারপৈরান = (অভি) -বি. পাল্লা বাটখারা
শ্যালু = (অভি) -বি. শ্যালো, ই. Shallow

হ

হকর বকর = (স্থা) -বিণ. তড়িঘড়ি
হকুন = (অভি) -বি. শকুন, শক্ + উন > শকুন > হকুন
হক্কাল = (অভি) -বি. সকাল, সং. সুকাল > হক্কাল
হগল = (স্থা) -বিণ. সমস্ত
হৎ = (স্থা) -বিণ. সৎ
হৎবাই = (অভি)-বি. সৎভাই, সং. সৎ + ভাই প্রা. < ভ্রাতা সং.
হৎবুন = (অভি) -বি. সৎবোন, সং. সৎ + বুন < বহিনী; প্রা. < ভগিনী
হৎমা = (অভি) -বি. সৎমা, সং. সৎ + মা < মাআ প্রা. < মাতা সং.
হতায়ু = (অভি) -বিণ. শতায়ু
হত্তুর = (অভি) -বি. শত্রু, সং. শত্রু > শতরু > শত্তুর > হত্তুর
হলকা = (অভি) -বি. খুব ছোট, ছোট, মাঝারি রুই, অজ্ঞাতমূল
হাইতার = (অভি) -বি. হাতিয়ার, হি. হথিয়ার
হাইশা = (অভি) -বি. হাশুয়া, অজ্ঞাতমূল
হাউ খাওয়া = (স্থা) -ক্রি. ভয় পাওয়া
হাউড়ি = (অভি) -বি. শাশুড়ি
হাউস = (স্থা) -বি. শখ

হাওজা = (স্থা) -বি. আবর্জনা

হাঁশি = (অভি) -বি. হাওয়া, অজ্ঞাতমূল

হাক = (অভি) -বি. শাক

হাকা = (স্থা) -বিণ. হাওয়া করা

হাকাবাকা = (স্থা) -বিণ. তাড়াতাড়ি

হাখুর খাকুর = (স্থা) -বিণ. খাওয়ার তর সয় না এমন

হাগুরা = (স্থা) -বিণ. ঘন ঘন মল ত্যাগ করে যে

হ্যাগ্যা মল্লের ব্যাটা = (স্থা) -অব্য. সম্মানার্থে সম্বোধন, দেশিমূল

হাচা = (অভি) -বিণ. সত্য, সং. সত্য > প্রা. সচ্চ > হি, সাচ > হাচা

হাটি = (স্থা) -অব্য. হাগো, নারি মহলে ব্যবহৃত অজ্ঞাতমূল

হাটুয়া = (মু.) হাঁটু, সং. অষ্ঠীবৎ

হাটে = (স্থা) -অব্য. হাগো

হাট্যা = (স্থা) -বি. হাঁটু সং. অষ্ঠীবৎ

হাড়িকেচকেচি = (স্থা) -বি. বাঁশ ঝোপের পাখি বিশেষ

হাড্ডি = (উভ) -বি. হাড়, সং. হড্ড

হাড়ি = (অভি) -বি. ছোট কলসী, দেশিমূল

হাড়োং = (স্থা) -বি. মাচা

হান্টা = (স্থা) -বিণ. যুক্তি মানেনা এমন ব্যক্তি

হাতার = (স্থা) -বি. হাতিয়ার, হি. হথিয়ার

হাতার = (অভি) -বি. সাঁতার

হাতাল = (অভি) -বি. সাঁওতাল

হাবো = (স্থা) -অব্য. হে, দেশিমূল

হামাক = (স্থা) -সর্ব. আমাকে, সং. অহম্ > হাম + আ + ক

হামরা = (স্থা) -সর্ব. আমরা, সং. অস্মদ্ > অহম্ > হামি + রা

হামকুড়া = (স্থা) -বি. হামাগুরি

হার = (অভি) -বি. সার

হারকিন = (স্থা) -বি. হ্যারিকেন, ইং. Hurricane

হ্যারিকল = (অভি) -বি. হ্যারিকেন, ইং. Hurricane

হারা = (স্থা) -সর্ব. আমরা, সং. অস্মদ্ > অহম্ > হা(ম-লোপ) + রা = হারা

হার‍্যে = (স্থা)-অব্য. হ্যারে (অজ্ঞাতমূল)

হালজাত্রা = (স্থা) -বি. শারদীয়ায় শুভযাত্রা সূচক আচার

হালট = (অভি) -বি. রাস্তা, অজ্ঞাতমূল

হালা = (অভি) -বি. শ্যালক, সং. শ্যালক > প্রা. সালাজ > শালাঅ > (স:>:হ) = হালা

হালি = (অভি) -সর্ব. শ্যালিকা, সং. শ্যালী > প্রা. সালী > শালি > হালি

হালা বউ = (অভি) -বি. শ্যালক-স্ত্রী, সং. শ্যালক > প্রা. সালাঅ > হালা

হালিক = (অভি) -বি. শালিক, সং. শারিকা

হাশ্তা = (স্থা) -ক্রি. হাতড়ানো

হাশা = (অভি) -বি. হাওয়া, অজ্ঞাতমূল

হাশালঘর = (স্থা) -বি. রান্নাঘর, সং. হৰ্ি > হাঁড়ি + শালা + ঘর

হাশুড়ি = (অভি) -বি. শাশুড়ি, সং. শ্বশুর + উড়ী > শ্বাশুড়ি > হাশুড়ি

হিড হিড = (স্থা) -বিণ. শক্ত

হিতান = (অভি) -বি. বালিশ, সং. শিরস্থান > শিথান > হিতান

হিথান = (অভি) -বি. বালিশ

হিম্মত = (উভ) -বি. সাহস, আ. হিম্মত

হিয়াল = (অভি) -বি. শেয়াল, সং. শৃগাল

হিয়াল = (স্থা) -বি. শীত, সং. শীতল > শিয়ল > হিয়াল

হিরি ডিকি = (স্থা) -বিণ. পরিপূর্ণ রূপে

হুক্কুরুম = (স্থা) -বি. ষাঁড়

হুড়া = (উভ) -বি. গুতো

হুডুম = (অভি) -বি. মুড়ি, সং. হুডুম্ব > হুডুম

হুদাহুদি = (অভি) -বি. শুধুশুধু

হুমাল = (অভি) -বি. টের পাওয়া,

হুরিয়া = (স্থা) -বিণ. অচল

হে = (অভি) -সর্ব. সে, সং. অসৌ

হেই = (স্থা) -অব্য. বিরক্তি সূচক অব্যয়

হেইনে = (অভি) -সর্ব. সেখানে, প্রা. বাং সো > শে > হে + ইনে

হেডারা = (অভি) -সর্ব. ওরা, সং. অসৌ

হেয়াল = (স্থা) -বি. শীত, সং. শীতল > শিয়ল > হিয়াল > হেয়াল

হেরা = (অভি) -সর্ব. ওরা, সং. অসৌ

হেলা = (স্থা) -বি. সাঁতার

হোইল = (অভি) -বি. শোলমাছ, সং. শকুল > প্রা. সউল > হোল; হোইল

হোউর = (অভি) -বি. শ্বশুর, সং. শ্বশুর > হোউর

হোক্‌লা = (স্থা) -বি. বাঁশের অঙ্কুর

হোন্দা = (অভি) -বিণ. সন্ধ্যা, সং. সন্ধ্যা

হোরশা = -বি. সর্ষে, সং. সর্ষপ > প্রা. সরিসষ

হোল = (অভি) -বি. শোলমাছ, সং. শকুল > প্রা সউল > হোল

হোল = (স্থা) -ক্রি. হল

হোলদিয়া = (স্থা) -বিণ. হলদে, সং. হরিদ্রা > হলিদ্দা > হোলদি + আ

হোশা = (অভি) -বি. শশা, দেশিমূল

হোশ্‌কা = (অভি) -বি. সর্ষে, সং. সর্ষপ > প্রা. সরিসষ

হোশুর = (অভি) -বি. শ্বশুর, সং. শ্বশুর > হোশুর

হোমিন্দি = (অভি) -বি. সম্বন্ধি, সং. সম্বন্ধী > শোমোন্দি > হোমোন্দি

হোলদা = (স্থা) -বিণ. হলুদ, সং. হরিদ্রা > হলিদ্দা > হোলদা

হ্যাক্‌কা-ব্যাক্‌কা = (স্থা) -বিণ. আঁকাবাঁকা

হ্যাক্‌কের-ব্যাক্‌কের = (স্থা) -বিণ. কোনো রকমে

হ্যাক্‌রা = (স্থা) -বিণ. সহজে আদেশ পালন করেনা যে

হ্যাঙ্গামো = (স্থা) -বিণ. ঝামেলা

হ্যাচ্‌লা = (স্থা) -বি. খড়ের দড়ি

হ্যাটটা-উচল = (স্থা) -ক্রি. নাড়া দেওয়া

হ্যাদ্‌দো = (স্থা) -অব্য. আশ্চর্য হয়ে যাওয়া

হ্যারে = (অভি) -সর্ব. তাকে

হ্যাশ্‌কারি = (স্থা) -বিণ. কাজে

গ্রন্থে ব্যবহৃত বর্ণ, সংকেত ও চিহ্ন

অব্য. = অব্যয়

আ. = আরবি

ওড়ি = ওড়িয়া

তুর. = তুর্কি,

প্রা. = প্রাকৃত

ফা. = ফারসি

বিণ. = বিশেষণ

সং. = সংস্কৃত

স্থা. = স্থানীয়

হি. = হিন্দি

আ < ই = 'ই' থেকে 'আ' উৎপন্ন

অভি. = অভিবাসিত

ইং. = ইংরাজি

ক্রি. = ক্রিয়া

পোর্তু. = পোর্তুগিজ,

প্রা. বাং. = প্রাচীন বাংলা,

বি. = বিশেষ্য

মু. = মুসলিম

সর্ব. = সর্বনাম

স্থা. মু. = স্থানীয় মুসলিম

হিঃ = হিন্দু

অ > ই = 'অ' থেকে 'ই' উৎপন্ন

মালদহের ভাষা সম্পর্কে ভাষাতাত্ত্বিকদের আগ্রহ সুপ্রাচীন কাল থেকেই। গ্রীয়ারসন সর্বপ্রথম তাঁর 'Linguistic Survey of India' নামক গ্রন্থ রচনার সুবাদে মালদহের ভাষা জরিপ কালে মালদহের বৈচিত্রময় ভাষা লক্ষ করে অভিভূত হন এবং বিস্ময় প্রকাশ করেন। কারণ বিভিন্ন জাতি-উপজাতির মানুষের বসবাস এবং তাদের ভাষা ব্যবহার এই অঞ্চলে একটি বৈচিত্রশীল সংস্কৃতি ও সমাজ-ভাষিক পরিবেশ তৈরি করেছে। পাশাপাশি বাংলাদেশের স্বাধীনতাকালে দলে দলে ওপার বাংলার মানুষ এপার বাংলায় অভিবাসিত হয়। আর বাসস্থানের এই পালাবদলকে কেন্দ্র করে পূর্বতন ভাষা ও সংস্কৃতির আরও পরিবর্তন ঘটে। এই পরিবর্তন ও পরিমার্জন ইত্যাদি নিয়ে এই অঞ্চলের বাংলা ভাষা সম্পূর্ণ এক নতুন দিকের সূচনা করেছে।

প্রসঙ্গক্রমে মনে থাকতে পারে, উইলিয়াম কেরী তাঁর 'কথোপকথন' গ্রন্থের পরিকল্পনা ভাষা সংগ্রহের যে উদ্যোগ গ্রহণ করেছিলেন তার সূত্রপাত হয়েছিল বরেন্দ্রভূমির মদনাবতী থেকেই। সে দিক থেকে এই অঞ্চলের ভাষা ও শব্দ সুদূর অতীত থেকে বর্তমান কাল এবং ভবিষ্যতের ভাষা গবেষকদের কৌতূহলের তীর্থক্ষেত্র। আর এই কৌতূহল থেকেই এ গ্রন্থের অবতারণা, যা আগামী গবেষকদের উপভাষা সংগ্রহ ও বিশ্লেষণে বিশেষ অনুপ্রেরণা যোগাবে বলে বিশ্বাস করি।

বঙ্গীয় সাহিত্য সংসদ

9789382012856